




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 5 Augest, 2023 ■ আগরতলা ৫ আগষ্ট ২০২৩ ইং ■ ১৯ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# ডেঙ্গুর পর রাজ্যে চোখ রাঙাচ্ছে জাপানি এনক্যাফেলাইটিস, আক্রান্ত একজন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** ডেঙ্গুর পর এবার রাজ্যে জাপানী এনক্যাফেলাইটিস রোগে আক্রান্ত এক। জানালেন স্বাস্থ্য সচিব দেবাশিস বসু। ইতিমধ্যেই রাজ্যে ডেঙ্গুর প্রকোপে আতঙ্কে সাধারন জনগণ। তার মধ্যে নতুন এই ভাইরাসের খবরে রীতিমত আতঙ্ক ছড়িয়েছে। জাপানী এনক্যাফেলাইটিসে আক্রান্ত ওই ব্যক্তি টিএমসি হাসপাতালে ভর্তি আছেন বলে জানিয়েছেন স্বাস্থ্য সচিব।



রাজ্যে ১৫৭ জন ইতিমধ্যেই ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন। ডেঙ্গুর বর্তমান পরিস্থিতি নিয়ে শুক্রবার মহাকরনে মুখ্যমন্ত্রী ডা মানিক সাহার নেতৃত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব দেবাশিস বসু সহ অন্যান্য স্বাস্থ্য আধিকারিক সহ পুর নিগমের আধিকারিকরা। এদিন স্বাস্থ্য সচিব জানিয়েছেন, ইতিমধ্যেই ডেঙ্গু প্রতিরোধে সবরকম ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। বিশেষ করে আরবান এবং গ্রামীণ এলাকাগুলিতে ফগিং এর ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও রবিবারকে ড্রাই ডে হিসেবে ঘোষণা করা হয়েছে। ওইদিন নিজ নিজ বাড়ীর এলাকায় সমস্ত জমা জলের উৎস যাতে পরিস্কার করা হয় সেই উদ্যোগ গ্রহন করা হয়েছে। এছাড়াও রাবার বাগানগুলির দিকেও বিশেষ নজর দিচ্ছে স্বাস্থ্য দপ্তর দপ্তর। রাবার বাগানে কর্মরত শ্রমিকরা যেন ডেঙ্গুতে আক্রান্ত না হয় তার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহন করা হচ্ছে বলে জানা গেছে। রাবার বাগানে রাবার সংগ্রহের জায়গায় অনেক সময় জল জমে থাকে। সেখানে মশার লার্ভা পাওয়া যায়। সেই জায়গাগুলিকে পরিস্কার করার উদ্যোগ গ্রহন করা হয়েছে। পাশাপাশি যারা রাবার বাগানে কাজ করেন তারা যেন জামা কাপড় পড়ে বাগানে যায় সেই বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে বলে জানিয়েছেন দেবাশিস বসু। এদিকে যারা হাসপাতালে ভর্তি হচ্ছেন তাদের ডেঙ্গু পরীক্ষার রিপোর্ট যেন বিকেল ৪ টার মধ্যে দিয়ে দেওয়া যায় সেই বিষয়েও ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

## ডেঙ্গু মৃত্যু অস্বীকার দপ্তরের

পুর নিগম এলাকায় এখনো ডেঙ্গু আক্রান্তের খবর না মিললেও স্বাস্থ্য দপ্তর প্রত্যেক এলাকায় ফগিং জারি রেখেছেন বলে এদিন বৈঠক থেকে জানা গেছে। এদিকে রাজ্যে ডেঙ্গুতে একজনের মৃত্যুর খবর মিললেও দপ্তর এবারে নিশ্চিত কিছুই জানায় নি।

এদিকে রাজ্যের পাহাড়ি জনপদে বিশেষ করে ধলাই জেলার প্রত্যন্ত গ্রামে হু হু করে বাড়ছে ম্যালেরিয়া ও ডাইরিয়ায় আক্রান্তের সংখ্যা। এদিকে সোনামুড়া মহকুমা স্বাস্থ্য আধিকারিক সুত্রে জানা গেছে ১৫ জন ভর্তি হয়েছে শুক্রবার। তার মধ্যে ৫ জনের শরীরে পাওয়া গেছে ডেঙ্গুর জীবাণু। জ্বর নিয়ে ভর্তি ৫৩ জন ওই হাসপাতালে। বিশালগড়ে নতুন করে শুক্রবার কোনো আক্রান্তের খবর নেই। মোহন পুর হাসপাতালে প্রচুর পরিমাণে জ্বরের রোগী ভর্তি বলে হাসপাতাল সুত্রে খবর।

## নিগম এলাকায় নজরদারী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** আগরতলা পুর নিগমের পক্ষ থেকে ডেঙ্গু মোকাবিলায় যাবতীয় ব্যবস্থা গ্রহন করছে পুর নিগম। শুক্রবার সমস্ত আধিকারিকদের নিয়ে বৈঠকে বসেছেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

রাজ্যে চোখ রাঙ্গাচ্ছে ডেঙ্গু। গত কয়েকদিনে ডেঙ্গু সোনামুড়া মহকুমার ধনপুরে ব্যাপক প্রভাব বিস্তার করেছে। এছাড়াও গত দু একদিনের মধ্যে ডেঙ্গু প্রভাব ফেলেছে অন্যান্য মহকুমায়। তবে এখন পর্যন্ত সরকারিভাবে আগরতলা পুর নিগম এলাকায় ডেঙ্গু আক্রান্ত হওয়ার কোনো খবর নেই।

তারপরও আগরতলা পুর নিগমের পক্ষ থেকে বিশেষ ব্যবস্থাপনা গ্রহণ করা হয়েছে। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সি.এম.ও -র সাথে কথা বলে শুক্রবার আগরতলা পুর নিগমের কনফারেন্স হলে কর্পোরেটরদের সাথে বৈঠক করেছেন। ☞ ৬ এর পাতায় দেখুন

## ডেঙ্গু, ব্যর্থ দপ্তর ঃ আশীষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** ডেঙ্গুর সঙ্গে লড়তে ব্যর্থ মহকুমা হাসপাতাল গুলি। তাই রোগীকে রেফার করতে হচ্ছে জিবিপি হাসপাতালে। মহকুমা হাসপাতাল গুলিতে সঠিক পরিষেবা নেই বলে অভিযোগ করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা।


রাজ্যে প্রভাব বিস্তার করছে ডেঙ্গু। ডেঙ্গু নিয়ে উদ্বেগ প্রকাশ করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। তিনি বলেন যদি জেলা হাসপাতাল গুলিতে স্বাস্থ্যপরিসেবা উন্নত হতো তাহলে প্রধান রেফারেল হাসপাতালে রেফারের প্রয়োজন হতো না। এতে বোঝা যায় রাজ্যে স্বাস্থ্যকর্মী এবং চিকিৎসকের অভাব রয়েছে। তিনি সরকারের উদ্দেশ্যে দাবি জানিয়েছেন, স্বাস্থ্য ক্ষেত্রে যেসব দুর্বলতা রয়েছে সেগুলি সমাধান করে পরিকাঠামো উন্নত করা দরকার। ডেঙ্গু আতঙ্ক থেকে অবিলম্বে মানুষকে স্বস্তি দেখাযায় তার জন্য মুখ্যমন্ত্রী অর্থাৎ স্বাস্থ্যমন্ত্রীকে যা যা করার তা করা প্রয়োজন। ☞ ৬ এর পাতায় দেখুন

## মোদী পদবী পরিবর্তন মামলায়

# সুপ্রীম কোর্টের রায়ে স্বস্থি পেল রাহুল

**নয়াদিল্লি, ৪ আগস্ট (হি.স.):** মোদী পদবি অবমানন মামলায় সুপ্রিম কোর্টে বড়সড় স্বস্তি পেলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। বিচারপতি আরএস গাভাই এবং বিচারপতি পিকে মিশ্রের বেঞ্চ শুক্রবার রাহুলের দু'বছরের জেলের সাজার উপর স্থগিতাদেশ দিয়েছে। ফলে এ সংক্রান্ত সুরাত আদালতের রায় আপাতত কার্যকর হচ্ছে না। রাহুলকে সতর্ক করে শীর্ষ আদালত বলেছে, 'কোনও সন্দেহ নেই যে শব্দগুলি ভাল রুচির নয়, জনসাধারণের সামনে বক্তৃতা দেওয়ার সময় সতর্কতা অবলম্বন করবেন বলে আশা করা হচ্ছে।' রাহুলের আরও সতর্ক হওয়া উচিত বলে মন্তব্য সুপ্রিম কোর্টের।

অপরাধমূলক মানহানি' মামলায় দোষী সাব্যস্ত রাহুলের দু'বছর জেলের যে সাজা গত ২৩ মার্চ সুরাত ম্যাজিস্ট্রেট আদালত দিয়েছিল, তার উপর স্থগিতাদেশ চেয়ে রাহুলের আবেদন গত ৭ জুলাই খারিজ করে দিয়েছিল গুজরাত হাইকোর্ট। গুজরাত হাই কোর্টের আগে সুরাতের দায়রা আদালতও সাজার রায় বহাল রেখেছিল। সেই সাজার রায়ের উপর স্থগিতাদেশ চেয়ে ১৭ জুলাই রাহুলের আইনজীবী শীর্ষ আদালতে আবেদন জানিয়েছিলেন। রাহুলের আইনজীবী অভিষেক মনু সিঙ্ঘভির তরফে আবেদনে বলা হয়, "যদি গুজরাত হাই কোর্টের ৭ জুলাইয়ের রায় স্থগিত না করা হয়, তবে তা বাক্‌স্বাধীনতা, মতপ্রকাশ, স্বাধীন চিন্তাভাবনার কণ্ঠরোধের পরিবেশ তৈরি করবে।" উল্লেখ্য, ২০১৯ সালের লোকসভা ভোটের প্রচারের সময় কর্নাটকের কোলারে 'মোদী' পদবি তুলে আপত্তিকর মন্তব্যের দায়ে গত ২৩ মার্চ গুজরাতের সুরাত ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক এইচএইচ বর্মা দু'বছর জেলের সাজা দিয়েছিলেন রাহুলকে। গুজরাতের প্রাক্তন মন্ত্রী তথা বিজেপি বিধায়ক পূর্ণেশ মোদীর দায়ের করা ওই 'অপরাধমূলক মানহানি' মামলায় দোষী রাহুলের জামিনের আবেদন মঞ্জুর করে রায়ের বিরুদ্ধে উচ্চতর আদালতে আবেদনের জন্য তাঁকে ৩০ দিন সময় দিয়েছিলেন বিচারক। সুরাত ম্যাজিস্ট্রেট আদালতের রায়ের ভিত্তিতে ২৪ মার্চ লোকসভার স্পিকার ওম বিড়লা ভারতীয় সংবিধানের ১০২(১)-ই অনুচ্ছেদ এবং জনপ্রতিনিধিত্ব আইন (১৯৫১)-র ৮(৩) নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাহুলের সাংসদ পদ খারিজ করেছিলেন।



# কর্ণাটকের পর এবার হিজাব বির্তকে ত্রিপুরা

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ৪ আগষ্ট।।** শুক্রবার সকাল থেকে হিজাব বিতর্কে উত্তপ্ত ছিল গোটা বিশালগড়। কর্নাটকে হিজাব বিতর্ক গড়িয়েছিল সুপ্রীম কোর্ট পর্যন্ত। এবার সেই হিজাব বিতর্ক রাজ্যে। বিশালগড়ের একটি বিদ্যালয়ে সংখ্যালঘু অংশের ছাত্রীদের হিজাব পড়াকে কেন্দ্র করে উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি হয় শুক্রবার সকালে। বিশালগড়ের কড়ইমুড়া সংখ্যালঘু অধ্যুষিত এলাকা। সেই সুবাদে এই এলাকার ঐতিহ্যবাহী পুরনো বিদ্যালয় কড়ইমুড়া দ্বাদশ শ্রেনী বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সিংহভাগই সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত। আর সেই কারনেই এই বিদ্যালয়ের অধিকাংশ ছাত্রীরা হিজাব পরেই বিদ্যালয়ে আসে। ধর্মীয় রীতি অনুসারে মুসলিম মহিলারা মাথায় হিজাব পরে থাকে। কিন্তু গত কয়েকদিন পূর্বে এই বিদ্যালয়ে বিশ্ব হিন্দু পরিষদের পক্ষ থেকে একটি লিখিত মেমোরেন্ডাম জমা করা হয়। যেখানে বিদ্যালয়ে ছাত্রিদের হিজাব পরার উপর নিষেধাজ্ঞা জারি করার আর্জি জানানো হয়। বিদ্যালয় কর্তৃপক্ষ প্রাতিষ্ঠানিকভাবে এই বিষয়ে কোন নির্দেশ জারি না করলেও অনেক ছাত্রের অভিযোগ স্কুলের প্রধান শিক্ষক এই বিষয়ে ছাত্রিদের মৌখিক নির্দেশ প্রদান করেছেন। এরমধ্যে হঠাৎ করেই শুক্রবার স্কুল শুরু হবার সময়ে স্কুল ফটকে হিজাব পরে আসা ছাত্রীদের বাধা প্রদান করে কতিপয় যুবক। তারা বিশ্বহিন্দু পরিষদের কিনা সেই বিষয়ে সঠিক তথ্য নেই। ছাত্রিদের বাধাদানকালে স্কুলের অপর এক ছাত্র বাধা দান করলে সেই ছাত্রকে শারীরিক ভাবে নিগ্রহ করে বহিরাগত যুবকেরা। পরে এই বিষয়কে কেন্দ্র করে উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি হয় বিদ্যালয় চত্বরে। স্কুলের ছাত্রছাত্রী সহ এলাকার অভিভাবকরা স্কুলের সামনেই রাস্তা অবরোধে বসে। তবে এই ঘটনার কেন্দ্রবিন্দুতে রয়েছে হিজাব বিতর্ক। এখন প্রশ্ন হচ্ছে বিদ্যালয়ে হিজাবে সরকারিভাবে কোন নিষেধাজ্ঞা জারি করা হয়নি। বিদ্যালয় শিক্ষাদপ্তর কর্তৃকও এই বিষয়ে স্কুলগুলিকে কোন নির্দেশ প্রদান করেনি। বিদ্যালয়ের প্রধান শিক্ষক অবশ্য এই বিষয়কে নিয়ে তাঁর অবস্থান স্পষ্ট করতে পারেননি। তিনি নিজেও দ্বিধাগ্রস্থ।

একদিকে ছাত্রীদের ধর্মীয় স্বাধীনতা আর অন্যদিকে বলা হচ্ছে বিদ্যালয়ে নির্ধারিত ইউনিফর্ম থাকার পরেও আলাদা পোষাক পরা বাঞ্ছনীয় নয়। একদিকে ধার্মিক অধিকার আর অন্যদিকে বিদ্যালয়ে ড্রেসকোডের যুক্তি। তবে এই বিষয়টি যে রাজনৈতিক রুপ নেবে তাতে কোন সন্দেহ নেই। এদিকে সিপাহী জলা পুলিশ এক টুইট করে গোটা বিষয়টিতে ধর্মীয় কোনো রীতি নেই বলে জানিয়েছেন। ঘটনা সম্পর্কে পুলিশ ও কিছু বলতে নারাজ।

## ফের আটক ৪ জন রোহিঙ্গা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** ফের ধরা পড়ল ৪ জন অনুপ্রবেশকারী রোহিঙ্গা, সঙ্গে আটক এক ভারতীয় সহযোগকারী। তাদের শুক্রবার আগরতলা রেল স্টেশন থেকে আটক করল আগরতলা রেল পুলিশ। এই চার জন রোহিঙ্গা বাংলাদেশ থেকে ওই ভারতীয় সহযোগকারীর সাহায্যে ভারতে প্রবেশ করেছে বলে জানা গেছে। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

রাজ্যের বিভিন্ন এলাকা দিয়ে অবাধে চলছে অবৈধ অনুপ্রবেশ। এদিকে সীমান্ত সুরক্ষা বাহিনীর দুর্বলতা ক্রমশ প্রকাশ্যে আসছে। অবৈধ অনুপ্রবেশ রুখতে সীমান্তে নজরদারি আরও বৃদ্ধি করা প্রয়োজন। এমনই অভিমত রাজ্যের সচেতন মহলের।

# ২০২৩-২৪ অর্থবর্ষে পুর নিগমের পুনাঙ্গ বাজেট পেশ ঃ মেয়র



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** শুক্রবার আগরতলা পুর নিগমের প্রধান কার্যালয়ে ২০২৩-২৪ অর্থ বর্ষের পূর্ণাঙ্গ ব্যয় বরাদ্দের প্রস্তাব দিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। যার অর্থ রাশির পরিমাণ ৩৯৭ কোটি টাকা। এর মধ্যে ঘাটতি ব্যয় ৫৫ লক্ষ ২২ হাজার টাকা। বাজেট পেশের পর মেয়র দীপক মজুমদার জানান আগরতলা শহরের সার্বিক উন্নয়নের স্বার্থে এবং সব ধরনের মৌলিক চাহিদা সামনে রেখে সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়ার জন্য ২০২৩-২৪ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করা হয়েছে এই দিন। সার্বিক উন্নয়নের জন্য ৩৯৭ কোটি টাকা ধরা হয়েছে। এরমধ্যে ৫৫ লক্ষ্য ২২ হাজার টাকা ঘাটতি রয়েছে। এবং এই ঘাটতি মেটাতে বিভিন্নভাবে কর বাড়িয়ে মেটানোর চেষ্টা করা হবে। ২০২১-২২ সালে বাজেটে আয় ধরা হয়েছিল ২৪৪ কোটি ৭৭ লক্ষ ৬৮ হাজার টাকা। ২০২২-২৩ অর্থবছরে আয় ধরা হয়েছিল ৩৬৬ কোটি ৪০ লক্ষ ৮৯ হাজার টাকা। ২০২৩-২৪ অর্থবছরে আয় ধরা হয়েছে ৩৯৬ ☞ ৬ এর পাতায় দেখুন

## দুষ্কৃতিদের আক্রমণে রক্তাক্ত ব্যাঙ্ককর্মী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** ধলাই জেলার গন্ডাছড়া মহকুমা সদরের শনিতলার পাশে গন্ডাছড়া ল্যাম্পস লিমিটেডের দ্বিতল ভবনে অবস্থিত ইউকো ব্যাংকের গন্ডাছড়া শাখা। অন্যান্য দিনের মত আজ সকাল দশটায় ইউকো ব্যাঙ্কের শাখার দরজা খুলে যথারিথী কাজকর্ম শুরু করেন ব্যাংক কর্মীরা। সংশ্লিষ্ট ব্যাঙ্ক শাখার ম্যানেজার জানান ব্যাংকের স্টাফ যখন যার যার কাজে ব্যস্ত তখন ঘড়িতে সময় প্রায় সাড়ে দশটা নাগাদ হঠাৎ এক ব্যক্তি হাতে লাঠি এবং দা নিয়ে ঐ শাখায় ঢুকে ব্যাঙ্ক ম্যানেজারের খোঁজ করেন। পেছনে বসে কাজ করছিলেন ব্যাঙ্ক ম্যানেজার। সামনে ছিলেন অপর স্টাফ কমল দাস। ব্যাংকের সমস্ত টাকা দাও বলে হুমকি দিয়েই সামনে থাকা ব্যাঙ্ক কর্মী কমল দাসের মাথায় একের পর এক আঘাত ☞ ৬ এর পাতায় দেখুন

# ভাতার দাবিতে রাস্তা অবরোধ আগরতলা - খোয়াই জাতীয় সড়কে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** সামাজিক ভাতা পাওয়ার দাবিতে আগরতলা খোয়াই জাতীয় সড়ক অবরোধ করে ভাতাপ্রাপকরা। শুক্রবার দুপুরে হেজামারায় হয় এই অবরোধ। ভাতা প্রাপকদের অভিযোগ বেশ কয়েক মাস যাবত উনারা সামাজিক ভাতা পাচ্ছেন না। এই বিষয়ে দপ্তরের আধিকারিককে জানিয়েও কোনো লাভ হয়নি বলে অভিযোগ। অবশেষে পথ অবরোধে বসলো ভাতা প্রাপকরা। হেজামারা ব্লক এলাকার ভাতা প্রাপকরা নিয়মিত সামাজিক ভাতা পাচ্ছেন না বলে অভিযোগ। এই সামাজিক ভাতার দাবিতে স্থানীয় সিডিপিও থেকে শুরু করে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের ইতিপূর্বেই অবগত করেছে ভাতা প্রাপকরা। কিন্তু এরপরেও নিয়মিত সামাজিক ভাতা প্রদান শুরু না হওয়ায় অবশেষে আন্দোলনমুখী হল ভাতা প্রকার। স্থানীয়দের সহযোগিতায় শুক্রবার আগরতলা খোয়াই জাতীয় সড়কের হেজামারা এলাকায় পথ অবরোধ করে বসে ভাতা প্রাপকরা। এরমধ্যে বার্ধক্য ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা থেকে শুরু করে বিভিন্ন সামাজিক ভাতা প্রাপকরা রয়েছেন। উনাদের দাবি সামাজিক ভাতা নিয়মিত পাওয়ার নিশ্চয়তা পেলেই মুক্ত হবে জাতীয় সড়ক।এদিনের অবরোধ সলে তিপ্রামথা দলের নেতাদের দেখা গেছে অবরোধ কর্মসূচির নেতৃত্ব দিতে। ফলে এই অবরোধ কর্মসূচি রাজনৈতিক পৃষ্ঠপোষকতায় কিনা তা নিয়ে উচ্চ প্রশ্ন? অন্যদিকে জাতীয় সড়কে আটকে পড়া কয়েক হাজার দূরপাল্লার যাত্রীদের অভিযোগ এই হেজামারা এলাকা পথ অবরোধের জন্য যথেষ্ট বদনাম কামাই করেছে। এই অবরোধকারীদের বিরুদ্ধে কোন কালেই আইনি পদক্ষেপ গ্রহণ করছে না পুলিশ। এইভাবে জাতীয় সড়ক অবরোধ করাকে কেন্দ্র করে প্রতি মাসে যে সমস্যা ভোগ করতে হচ্ছে সাধারণ মানুষকে তা সমাধানে পুলিশ আইন অনুযায়ী পদক্ষেপ গ্রহণের দাবি উঠেছে।

## প্রধানমন্ত্রীর অমৃত ভারত স্টেশন স্কিমে

# উত্তরপূর্ব সীমান্ত রেলের ৫৬টি স্টেশনের পুনঃ উন্নয়নের ভিতি প্রস্তর স্থাপন ৬ই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** অমৃত ভারত রেলওয়ে স্টেশন। কেন্দ্রীয় সরকারের এই প্রকল্পের আওতায় এল এবার ত্রিপুরার দ্বিতীয় বৃহত্তম শহর ধর্মনগর। ভারতের আরও বিভিন্ন রাজ্যে আগামী ৬ আগস্ট প্রধানমন্ত্রীর হাত ধরে যে ভার্চুয়াল অমৃত ভারত স্টেশনগুলোর উন্নয়নের সূচনা হতে যাচ্ছে, তার মধ্যে ত্রিপুরার লামডিং-সাব্রুম লাইনের এই ধর্মনগর স্টেশনটিও যুক্ত হচ্ছে। এতে অনেকটাই ধর্মনগর স্টেশনটির রূপ ও আদলটাই এবার পাল্টে যাবে তার আধুনিক উন্নয়নের ছোঁয়া পেয়ে। অমৃত ভারত স্টেশন প্রকল্পে ধর্মনগরে খরচ হবে ৩২ কোটি ৬০ লক্ষ টাকা। ত্রিপুরায় এ ধরনের আরও দুটি স্টেশনও এই নতুন প্রকল্পের আওতায় এসেছে। ত্রিপুরায় প্রথম রেলের যে হুইসেলটি বেঁজেছিল, সেটি এই ধর্মনগরে। সে এক ইতিহাস। মিটার গেজ লাইনের ওপর দিয়ে কয়লার কালো ধোঁয়া ছড়াতে ছড়াতে, হেলতে-দুলতে যখন আসামের কলকলিঘাট থেকে ত্রিপুরার চুড়াইবাড়ি হয়ে যখন প্রথম রেল ঢুকল শহর ধর্মনগরে তখন ১৯৬৪ সাল। যা বর্তমান প্রজন্মের কাছে এক ইতিহাস। এমন একসময় গেছে এই ধর্মনগর স্টেশনে রেল ইঞ্জিনের কয়লার ধোঁয়ায় স্টেশনে দাঁড়ানো যেতনা। আর ইঞ্জিন বক্সে বিশাল আগুনের গোলা একটা ঘর। যেখানে শ্রমিকরা খানিকটা পরপরই বেলচি দিয়ে ভেতরে কয়লা ফেলছে। আর সেই সঙ্গে মিটার গেজের রেলও চলছে হেলতে-দুলতে। সে যে কি আনন্দ, বোঝানো মুশকিল।

এই রেল নিয়ে অর্থাৎ পরবর্তীতে এক সময় ত্রিপুরায় কংগ্রেস ও বাম জমানায় অনেক মিছিল মিটিং, দাবী ও আন্দোলন হয়েছে। তবে অস্বীকার করার কোন উপায় নেই ভারতে ১৯৭৭ সালে দিল্লিতে জনতা সরকার গঠন হবার পরে গোটা উত্তর পূর্বাঞ্চলের চিত্রটা ধীরে ধীরে পাল্টাতে শুরু করে। জর্জ ফার্নান্ডেজের হাত ধরে একসময়ে ☞ ৬ এর পাতায় দেখুন

# নাবালিকা পাচারের অভিযোগে আটক যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগষ্ট।।** ফের নাবালিকা পাচারের ঘটনা রাজ্যে। নাবালিকা কন্যাকে ফুসলিয়ে বহিঃরাজ্যে বিক্রির উদ্দেশ্যে নিয়ে যাবার অভিযোগে খোয়াই মহিলা থানায় মামলা হল আসাম রাজ্যের এক যুবকের বিরুদ্ধে। খোয়াই মহকুমার এক নাবালিকা কন্যাকে ফুসলিয়ে বহিঃরাজ্যে নিয়ে বিক্রি করার ব্যর্থ প্রচেষ্টায় চাঞ্চল্য ছড়ায় ত্রিপুরাতেও। আর এই অভিযোগে খোয়াই মহিলা থানায় বুধবার দুপুরে নাবালিকা কন্যার পরিবারের পক্ষ থেকে একটি মামলা করা হয় ধৃত যুবক নাসির উদ্দিনের বিরুদ্ধে।

ঘটনার বিবরণে জানা গেছে, খোয়াই মহকুমার এক আদিবাসী নাবালিকা কন্যা গৃহ পরিচারিকার কাজে আগরতলা থাকত। আসাম রাজ্যের এক যুবক নাসির উদ্দিন(২৩) ওই নাবালিকা কন্যাটিকে বিয়ে করার কথা বলে ফুসলিয়ে বাড়ি থেকে ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৯ ◘ সংখ্যা ২৯৩ ◘ ৫ আগস্ট ২০২৩ইং ◘ ১৯ শ্রাবণ ◘ শনিবার ◘ ১৪২৯ বঙ্গাব্দ

## মোদি পদবি মামলায় বিরাট স্বস্তি!

উচ্চ আদালতের রায় দীর্ঘ অস্বস্তির সাময়িক স্বস্তি মিলিয়াছে রাহুল গান্ধীর। ২০২৪ সালের লোকসভা নির্বাচনের আগে সর্বোচ্চ আদালতের এই রায় খুবই তাৎপর্যপূর্ণ বলিয়া মনে করেছেন রাজনৈতিক বিশেষজ্ঞ মহল। একদিকে ওর শাসক দল বিজেপি অপরদিকে বিরোধী জোট লোকসভা নির্বাচনকে আত্মমর্যাদার লড়াই হিসেবে গ্রহণ করিয়াছে। বিজেপি রাহুল গান্ধীকে আইনী গ্যারাকলের আটকাইয়া রাখিবার কৌশল গ্রহণ করিয়াছিল। কিন্তু সেই কৌশল সফল হয় নাই। সর্বোচ্চ আদালত তাহাতে জল ঢালিয়া দিয়েছে। ফলশ্রুতিতে কংগ্রেস শিবিরে স্বস্তি ফিরিয়াছে।

সর্বোচ্চ আদালতে স্থগিত শাস্তি, সাংসদ পদ ফিরিয়া পাইলেন রাহুল।অবশেষে 'মোদি পদবি' মামলায় বিরাট খুশির খবর পাইলেন কংগ্রেসের প্রাক্তন সভাপতি রাহুল গান্ধী। রাহুলের শাস্তিতে আপাতত স্থগিতাদেশ দিয়া দিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতে কংগ্রেস নেতার করা আবেদনের চূড়ান্ত রায়দান না হওয়া পর্যন্ত এই মামলায় রাহুলকে কোনও শাস্তি পাইতে হইবে না। যাহার অর্থ কংগ্রেস নেতার ২০২৪ লোকসভা নির্বাচনে লড়িবার ক্ষেত্রে আর বাধা রইল না।২০১৯ সালের ১৩ এপ্রিল কর্নাটকের কোলারের জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কটাক্ষ করিয়া রাহুল বলেন, 'দুর্ভাগ্যজনক যে দেশের বড় বড় চোরেদের পদবি মোদি।' তৎকালীন কংগ্রেস সাংসদ ওই বক্তব্যের মধ্যে গোটা মোদি সমাজকেই অপমান করিয়াছেন বলিয়া গুজরাটের সুরাট আদালতে মামলা করেন পূর্ণেশ মোদি। সেই মামলায় রাহুলকে দোষী সাব্যস্ত করিয়া দু'বছরের কারাদণ্ড দেয় গুজরাটের সুরাট আদালত। পরদিনই তাঁহার সাংসদপদ খারিজ করিয়া দেয় লোকসভার সেক্রেটারিয়েট। নিম্ন আদালতের এই রায়কে চ্যালেঞ্জ করিয়া গুজরাট হাই কোর্টের দ্বারস্থ হন রাহুল। কিন্তু সেখানেও নিম্ন আদালতের রায় বহাল থাকে।২০১৯ সালের ১৩ এপ্রিল কর্নাটকের কোলারের জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কটাক্ষ করিয়া রাহুল বলেন, 'দুর্ভাগ্যজনক যে দেশের বড় বড় চোরেদের পদবি মোদি।' তৎকালীন কংগ্রেস সাংসদ ওই বক্তব্যের মধ্যে গোটা মোদি সমাজকেই অপমান করিয়াছেন বলিয়া গুজরাটের সুরাট আদালতে মামলা করেন পূর্ণেশ মোদি। সেই মামলায় রাহুলকে দোষী সাব্যস্ত করিয়া দু'বছরের কারাদণ্ড দেয় গুজরাটের সুরাট আদালত। পরদিনই তাঁহার সাংসদপদ খারিজ করিয়া লোকসভার সেক্রেটারিয়েট। নিম্ন আদালতের এই রায়কে চ্যালেঞ্জ করিয়া গুজরাট হাই কোর্টের দ্বারস্থ হন রাহুল। কিন্তু সেখানেও নিম্ন আদালতের রায় বহাল থাকে।শীর্ষ আদালতের এই পর্যবেক্ষণ রাহুলের জন্য বিরাট স্বস্তি। কারণ এর ফলে ২০২৪ লোকসভা নির্বাচনে লড়িতে আর কোনও বাধা রইল না প্রাক্তন কংগ্রেস সভাপতির। রাহুল এই মুহূর্তে যেহেতু দোষী নন, তাই তাঁহার সাংসদ পদও বহাল থাকিবে।

## কৃষ্ণ সাগরে রুশ বন্দরের কাছে ড্রোন হামলা, ইউক্রেনকে দায়ী করল রাশিয়া

নয়াদিল্লি, ৪ আগস্ট(হি.স.) : কৃষ্ণ সাগরে রাশিয়ার নভোরোসিয়েস্ক বন্দরের কাছে রাতভর বিস্ফোরণের খবর পাওয়া গেছে। শুক্রবার সামাজিক মাধ্যমে শেয়ার করা ফুটেজে দেখা যায়, বন্দরে বিস্ফোরণ ঘটনা ঘটেছে। এই হামলার জন্য ইউক্রেনকে দায়ী করেছে রাশিয়া।

উল্লেখ্য, নভোরোসিয়েস্ক বন্দরে রাশিয়ার প্রধান রফতানিকেন্দ্র।এই হামলার জন্য ইউক্রেনকে দায়ী করেছে রাশিয়া। দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, দুটি সামুদ্রিক ড্রোন দিয়ে তাদের নৌ ঘাঁটিতে ইউক্রেনের হামলা প্রতিহত করা হয়েছে। হামলার পর বন্দরটি সাময়িকভাবে জাহাজ চলাচল বন্ধ রাখা হয়।

দেখা গেছে, সামুদ্রিক ড্রোন দিয়ে ইউক্রেন অন্তত ১০টি হামলা চালিয়েছে। এই হামলাগুলোর লক্ষ্যবস্তুই ছিল সামরিক জাহাজ ও সেভাস্তোপলে রাশিয়ার নৌ ঘাঁটি।

## কোভিড-সংক্রমণ কমে ৫৪; ভারতে ওঠানামা করছে সক্রিয় রোগীর সংখ্যা, আরোগ্যের হার বৃদ্ধি পাচ্ছে

নয়াদিল্লি, ৪ আগস্ট (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের কিছুটা কমল বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৫৪ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১,৫৩২-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৮।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬২, ৪০৬ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৩ আগস্ট সারা দিনে ভারতে ৩৬,৪৫১ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ৩৭৪ জন, মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,৬৭,৫৪,৫৭৭।

## শুভেন্দুর সুপ্রিম-স্বস্তি, হাইকোর্টের রায় খারিজ করল শীর্ষ আদালত

কলকাতা, ৪ আগস্ট (হি. স.) : সুপ্রিম কোর্টের বড় স্বস্তি পেলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। ২০ জুলাই কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের রায় খারিজ করেছে শীর্ষ আদালত।

রাজ্যের কাছে তথ্য প্রমাণ থাকলে শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে এফআইআর দায়ের করতে পারবে রাজ্য পুলিশ, নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। এর পর সুবিচার চেয়ে শুভেন্দুবাবু সুপ্রিম কোর্টে যান।

এদিনের এই রায় বিজেপি নেতার জন্য যথেষ্ট স্বস্তিদায়ক বলেই মনে করছে সংশ্লিষ্ট মহল। শীর্ষ আদালতের নির্দেশ, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি এবার শুভেন্দু বিরুদ্ধে দায়ের হওয়া মামলার শুনানি করবেন।

শীর্ষ আদালতে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চের সামনে শুনানির সময় শুভেন্দু অধিকারীর আইনজীবী পি এস পাটোয়ালিয়া বলেন, "নন্দীগ্রামে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে হারানোর পর থেকেই রাজ্য প্রশাসন শুভেন্দু অধিকারীকে নিশানা করেছে। মিথ্যা মামলায় শুভেন্দুকে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে।"

হাইকোর্টের অনুমতি ছাড়া শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে এফআইআর দায়ের করা যাবে না বলে নির্দেশ দিয়েছিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজাশেখর মান্থা। সেই রায়কে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে যায় রাজ্য। ১৯ জুলাই শুনানির সময় বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায়ের বেঞ্চে চ্যালেঞ্জের মুখে পড়ে আদালতের পূর্ববর্তী রায়। বিচারপতি বলেন, এমন অন্তঃসারশূন্য রায় কি আমরা খারিজ বা বাতিল করতে পারি না?"

এই মামলার শুনানির পর ২০ জুলাই পূর্ববর্তী রায় খারিজ করে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ জানিয়ে দেয় শুভেন্দুর বিরুদ্ধে এফআইআর দায়ের করতে হলে আদালতের অনুমতি নেওয়ার প্রয়োজন নেই। একই সঙ্গে ডিভিশন বেঞ্চ এও জানিয়ে দেয়, শুভেন্দুর বিরুদ্ধে এফআইআর দায়ের করার আগে যাবতীয় অভিযোগ খতিয়ে দেখতে হবে, শুধুমাত্র হেনস্থা করার জন্য শুভেন্দুর বিরুদ্ধে এফআইআর দায়ের করা যাবে না। তবে এফআইআর দায়েরের অর্থ যে গ্রেফতারি নয়, তাও বুঝিয়ে দেয় আদালত। অবশেষে শুক্রবার ২০ জুলাই কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের রায় খারিজ করেছে শীর্ষ আদালত।

# তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ই সর্বপ্রথম নিম্নবর্গের মানুষের মুখে প্রতিবাদী ভাষা জুগিয়েছেন

স্বপনকুমার মণ্ডল



বাংলা সাহিত্যে কালজয়ী তিন বন্দ্যোপাধ্যায়ের মেঝজন তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (২৩-৭-১৮৯৮-১৪-৯-১৯৭১)। তাঁর কথাসাহিত্যে যেভাবে সমাজের নিম্নবর্গের মানুষের ভৌষ ও কৌম জীবনের কথা নিবিড় ভাবে উঠে এসেছে, তা ইতিপূর্বে লক্ষ করা যায় না। সেখানে সমাজের নিম্নবর্গের অন্ত্যজ শ্রমজীবী মানুষের পরিচয় উঠে এলেও তা একান্তই অস্তিত্বসর্বস্ব ও ব্রাত্য প্রকৃতিতেই আনুগত্যশীল। তারশঙ্করই প্রথম সচেতন ভাবে তাঁর কথাসাহিত্যে নিম্নবর্গের মানুষকে শুধু প্রাধান্য দেননি, অচেনা- অজানা খনির পরশমণির মতো করে সেই সব গোষ্ঠী, সম্প্রদায়ের উপেক্ষিত ও ব্রাত্য মানুষের আকাঁড়া জীবনকে আন্তরিক ভাবে উপস্থাপন করে বাংলা সাহিত্যকেই বিস্তৃত পরিসরে অভিনব বনেদি আভিজাত্য প্রদান করেছেন। তাঁর এই অসামান্য অবদানের কথা নানাভাবে উঠে এসেছে, পথিকৃতের সমাদরও লাভ করেছে। শুধু তাই নয়, তাঁর সাহিত্যের বিষয়আশয়ের মধ্যে ময়ুরাক্ষী বিধৌত রাড়বাংলার নিম্নবর্গের অন্ত্যজ জনজীবনের কথাই প্রাধান্য পেয়েছে এবং সেই লক্ষ্যে তিনি প্রথমাবধি সযত্নপ্রয়াসে ব্রতী হয়েছিলেন, যে কথাও তারাশঙ্কর অকপটে তাঁর 'আমার সাহিত্য-জীবন'-এ জানিয়েছেন। ব্যক্তিগত জীবনের প্রত্যক্ষ অভিজ্ঞতার আলোয় তাঁর সাহিত্যসাধনাজুড়ে সামাজিক পরিবর্তনের পটভূমিকায় নিম্নবর্গের মানুষের জীবনসংগ্রাম থেকে তার উত্তরণের পরিচয় নানাভাবে উঠে এসেছে শুধু তাই নয় সেখানে নিম্নবর্গের আনুগত্যহার প্রতিবাদী কণ্ঠস্বর প্রথম শোনা গেল। তার আগে অনেকেই মূক মুখে ভাষা জোগানোর জন্য লেখনীধারণ করেছেন। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় থেকে প্রেমেন্দ্র মিত্রের সদর্থক ভূমিকা আমাদের সামনেই রয়েছে। অথচ তাঁদের সেই প্রতিবাদ হয় নীরবে ঈশ্বরের বিচার সঁপে, নয় সরবেও আনুগত্যশীলতায় নিঃস্ব হয়ে পড়েছে। সেক্ষেত্রে সময়ান্তরে তারাশঙ্কারের কথাসাহিত্যে সেই আনুগত্যই শুধু অস্বীকৃত হয়নি, উল্টে আত্মসম্মানের অধিকার সোচ্চার হয়ে উঠেছে। সেখানেও তারশঙ্করের পথিকৃতের ভূমিকা অনস্বীকার্য। অন্যদিকে প্রেমেন্দ্র মিত্রের 'পাঁক' (১৯২৬) উপন্যাসে প্রথম শ্রমজীবী অন্ত্যজ মানুষের জীবন নিবিড় ভাবে উঠে আসে। কলকাতার মহানগরের আলোর চারিদিকে চাঁদের গ্রহণের মতো অন্ত্যজ বস্তিজীবন। সেই বস্তিজীবনের পাঁকের পঙ্কজ প্রেমেন্দ্রে 'পাঁক' উপন্যাসটি।

এতে মুচিপাড়ার হতদরিদ্র কালাচাঁদের জীবন সংগ্রামকে যেভাবে ঔপন্যাসিক আন্তরিকভাবে নিবিড় করে তুলেছেন, তার মধ্যেও নিম্নবর্গের কণ্ঠস্বর শোনা যায়। তবে তার শেষে রক্ষা করা যায়নি। সমাজের উচ্চবর্ণের প্রতি আনুগত্যশীলতায় তা কীভাবে নিঃস্ব হয়ে পড়ে, ঔপন্যাসিক তাও দেখিয়েছেন। মালিকের বাড়িতে চেয়ারে উঠে ছবি টানাতে গিয়ে একটি ছবি ভেঙে যাওয়ায় মালিকের অকথ্য ভাষায় নির্মম বাক্যবাণে ক্ষতবিক্ষত হয়ে তাকে 'হারামজাদা' সম্বোধনটি আর সহ্য করতে না পেরে ফেঁসে ওঠে কালচাঁদ শুধু বলতে পেরেছে, 'গালাগাল দিও না বলছি বাবু'। তাও তার ক্ষুদ্র প্রতিবাদটি বাংলা সাহিত্যে বৃহৎ হয়ে উঠেছে। অন্যদিকে কালাচাঁদের কাজের দলের সহকর্মীদের নীরবতাই শুধু নয়, কাজ হারানোর ভয়ে তাকেই অপরাধী করে মালিকের কাছে তারা ক্ষমা চেয়ে নেওয়ায় তার প্রতিবাদেই নিঃস্ব হয়ে পড়ে না, সেই অস্তিত্ব সংকটে পড়ে। দলের মিস্ত্রি ষষ্ঠীও কাজ করতে গেলে কালাচাঁদকে ওরকম 'তেজ-ফেজ' ছেড়ে দেওয়ার চেতাবনি দেয়। তারা জেনে গেছে বড়লোকের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর শক্তি বা সামর্থ্য কোনোটাই তাদের নেই। তাদের অসহায় জীবনের নির্মম নিয়তিকে মেনে চলতে তারা বাধ্য। আর সেখানেই অবাধ্য হয় কালাচাঁদ। মনের আগুন সময়ে নিভে যায় ঠিকই, কিন্তু তার রেশ থেকে যায় অস্তিত্বে। উপন্যাসে তার আঁচের পরিচয়ও বর্তমান। নিজের বোন পাঁচির যন্ত্রণাকাতর লজ্জাতুর মুখের কথা স্মরণ করে আপন মনে পথ চলতে গিয়ে কালাচাঁদ সাইকেলের শিক্ষার্থী আরোহীর বেলের আওয়াজ শুনতে পায় না। এজন্য 'এইও শূয়ার স্টুপিড' শোনার পর পরেই 'সাইকেলের চাকাটা তার কোমরে লাগল'। যন্ত্রণার উপরে আকে যন্ত্রণায় ক্ষুব্ধ কালাচাঁদ তার প্রতিক্রিয়ায় জানায়, 'কানা হয়ে সাইকেল চালাচ্ছে, দেখতে পাও না শালা।' শুধু তাই নয়, সে ইংরেজি ভাষাগর্বী আক্রমণাত্মক সাইকেল আরোহী ভদ্রলোকের রাঙা মুখ-চোখের বিরুদ্ধে রুখে দাঁড়াতেও ভয় পায়নি 'ভারি আমার নবাব সাইকেল চালানেওয়ালা এসেছেন। মারবেন নাকি?' এযে সময়ের প্রেক্ষিত কত বড় প্রতিবাদী কণ্ঠস্বর, তা তার পরক্ষণেই সাইকেল আরোহী ভদ্রলোকের পাশে সকলের সমর্থন নিবিড়তায় সহজবোধ্য হয়ে ওঠে। এমনকি, তার সঙ্গের শিবু-ষষ্ঠীও তার বিপক্ষের দলে ভিড়ে যায়। এই দলে ভিড়ে যাওয়ার মধ্যে তাদের বেঁচে থাকার কৌশলের দারিদ্রপনা আরও প্রকট হয়ে পড়ে। অন্যদিকে কালাচাঁদের প্রতিবাদের আভিজাত্য তাতে আরও শ্রীবৃদ্ধি লাভ করে। এজন্য সেই সাইকেল আরোহীই কালাচাঁদের বহুবচনে উচ্চকিত হয়ে প্রসঙ্গক্রমে জানিয়েছেন, 'ছোটলোকের আস্পর্ধা আজকাল ভয়ানক বেড়েছে।' এই বৃদ্ধিটা স্বাভাবিক ভাবেই সমাজের উচ্চস্তরে শিরঃপীড়ার কারণ হয়ে উঠেছে, সেকথা অন্যেরা মেনেও নিয়েছে। অন্যদিকে তখনও সমাজের উচ্চবর্গের বিরুদ্ধে নিম্নবর্গের প্রতিবাদ সরব হয়ে ওঠেনি, আনুগত্যশীল দাসত্বেই তা নিঃস্ব হয়ে যেত। আর সেখানেই তারাশঙ্করের স্বতন্ত্র অভিজ্ঞান স্ববাকমূর্তি লাভ করে। তিনিই প্রথম সমাজের নিম্নবর্গের অন্ত্যজ মানুষের প্রতিবাদী কণ্ঠস্বরকে সজীব করে তুলেছেন। আর তা করেছেন অত্যন্ত সচেতন ভাবে, বিশ্বস্ততার সঙ্গে, লক্ষ্যভেদী অর্জুনের ন্যায়।

কালান্তরে সমাজজীবনের পরিবর্তনে অবক্ষয়িত জমিদারতন্ত্রের অবসানে বণিকতন্ত্রের উত্থান যেমন সময়ের দাবিতে মূর্ত হয়ে ওঠে, তেমনই সেই ধারাতেই সমাজের উচ্চবর্গ ও উচ্চবর্গের মানুষের আধিপত্যকামী প্রভাবের মান্যতাও শিথিল হয়ে পড়ে। আর সেই অবকাশে সমাজজীবনে নিম্নবর্গের মানুষের নিজের অধিকার ও আত্মমর্যাদাবোধ জেগে ওঠে। প্রেমেন্দ্র মিত্রের 'পাঁক'-এর দুই দশকের মধ্যেই তার পরিচয় ক্রমশ নিবিড় হয়ে ওঠে। তারাশঙ্করের কথাসাহিত্যে তার পরিচয় ক্রমশ স্পষ্ট হয়ে ওঠে। সেক্ষেত্রে তাঁর শিল্পসচেতন মনের সক্রিয় ভূমিকা তিনি নিজেই জানিয়েছেন। তারাশঙ্কর তাঁর 'আমার সাহিত্য-জীবন দ্বিতীয় পর্ব'র বিষয়টি স্পষ্ট করে বলেছেন 'আমার সাহিত্যকর্মের মধ্যে কালের বিবর্তনে সামাজিক পরিবর্তনের মধ্যে বিলীয়মান গোষ্ঠী, সম্প্রদায়, বিশেষ ধরনের ব্যক্তিত্ব, একটি বিশিষ্ট স্থান দখল করে আছে। এ সব আমার নিজের চোখে দেখা। ক্রমশ বিলীয়মান জমিদারেশ্রেণি আমার সাহিত্যের খুব বড় অংশ জুড়ে রয়েছে। জমিদারাশ্রেণি ছাড়াও বেদে, পটুয়া, মালাকার, লাঠিয়াল, চৌকিদার, ডাক হরকরা প্রভৃতি যারা সমাজের বিশেষ অংশ জুড়ে ছিল তাদের নিয়ে গল্প রচনার প্রেরণাই হোক বা অভিপ্রায়ই হোক আমার মধ্যে এসেছিল, বোধ করি এদের কথা অন্য কেউ বিশেষ করে আগে কেউ লেখেন নি বা লেখেন না বলে। সামাজিক পেশার প্রভাবে এরা সচরাচর মানুষ থেকে স্বতন্ত্র এবং অভিনব হয়ে ওঠে।' এভাবেই তারাশঙ্করের কথাসাহিত্যে উঠে আসে কাহার, ডোম, বাগদি, বাউরি, বোষ্টম, সাঁওতাল, গ্রাম্য কবিয়াল প্রভৃতি অন্ত্যজ জনগোষ্ঠী বা সম্প্রদায়ের মানুষের দ্বন্দ্বমুখর জীবন সংগ্রামের কথা। আর সেখানেই নিম্নবর্গের প্রতিবাদী কণ্ঠস্বর আমাদের সচকিত করে তোলে।

তারাশঙ্করের 'গণদেবতা' (১৯৪২) উপন্যাসে তার শুভ সূচনা লক্ষণীয়। সেখানে সম্বোধনেই উচ্চ-নীচভেদের আনুগত্যবোধেই প্রতিবাদ ধ্বনিত হয়। সেখানে 'আপনি-তুমি -তুই -এর মর্যাদাবোধের বৈষম্যকে আমান্য করার সৎসাহসের পরিচয় মেলে। জমিজরিপের কাজে আসা কানুনগো দেবনাথ ঘোষকে 'তুই বললে তাকেই সে 'তুই' বলে সম্বোধন করে। কোনো ভাবেই তা নিয়ে দেবনাথ তার কাছে নতি স্বীকার করেনি। 'গণদেবতা'র এই আত্মসম্মানবোধ সম্পন্ন দেবনাথ ঘোষই ক্রমশ শিবকালীপুরের দেবু পণ্ডিতে পরিণত হয়। অন্যদিকে বৈষম্যপীড়িত সমাজজীবনের সংস্কার, রীতিনীতিষ ধর্মবিশ্বাস প্রভৃতির অমান্যতার আরও বিস্তার ঘটে তার পরের উপন্যাস 'পঞ্চগ্রাম' (১৯৪৪)-এ। এটি 'গণদেবতা'রই উত্তরখণ্ড। অন্যদিকে 'পাঁক'-র কালাচাঁদ থেকে 'হাঁসুলি বাঁকের উপকথা'র করালী অনেক দূর এগিয়ে এসেছে। সে পাল্কীবাহক কাহার সম্প্রদায়ের মানুষ হলেও আত্মসম্মানে অত্যন্ত সচেতন। শুধু তাই নয়, তা সে যেচে আদায় করতেও দ্বিধাহীন। হেঁদো মণ্ডলের 'বোটা' অভিধাই তার কাছে হেয় মনে হয়েছে। লেখকের কথায় 'করালী ভুরু কুঁচকে উঠল। ঘোষ মশায় হলে হয়তো ভুরু কুঁচকেই চলে যেত, কিন্তু হেঁদো মণ্ডল মাইতো ঘোষ নয়। সে মুহূর্তে জবাব দিতে উঠল-উকি? বেটা বেটা বলছেন কেন? ভদ্দর লোকের উ কি কথা'! এরূপ ভাষাসচেতনায় সমাজের অগ্রগতি সহজবোধ্য হয়ে ওঠে। শুধু তাই নয়, তার অগ্রগতির নেপথ্যে তার অর্থনৈতিক বুনিয়াদের পরিচয়ও সাহিত্যে নিবিড় হয়ে উঠেছে। করালীর প্রতিবাদের নেপথ্যেও তার পরিচয় বর্তমান। কাহারপাড়ার অভিভাবকসুলভ ব্যক্তিত্ব বনোয়ারীই জানিয়ে দেয়, 'ওই চন্নপুরের কারখানাথেই ওর মাথা খারাপ করে দিল'। সেই 'চন্নপুরের' অনতিদূরে কলকাতার নাগরিক জীবন। শিল্পায়নের দৌলতে গ্রামীণ জীবনেও তার প্রভাব ছড়িয়ে পড়ে। স্বাভাবিক ভাবেই সময়ের বিবর্তনে কৃষিনির্ভর পল্লিবাংলার সমাজবীনের উত্তরণে কলকারখানার অর্থনৈতিক হাতছানি স্বনির্ভরতাবোধ জাগিয়ে ছিল, তেমনই আত্মসম্মানবোধে সক্রিয় করে তোলে। সেদিক থেকে করালীর প্রতিবাদ নিছকই ব্যতিক্রমী ব্যক্তিত্বের পরিচয় নয়, তা সময়েরই প্রতিফলন। তারাশঙ্কর অত্যন্ত সচেতন ভাবেই তা তুলে ধরেছেন। গ্রামবাংলার রূপ ও রূপান্তরকে তিনি শুধু আন্তরিকভাবে লিপিবদ্ধ করেননি, সেখানে নির্মম নিষ্ঠুর বাস্তব জীবনচিত্রের মধ্যেও প্রতিটি উপন্যাসের শেষে প্রত্যাশার আলো জ্বালিয়ে রেখেছেন। সমাজের নিম্নবর্গের মানুষের অন্ত্যজ জীবনের কথাকে উপকথায় সামিল করলেও তারাশঙ্কর লক্ষ্যভ্রষ্ট হননি বা করেননি। কেননা উপকথার মধ্যেই থাকে রূপকথা যা আসলে ইচ্ছে পূরণের গল্প। তারশঙ্কর তো সেই অপরাজের স্বপ্নরঙিন গল্পেই আমাদের পৌঁছে দেন, যেখানে নিম্নবর্গের অন্ত্যজ মানুষের জীবনে সোনালি সূর্য, রাঙা প্রভাতের আলোর হাতছানি মেলে অবিরত।

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# সৃষ্টিকর্মে অমর হুমায়ূন আহমেদ

জাহাঙ্গীর বিপ্লব

দেশে এখন এত টিভি চ্যানেল, প্রচুর নাটক। প্রতিটি চ্যানেলেই প্রতিদিন একাধিক ধারাবাহিক নাটক প্রচারিত হচ্ছে। কিন্তু যদি প্রশ্ন করা হয়, বর্তমানে কিংবা গত কয়েক বছরে এমনকি এক দশকে কোন ধারাবাহিক নাটকটি দর্শকের মনে দাগ কেটেছে? নাটকের নাম কি? আর কোন নাটকটি দেখার জন্য দর্শক অধীর আগ্রহ নিয়ে টিভি সেটের সামনে বসে থেকেছেন বা বর্তমানে অপেক্ষায় থাকেন? অনেক পাঠক অথবা দর্শই এই প্রশ্নের জবাব খুঁজতে গিয়ে কিছুটা থমকে যাবেন, ব্যর্থ হবেন। যারা বর্তমান সময়ের দুয়েকটি জনপ্রিয় বাংলাদেশি ধারাবাহিকের নাম বলতে পারছেন না, তাদের মধ্যে একটি বড় অংশ কলকাতার ধারাবাহিকের নাম হয়তো ঠিকই বলতে পারবেন। দেশীয় সংস্কৃতির জন্য এমন তথ্য সত্যিই হতাশাজনক। অথচ এমন একটা সময় ছিল যখন বিটিভিতে নাটক শুরু হলে রাস্তাঘাট সব ফাঁকা হয়ে যেত। বাংলাদেশি নাটকের সেই স্বর্ণযুগের অন্যতম কারিগর ছিলেন হুমায়ূন আহমেদ। বহুমুখী প্রতিভার অধিকারী হুমায়ূন আহমেদ ছিলেন একাধারে অধ্যাপক, কথাসাহিত্যিক, নাট্যকার, চলচ্চিত্র পরিচালক, গীতিকার ও সুরকার। যেখানেই তিনি হাত দিয়েছেন সেখানেই সাফল্যের আলোয় আলোকিত হয়েছেন। এতগুলো পরিচয়ের মাঝে কথাসাহিত্যিক সত্তাটাই তার সবচেয়ে বড় পরিচয়। জনপ্রিয়তার কথা বিবেচনা করলে ঔপন্যাসিক হুমায়ূন আহমেদের ধারাকাছেও কেউ ছিল না। তবে ঔপন্যাসিক হিসেবে হুমায়ূন আহমেদের এই জনপ্রিয়তার একটা বড় কারণ ছিল নাট্যকার হিসেবে তার আবির্ভূত হওয়া! উপন্যাসের মতো নাটকের জগতেও হুমায়ূন আহমেদ তুমুল জনপ্রিয়তা পেয়েছিলেন। বাংলাদেশের নাটকের ইতিহাসে সেরা দশটি নাটকের তালিকা করা হলে সেখানে এক হুমায়ূন আহমেদেরই একাধিক নাটক জায়গা পাবে।

আজ এই বহুমাত্রিক প্রতিভার ১১তম প্রয়াণ দিবস। ২০১২ সালের এই দিনে যুক্তরাষ্ট্রে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন এই কিংবদন্তি। প্রতি বারের মতো এবারও নানা আয়োজনের মাধ্যমে দিনটি পালন করবে তার পরিবার ও অসংখ্য ভক্তকুল। টিভি চ্যানেলগুলোতেও থাকছে বিশেষ আয়োজন।

নিজেকে সব সময় লেখালেখির জগতের মানুষ হিসেবে পরিচয় দিতেই হুমায়ূন আহমেদ স্বাচ্ছন্দ্যবোধ করতেন। হুমায়ূন আহমেদের হঠাৎ প্রস্থান শুধুমাত্র বইমেলাকেই বিবর্ণ করেনি, টেলিভিশনে নাটক দেখার আগ্রহেও বিশাল এক ভাটা নিয়ে এসেছে। সৃষ্টির এই মহান কারিগরের প্রস্থান বাংলাদেশের শিল্পজগতে নিয়ে আসে বিশাল এক শূন্যতা। তবে অসময়ে চলে গেলেও হুমায়ূন আহমেদ যেসব অসাধারণ সৃষ্টিকর্ম রেখে গেছেন, সেসবের মাঝেই তিনি বেঁচে থাকবেন অনন্তকাল ধরে। ছোটগল্পকার, নাট্যকার, গীতিকার, চিত্রনাট্যকার ও চলচ্চিত্র নির্মাতা বলে আলাদা পরিচয়ে খ্যাতি লাভ করলেও লেখক হিসেবেই নিজের পরিচয় দিতে স্বাচ্ছন্দ্যবোধ করতেন বিংশ শতাব্দীর জনপ্রিয় এই বাঙালি কথাসাহিত্যিক। বাংলা সাহিত্যের উপন্যাস শাখায় অবদানের জন্য তিনি ১৯৮১ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার লাভ করেন। এছাড়া বাংলা ভাষা ও সাহিত্যে তার অবদানের জন্য ১৯৯৪ সালে বাংলাদেশ সরকার তাকে একুশে পদকে ভূষিত করে। তবে টিভি নাটক ও চলচ্চিত্র অঙ্গনে তিনি ছিলেন অপ্রতিদ্বন্দ্বী। হুমায়ূন আহমেদ নির্মিত বেশ কয়েকটি চলচ্চিত্র সমাদৃত হয়। তার নির্মিত প্রথম চলচ্চিত্র হলো বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধভিত্তিক 'আগুনের পরশমণি' (১৯৯৪)। ছবিটি শ্রেষ্ঠ চলচ্চিত্র বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কারসহ আটটি পুরস্কার লাভ করে। তার নির্মিত অন্যান্য সমাদৃত চলচ্চিত্রগুলো হলো 'শ্রাবণ মেঘের দিন' (১৯৯৯), 'দুই দুয়ারী' (২০০০), 'শ্যামল ছায়া' (২০০৪) ও 'ঘেটু পুত্র কমলা' (২০১২)। 'শ্যামল ছায়া' ও 'ঘেটু পুত্র কমলা' চলচ্চিত্র দুটি বাংলাদেশ থেকে বিদেশি ভাষার চলচ্চিত্র বিভাগে অস্কারের জন্য নিবেদন করা হয়েছিল। এছাড়া 'ঘেটু পুত্র কমলা' চলচ্চিত্র পরিচালনার জন্য তিনি শ্রেষ্ঠ পরিচালনা বিভাগে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন।

তিনি ১৯৮০ থেকে ১৯৯০-এর দশকে বাংলাদেশ টেলিভিশনের জন্য টেলিভিশন ধারাবাহিক এবং টেলিফিল্ম রচনা শুরু করেন। ১৯৮৩ সালে তার প্রথম টিভি কাহিনীচিত্র 'প্রথম প্রহর' বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত হয়। এটি তাকে রাতারাতি জনপ্রিয় করে তোলে। তার অন্যতম টেলিভিশন ধারাবাহিকল্প 'এইসব দিনরাত্রি', 'বহুব্রীহি', 'কোথাও কেউ নেই', 'নক্ষত্রের রাত', 'অয়োময়', 'আজ রবিবার', 'নিমফুল', 'তারা তিনজন', 'আমরা তিনজন', 'মন্ত্রী মহোদয়ের আগমন শুভেচ্ছা স্বাগতম', 'সবুজ সাথী', 'উড়ে যায় বকপক্ষী', 'খেলা', 'অচিন বৃক্ষ', 'খাদক', 'একি কাণ্ড', 'একদিন হঠাৎ', 'অন্যভুবন' এবং 'এই মেঘ এই রৌদ্র'। হুমায়ূন আহমেদ ১৯৮৭ সালে ঢাকার অদূরে গাজীপুর জেলার সদর উপজেলার মির্জাপুর ইউনিয়নের পিজুলিয়া গ্রামে ২২ বিঘা জমির ওপর স্থাপিত বাগানবাড়ি নুহাশ পল্লী গড়ে তোলেন। জীবনের শেষ সময়ে তিনি এই বাড়িতে থাকতে ভালোবাসতেন। মৃত্যুর পর তাকে নুহাশ পল্লীতে দাফন করা হয়। তার মৃত্যুতে সারা বাংলাদেশে সকল শ্রেণির মানুষের মধ্যে অভূতপূর্ব আহাজারির সৃষ্টি হয়। বাংলা সাহিত্য এবং নাটক ও চলচ্চিত্র অঙ্গনেও অন্যরকম শূন্যতা বিরাজ করে। হুমায়ূন আহমেদ পাঠক, দর্শক ও ভক্তদের মাঝে অমর হয়ে থাকবেন তার সৃষ্টি কর্মের মধ্য দিয়ে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# নিজেকে নির্দোষ দাবি করলেন ডোনাল্ড ট্রাম্প, পরবর্তী শুনানি ২৮ আগস্ট



ওয়াশিংটন, ৪ আগস্ট (হি.স.): আমেরিকায় ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফলে হস্তক্ষেপের চেষ্টার অভিযোগে নিজেকে নির্দোষ দাবি করেছেন সে দেশের প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। স্থানীয় সময় বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসি-র একটি আদালতে শুনানি চলার সময় এই দাবি করেন তিনি। এ বিষয়ে পরবর্তী শুনানি হবে আগামী ২৮ আগস্ট।

আদালতে শুনানি শুরুর পর ট্রাম্পের বিরুদ্ধে আনা অভিযোগগুলি পড়ে শোনান বিচারক মোক্সিলা উপাধ্যায়। অভিযোগ প্রমাণিত হলে তাঁর কত বছরের সাজা হতে পারে তা-ও জানানো হয়। এ সময় ট্রাম্প বলেন, তিনি নির্দোষ। শুনানিতে সরকারপক্ষের কেঁসুলিরা আদালতের কাছে ট্রাম্পকে আটকের আবেদন করেননি। তবে এর বিপরীতে তাঁকে বেশ কয়েকটি শর্ত দেওয়া হয়েছে। আগামী ২৮ আগস্ট এই অভিযোগের বিষয়ে পরবর্তী শুনানির দিন ধার্য করেছে আদালত।

উল্লেখ্য, ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন জয়ী হন।

এই নির্বাচনে জালিয়াতির অভিযোগ তুলে পরাজয় মানতে অস্বীকার করেন তৎকালীন প্রেসিডেন্ট ট্রাম্প। বাইডেনের জয়ের সত্যায়নে ২০২১ সালের ৬ জানুয়ারি কংগ্রেসের যৌথ অধিবেশন বসে। সত্যায়ন প্রক্রিয়া ঠেকাতে ট্রাম্পের উসকানিতে তাঁর সমর্থকেরা ক্যাপিটল ভবনে হামলা চালায় বলে অভিযোগ। এ নিয়ে তদন্তের পর গত মঙ্গলবার ট্রাম্পের বিরুদ্ধে ৪৫ পাতার অভিযোগপত্র আদালতে দাখিল করেন বিশেষ আইনজীবী জ্যাক স্মিথ। অভিযোগে বলা হয়েছে, ট্রাম্প নির্বাচনের ফল উল্টে দেওয়ার জন্য বেআইনি পথ বেছে নিয়েছিলেন। ট্রাম্পের বিরুদ্ধে দেশের সঙ্গে প্রতারণা করতে ষড়যন্ত্র, অধিকারের বিরুদ্ধে ষড়যন্ত্র, রাষ্ট্রীয় কাজে বাধা দেওয়ার ষড়যন্ত্র-সহ মোট চারটি অভিযোগ আনা হয়েছে।

## ৫৯৬ কোটি টাকায় পিএসজিতে পাড়ি দিলেন দেম্বেলে

বার্সেলোনা, ৪ আগস্ট (হি.স.): কিছু দিন আগে বার্সা কোচ জাভি হার্নান্দেজ জানিয়েছিলেন পিএসজিতে যাচ্ছেন উসমান দেম্বেলে।জাভির কথাটাই ঠিক হলো। ৫০ মিলিয়ন ইউরোতে প্যারিসে গেলেন দেম্বেলে।

পাঁচ বছরের চুক্তিতে এই উইঙ্গারকে টানছে লিগ ওয়ানের চ্যাম্পিয়নরা। দেম্বেলে আনুষ্ঠানিকভাবে পিএসজির সঙ্গে চুক্তি সারবেন দুই একদিনের মধ্যে। আজ শুক্রবার (৪ আগস্ট) হবে তার মেডিকেল। বৃহস্পতিবার রাতে এ খবর জানিয়েছেন, দলবদল বিষয়ক নির্ভরযোগ্য সূত্র ফ্যাব্রিজিও রোমানো।

বার্সা কোচ জাভি বলেছেন, ""''সরাসরি দেম্বেলে জানিয়েছিল ক্লাব ছাড়তে চায়। পিএসজি থেকে তার কাছে প্রস্তাব আছে। আমাদের এ নিয়ে কিছুই করার নেই। এটা তার ব্যক্তিগত সিদ্ধান্ত।""''

## চাঁদের মাটি স্পর্শ করার প্রতীক্ষায় চন্দ্রযান-৩, সাফল্যের সঙ্গে উতরোতে চায় ইসরো



বেঙ্গালুরু, ৪ আগস্ট (হি.স.): ইসরোর চন্দ্রযান-৩ পৃথিবীর মায়া ত্যাগ করেছে কয়েকদিন হল, সব ঠিকঠাক চললে শনিবার অর্থাৎ ৫ আগস্ট চন্দ্রযান-৩ পৌঁছে যেতে পারে চাঁদের কক্ষে। কিন্তু তার আগের সময়ে বড় ঝুঁকিও রয়েছে। সাফল্যের সঙ্গেই সবকিছু উতরোতে চায় ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)। গত সোমবার অর্থাৎ গত ৩১ জুলাই পৃথিবীর কক্ষপথ ছেড়ে নিজের গতি বাড়িয়ে চাঁদের কক্ষের উদ্দেশে পাড়ি দিয়েছে ভারতের চন্দ্রযান-৩। ১ আগস্ট ইসরো জানিয়েছে, চন্দ্রযান-৩ পৃথিবীর চারপাশে প্রদক্ষিণ শেষ করে চাঁদের দিকে যাত্রা শুরু করেছে। তার পর চাঁদের আকর্ষণকে কাজে লাগিয়ে তার চারপাশে বেশ কয়েক পাক ঘুরে ক্রমশ গতি কমিয়ে তা চলে আসবে চন্দ্রপৃষ্ঠ থেকে মাত্র ১০০ কিলোমিটার দূরে। তার পর শুরু হবে সবচেয়ে কঠিন পরীক্ষা। পালকের মতো ভেসে ভেসে আলতো করে চাঁদের মাটিতে অবতরণ করাতে হবে ল্যান্ডার বিক্রমকে। যার ভিতরে থাকা চন্দ্র অভিযাত্রী যান প্রজ্ঞান নেমে আসবে চাঁদের মাটিতে। শুরু হবে চাঁদের মাটিতে ভারতের পথচলা। গত বার এই পালকের মতো অবতরণ করতে ব্যর্থ হয়েছিল চন্দ্রযান-২। এ বার সেই ভুল ইসরো শুধরোতে পারবে কি না সেটা দেখার। তবে তারও আগে চন্দ্রযান-৩-কে যথাযথ ভাবে স্থাপন করতে হবে চাঁদের কক্ষে। যাবতীয় পরিস্থিতির দিকেই এখন নজর ইসরোর।

## হিমাচলে বর্ষা বিপর্যয় : মৃত্যু কমপক্ষে ১৯৯ জনের, এযাবৎ নিখোঁজ ৩১ জন

শিমলা, ৪ আগস্ট (হি.স.): এবারের বর্ষায় বৃষ্টির দুর্য্যোগে বিপর্যস্ত হয়ে পড়ল পাহাড়ি রাজ্য হিমাচল প্রদেশ। হিমাচল প্রদেশে বৃষ্টি দুর্য্যোগে এখনও পর্যন্ত ১৯৯ জনের মৃত্যু হয়েছে, শুক্রবার সকাল পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি ৩১ জনকে। মৃত ১৯৯ জনের মধ্যে ভূমিধসের কারণে ৫৭ জনের মৃত্যু হয়েছে, আকস্মিক বন্যা, গাড়ি দুর্ঘটনা ও অন্যান্য কারণে প্রাণ হারিয়েছেন ১৪২ জন।

হিমাচল প্রদেশের দুর্য্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছে, এখনও পর্যন্ত নিখোঁজ রয়েছেন ৩১ জন। মোট আহতের সংখ্যা ২২৯। বৃষ্টি দুর্য্যোগে বিপুল পরিমাণে ক্ষয়ক্ষতিও হয়েছে। ৭৭৪টি বাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে, ৭৩১৭টি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে ২৫৪টি দোকান। রাজ্যে এবারের বর্ষার সময় ৭৯টি ভূমিধসের ঘটনা ঘটেছে। প্রায় ৩০০টি রাস্তা বন্ধ হয়ে পড়েছে, বিস্তীর্ণ এখনও বিদ্যুৎ নেই।

## প্রধানমন্ত্রীর বোন বাসন্তী বেন নীলকান্ত মন্দিরে পূজো দেন



ঋষিকেষ, ৪আগস্ট(হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বোন বাসন্তী বেন তার স্বামী হাসমুখের সঙ্গে শ্রাবণ মাসে নীলকান্ত মহাদেব মন্দিরে দর্শন করেন। সেখানে তিনি পূজা-অর্চনাও করেন। শিবলিঙ্গের অভিষেক করে পরিবার ও দেশের সুখ-সমৃদ্ধির জন্য প্রার্থনা করেন।

এরপর বাসন্তী বেন কোঠার গ্রামে অবস্থিত কোঠার গ্রামে যান। সেখানে মন্দির চত্বরে তিনি উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের বোন শশী পায়েলের সঙ্গে দেখা করেন। ভালো-মন্দ খোঁজ নেওয়ার পর ঘর-পরিবার সহ নানা বিষয় নিয়ে তাদের দুজনের মধ্যে কথোপকথন হয়।

প্রধানমন্ত্রীর বোন ব্রহ্মা পুরিতে অবস্থিত শ্রীরাম তপস্থলী আশ্রমের মহামণ্ডলেশ্বর স্বামী দয়ারাম দাস মহারাজের কাছ থেকেও আশীর্বাদ নেন। শশী পায়েলের সঙ্গে, বাসন্তী বেনের অনেকসময় ধরে আলাপ-চারিতা চলে। বাসন্তী বেন, তাঁকে বলেন, তাঁর ভাই মোদী দেশের জন্য সর্বস্ব উৎসর্গ দিয়েছেন, অন্যদিকে অপর ভাই যোগী আদিত্যনাথ দেশের বৃহত্তম রাজ্য উত্তর প্রদেশের জন্য নিজের জীবন দিয়ে দিচ্ছেন। এই যাত্রায় তাঁর সঙ্গে ছিলেন ঋষিকেশ বিজেপি মহিলা মোর্চার জেলা সভাপতি কবিতা শাহ। যোগী আদিত্যনাথের বোন বলেন, প্রধানমন্ত্রীর বোনের সঙ্গে কাটানো মুহুর্তগুলো তিনি সবসময় মনে রাখবেন।

## বৃষ্টির ঘাটতি মিটল না দক্ষিণবঙ্গে; ফের চড়বে তাপমাত্রা, থাকবে আর্দতার অস্বস্তিও

কলকাতা, ৪ আগস্ট (হি.স.): বৃষ্টির ঘাটতি মিটল না দক্ষিণবঙ্গে, তবে নিম্নচাপের বৃষ্টিতে কিছুটা হলেও মুখে হাসি ফুটেছে ধানচাষিদের। সেই আনন্দ অবশ্য সাময়িকের জন্যই। কলকাতা-সহ দক্ষিণবঙ্গে ফের চড়বে তাপমাত্রার পারদ, থাকবে আর্দতার অস্বস্তিও, এমনই পূর্বাভাস আলিপুর আবহাওয়া দফতরের। শুক্রবার থেকে দক্ষিণবঙ্গের আবহাওয়ার অনেকটাই পরিবর্তন হতে চলেছে। বৃষ্টিও থেমে গিয়েছে। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আগামী ৩-৪ দিনে বাড়বে তাপমাত্রার পারদ, ২-৪ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত তাপমাত্রা বাড়তে পারে। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি।

আবহবিদরা জানিয়েছেন, বাতাসে রয়েছে জলীয় বাষ্প, তাই আর্দতা জনিত অস্বস্তিও বজায় থাকবে। আগামী কয়েক দিনে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই দক্ষিণবঙ্গের কোনও জেলাতেই। দক্ষিণে সেভাবে বৃষ্টির সম্ভাবনা না থাকলেও, হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে উত্তরবঙ্গের সমস্ত জেলাতে। আগামী কয়েক দিন বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টি চলবে উত্তরবঙ্গের ওপরের পাঁচ জেলা, যথাক্রমে-দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার ও জলপাইগুড়িতে। বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা মালদা ও দুই দিনাজপুরে। ৬ আগস্ট রবিবার থেকে বৃষ্টি বাড়বে উত্তরবঙ্গে।

## জ্ঞানবাপী মসজিদে এএসআই-এর সমীক্ষার কাজ শুরু, জোরদার করা হয়েছে নিরাপত্তা



বারাণসী, ৪ আগস্ট (হি.স.): এলাহাবাদ হাইকোর্টের ছাড়পত্র পাওয়ার পর, শুক্রবার সকাল থেকেই উত্তর প্রদেশের বারাণসীর জ্ঞানবাপী মসজিদে বৈজ্ঞানিক সমীক্ষার কাজ শুরু করে দিয়েছে ভারতের পুরাতাত্বিক সর্বেক্ষণ সংস্থা (আর্কিয়োলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া বা এএসআই)। শুক্রবার সকাল সাতটা থেকে শুরু হয়েছে বৈজ্ঞানিক সমীক্ষার কাজ। সমীক্ষাকে ঘিরে যাতে কোনও রকম অপ্রীতিকর ঘটনা না ঘটে, তাই জ্ঞানবাপী মন্দির চত্বরের বাইরেও জোরদার করা হয়েছে নিরাপত্তা। হিন্দু পক্ষের আইনজীবী সুভাষ নন্দন চতুর্বেদী বলেছেন, 'সবাই (এএসআই আধিকারিক-সহ) এসে পৌঁছেছেন। সমীক্ষার কাজ শুরু হয়েছে।'

উল্লেখ্য, মুসলিম পক্ষের আর্জি খারিজ করে জ্ঞানবাপী মসজিদে পুরাতাত্ত্বিক সমীক্ষায় সায় দিয়েছে এলাহাবাদ হাইকোর্ট। এলাহাবাদ হাইকোর্টের অনুমতির পরই শুক্রবার সকাল থেকে শুরু হয়েছে এএসআই-এর সমীক্ষার কাজ। তবে বিতর্কিত ওজুখানায় পাওয়া তথাকথিত 'শিবলিঙ্গ' এবং সন্নিহিত এলাকায় এখনই কোনও সমীক্ষা হবে না বলে বারাণসী জেলা আদালত গত ২১ জুলাই যে নির্দেশ দিয়েছিল, তা বহাল রেখেছে এলাহাবাদ হাইকোর্ট। এদিকে, এলাহাবাদ হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে আবার শীর্ষ আদালতের শরণাপন্ন হয়েছে মসজিদ কমিটি। প্রসঙ্গত, এর আগে গত ২৪ জুলাইও জ্ঞানবাপী মসজিদে বৈজ্ঞানিক সমীক্ষার কাজ শুরু হয়েছিল, কিন্তু সেই দিন মুসলিম পক্ষের আবেদনের প্রেক্ষিতে জ্ঞানবাপী মসজিদে এএসআই-এর সমীক্ষার কাজ বন্ধ রাখার নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট।

## সোনারপুরে সেপটিক ট্যাঙ্ক থেকে উদ্ধার তরুণীর অর্ধনগ্ন মৃতদেহ, তদন্তে পুলিশ

সোনারপুর, ৪ আগস্ট (হি.স.): দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরে নির্মীয়মাণ বাড়ির সেপটিক ট্যাঙ্ক থেকে উদ্ধার হল এক মহিলার অর্ধনগ্ন মৃতদেহ। সোনারপুর থানার অন্তর্গত কুস্তিয়া এলাকার ঘটনা। এখানেই একটি নির্মীয়মান বাড়ির সেপটিক ট্যাঙ্ক থেকে শুক্রবার এক তরুণীর অর্ধনগ্ন পচাগলা দেহ উদ্ধার করেছে পুলিশ। স্থানীয়রা দুর্গন্ধ পেয়ে পুলিশকে খবর দিলে পুলিশ এসে দেহটি উদ্ধার করে। মৃতের নাম পরিচয় জানা যায়নি। ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

কিভাবে ওই দেহ এখানে এল সে বিষয়েও তদন্ত শুরু করেছে সোনারপুর থানার পুলিশ। তবে পুলিশের প্রাথমিক অনুমান, খুন করে দেহ লোপাটের জন্যই ওই তরুণীর দেহ সেপটিক ট্যাঙ্কে ফেলে দেওয়া হয়েছিল। এর পিছনে কে বা কারা রয়েছে সে বিষয়েও তদন্ত শুরু করেছে সোনারপুর থানার পুলিশ।

## বুদ্ধদেবের শারীরিক অবস্থার উন্নতি, রয়েছেন চিকিৎসকদের পর্যবেক্ষণে



কলকাতা, ৪ আগস্ট (হি.স.): প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য আগের থেকে ভালই আছেন। সর্বদা চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছেন তিনি। শুক্রবার সকালে উডল্যান্ডস হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, বুদ্ধদেবের সংক্রমণের মাত্রা অনেকটাই কমেছে। রক্তপরীক্ষার রিপোর্ট নতুন করে উদ্বেগ বাড়ায়নি। তাঁকে অল্প স্যুপ খাওয়ানো হয়েছে।

সকালের বুলেটিনে জানানো হয়েছে, বুদ্ধদেবকে নন-ইনভেসিভ ভেন্টিলেটরে রাখা হয়েছে। তাঁর অবস্থা স্থিতিশীল। বুদ্ধদেবকে দেখেছেন পালমনোলজিস্ট ধীমান গঙ্গোপাধ্যায়। তিনি কিছু পরামর্শ দিয়েছেন। প্রাক্তন মুখ্যমন্ত্রীর বুকের ইউএসজি রিপোর্ট পেয়ে কিছুটা স্বস্তির লক্ষণ দেখছেন চিকিৎসকরা। বৃহস্পতিবার বিকেলে বুকের ইউএসজি হয়েছিল অসুস্থ প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্যের।

সন্ধ্যায় সেই পরীক্ষার রিপোর্ট দেখে চিকিৎসকেরা জানান, বুদ্ধদেবের শারীরিক অবস্থা নিয়ে এখনই অস্বস্তির কিছু পাননি তাঁরা। বৃহস্পতিবার সন্ধ্যার মেডিক্যাল বুলেটিনে বলা হয়, আপাতত পরিস্থিতির কোনও অবনতি হয়নি। নতুন কোনও চিকিৎসা শুরু করারও প্রয়োজন হচ্ছে না। প্রাক্তন মুখ্যমন্ত্রীর শারীরিক অবস্থা স্থিতিশীল। তাঁর জ্ঞান রয়েছে। তিনি চিকিৎসকদের কথায় সাড়া দিচ্ছেন।

## পাটনা বিমাবন্দরে জরুরি অবতরণ দিল্লিগামী ইন্ডিগো বিমানের, সমস্ত যাত্রী সুরক্ষিত

পাটনা, ৪ আগস্ট (হি.স.): বিহারের পাটনা বিমানবন্দরে জরুরি অবতরণ করল দিল্লিগামী ইন্ডিগোর একটি বিমান। শুক্রবার সকালে পাটনা বিমানবন্দরে জরুরি অবতরণ করে ইন্ডিগোর ৬ই ২৪৩৩ দিল্লিগামী বিমান। ইন্ডিগোর পক্ষ থেকে জানানো হয়েছে, পাটনা বিমাবন্দর থেকে উড়ানের ৩ মিনিটের মধ্যেই পাইলট বুঝতে পারেন একটি ইঞ্জিন ঠিক মতো কাজ করছে না। কোনও রকম ঝুঁকি না নিয়ে বিমানটি পাটনা বিমানবন্দরেই অবতরণ করানোর সিদ্ধান্ত নেন তিনি। ইন্ডিগো কর্তৃপক্ষ জানিয়েছে, শুক্রবার সকাল ৯.১১ মিনিট নাগাদ পাটনা বিমানবন্দরে জরুরি অবতরণ করে ইন্ডিগোর ৬ই ২৪৩৩ দিল্লিগামী

## উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগে প্রবল ভূমিধস; ধ্বংসস্তূপে পরিণত ৩টি দোকান, ১০-১২ জন নিখোঁজ



রুদ্রপ্রয়াগ, ৪ আগস্ট (হি.স.): দুর্য্যোগ থামছেই না দেবভূমি উত্তরাখণ্ডে। এবার উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগে প্রবল ভূমিধসের জেরে ধ্বংসস্তূপে পরিণত হল ৩টি দোকান। এই ঘটনায় ১০-১২ জনের কোনও খোঁজ পাওয়া যায়নি। প্রবল বর্ষণের জেরে বৃহস্পতিবার রাতে গৌরীকুন্ড পোস্ট ব্রিজের কাছে ভূমিধসের ঘটনা ঘটে, ৩টি দোকান ক্ষতিগ্রস্ত হয়েছে। ঘটনাস্থলে পৌঁছেছে জেলা প্রশাসনের দল, বিপর্যয় মোকাবিলা দল, পুলিশ দল, এসডিআরএফ, এনডিআরএফ এবং অন্যান্য দল। রুদ্রপ্রয়াগের এসপি ডঃ বিশাখা বলেছেন,, 'নিখোঁজদের খুঁজে বের করতে অভিযান চলছে।' দুর্য্যোগ ব্যবস্থাপনা অফিসার দিলীপ সিং রাজওয়ার বলেছেন, 'আমরা জানতে পেরেছি, পাহাড় থেকে পাথর পড়ায় এবং ভারী বৃষ্টিপাতের কারণে ৩টি দোকান ক্ষতিগ্রস্ত হয়েছে... াৎক্ষণিকভাবে তল্লাশি অভিযান শুরু করা হয়েছিল। ১০-১২ জন সেখানে ছিলেন, শুক্রবার সকাল পর্যন্ত তাঁদের খোঁজ পাওয়া যায়নি।'

## দুর্গাপুজোর কাউন্টডাউন শুরু

কলকাতা, ৪ আগস্ট (হি.স.): দুর্গাপুজোর কাউন্টডাউন ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে, আর মাত্র কয়েকমাস বাকি। তারপর আলোকমালায় সেজে উঠবে মহানগরী তিলোত্তমা। শুধুমাত্র কলকাতা নয়, দুর্গাপুজোকে ঘিরে বিদেশেও বাঙালির মধ্যে উন্মাদনা কম নয়। বিদেশ থেকে কলকাতার কুমোরটুলিতে প্রতি বছরের মতো এবারও দূর্গা প্রতিমার বরাত এসেছিল, সেই সমস্ত প্রতিমা তৈরির কাজ এখন সম্পন্ন। মা দুর্গার কিছু প্রতিমা ইতিমধ্যেই বিদেশে রওনা হয়েছে, আরও কিছু প্রতিমা কুমোরটুলি থেকে বিদেশে যাওয়ার অপেক্ষায়।এবার আমেরিকা, কানাডা, জার্মানি ও অস্ট্রেলিয়া থেকে দূর্গা প্রতিমার বরাত

## এসি পড়ুয়ার প্রিমেট্রিক স্কলারশিপের দরখাস্ত আহ্বান

হাইলাকান্দি (অসম), ৪ আগস্ট (হি.স.) : হাইলাকান্দির সাব ডিভিশন্যাল ওয়েলফেয়ার অফিসার এক বিজ্ঞপ্তিতে জেলার ক্লাস ওয়ান থেকে এইট পর্যন্ত সিডিউয়াল কাস্ট পড়ুয়াদের ২০২৩-২৪ প্রিম্যাট্রিক স্কলারশিপ এর দরখাস্ত আহ্বান করেছেন। জেলার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের মাধ্যমে এই দরখাস্ত আগামী ৩০ আগস্ট এর মধ্যে হাইলাকান্দির সাবডিভিশন্যাল ওয়েলফেয়ার অফিসারের কার্য্যালয়ে জমা দিতে হবে। বিশদ বিবরণ এবং ফর্ম ওই অফিসে পাওয়া যাবে।

# কাজের সন্ধান

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **এ.এন.এম (বহিঃরাজ্যে স্বাস্থ্য বিভাগ),**
শূন্যপদ ঃ ২০৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, এ.এন.এম পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ আগস্ট,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ট্রেনি (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১২৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ আগস্ট,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সি.এইচ.ও (বহিঃরাজ্যে স্বাস্থ্য বিভাগ),**
শূন্যপদ ঃ ৮১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ জি.এন.এম, বিএএমএস পাশ,
বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ আগস্ট,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এস.আই. (সেন্ট্রাল পুলিশ),**
শূন্যপদ ঃ ১৮৭৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য)
বয়স ঃ ২০ - ২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ আগস্ট,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনেশিয়ান, সেলস এক্সিকিউটিভ, কাস্টমার কেয়ার সার্ভিস (প্রাইভেট সেক্টর),**
আগরতলায় 'চাকুরি মেলা'র মাধ্যমে নিয়োগ,
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি থেকে ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
আগরতলায় নির্দিষ্ট স্থানে ওয়াক-ইন-ইন্টারভিউ বা সরাসরি ইন্টারভিউ ৭ আগস্ট।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ফার্মাসিস্ট, অ্যালোপেথি (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ২০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশের পর ডি.ফার্মা অথবা বি.ফার্মা অথবা ফার্ম.ডি পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ আগস্ট,
লিখিত পরীক্ষার কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে বা দপ্তরের ওয়েবসাইটে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর)**
শূন্যপদ ঃ ১০৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৪-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ আগস্ট,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এক্সিকিউটিভ (পোস্টাল ব্যাঙ্ক)**
শূন্যপদ ঃ ১৩২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২১-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ আগস্ট,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **জুনিয়র ইঞ্জিনিয়ার (কেন্দ্রীয় সরকার),**
শূন্যপদ ঃ ১৩৪২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল নিয়ে ডিপ্লোমা বা ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮ - ৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ আগস্ট,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অগ্নিবীর বায়ু (এয়ার ফোর্স),**
শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা পাশ,
বয়স ঃ ১৭-২০ বছর,
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ আগস্ট,
বাছাইকৃতদের পরীক্ষা, স্কিল টেস্ট, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ এগ্রিকালচার (বহিঃরাজ্যে),**
শূন্যপদ ঃ ১২২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট বিষয়ে গ্র্যাজুয়েট পাশ, অধিক যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ আগস্ট,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ম্যানেজার, ফোরম্যান (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১২২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজিপাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ আগস্ট,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **নন-টিচিং ও টিচিং স্টাফ (জাতীয় শিক্ষা সোসাইটি),**
শূন্যপদ ঃ ৬৩২৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ আগস্ট,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **প্রিন্সিপাল, পিজিটি, একাউন্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট, এটেন্ড্যান্ট (কেন্দ্রীয় শিক্ষা),**
শূন্যপদ ঃ ৪০৬২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, প্রাসঙ্গিক যোগ্যতাও আবশ্যক,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ আগস্ট পর্যন্ত বাড়ানো হয়েছে,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অফিসার (ব্যাঙ্ক),**

## আগরতলায় পরীক্ষার মাধ্যমে ডিপ্লোমা ডিগ্রি ইঞ্জিনিয়ারদের থেকে ১৩৪২ নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** কেন্দ্রীয় সরকারের সারা দেশের অফিসগুলিতে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে ১৩৪২ নিয়োগের জন্য প্রার্থীবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন। জুনিয়র ইঞ্জিনিয়ার এগজামিনেশন, ২০২৩ পরীক্ষার মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার ভিত্তিক অবজেক্টিভ টাইপের পরীক্ষা নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা - সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যালে ডিপ্লোমা বা ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ। চাকরি হবে সি.পি.ডব্লিও.ডি, সেন্ট্রাল ওয়াটার কমিশন, পোস্টাল ডিপার্টমেন্ট, বর্ডার রোড অর্গানাইজেশন, এন.টি.আর ইত্যাদি অর্গানাইজেশনে। মূল মাইনে - লেভেল ৬ অর্থাৎ ম্যাট্রিক্স ৭ সেন্ট্রাল পে কমিশন মোতাবেক প্রতি মাসে ৩৫,৪০০ - ১,১২,৪০০ টাকা স্কেলে।

অন্তত সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যালে ডিপ্লোমা বা ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাশ তরুণ-তরুণীরা ০১-০৮-২০২৩ তারিখে ১৮ থেকে ৩২ বছর হলে আবেদন করতে পারেন। তবে এবছর যাঁরা ফাইন্যাল পরীক্ষায় বসছেন, ফল প্রকাশিত হওয়ার অপেক্ষায়, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী প্রার্থীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। যেমন, ওবিসি-দের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর, এসসি/এসটি-দের জন্য ৩৭ বছর, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪২ বছর। পদগুলো গ্রুপ-বি নন্ গ্যাজেটেড। শূন্যপদের মোট সংখ্যা ১৩৪২ হলেও নিয়োগের সময় তা বাড়তে পারে বলে খবর রয়েছে।

দরখাস্ত করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। অনিবার্য কারনে চিরাচরিত পদ্ধতিতে অর্থাৎ অফলাইনে দরখাস্ত পাঠানোর পদ্ধতি ওঠে গেছে। অনলাইনে দরখাস্ত করতে হলে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্‌জাম-ফি লাগবে না। তবে ছবি-সই স্ক্যানিং, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ, রেজিস্ট্রেশন প্রিন্ট আউট, কল লেটার ডাউনলোড করার সমস্ত খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ ওয়েবসাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ১৬ আগস্টের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ১৬ আগস্ট। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন। নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। মোবাইল এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে, ব্যাঙ্ক চালান পদ্ধতিতে পরীক্ষার ফি জমা দেওয়ার লক্ষ্যে এগুতে হবে। অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি নির্দিষ্ট ব্যাঙ্কে জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। ব্যাঙ্ক চালান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্টের পর ই-রিসিপ্ট কপিও যত্ন করে রাখবেন। সাক্ষাৎকারের দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড, প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি সাক্ষাৎকারের সম্ভাব্য প্রশ্নোত্তর সহ এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে স্থায়ী মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ৩/(২)/ ২০২৩ - পিএন্ড পি-টু।। বলা বাহুল্য, অনলাইনে দরখাস্ত করার পর অবশ্যই দরখাস্তের প্রিন্ট-আউট এবং পরীক্ষার ফি জমা করার বিশেষ ই-রিসিপ্ট কপি নিজের কাছে যত্ন করে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

মোট শূন্যপদ ১৩৪২টির মধ্যে এসসি'র জন্য ২০৬টি, এসটি'র জন্য ৯৬টি, ওবিসি'র জন্য ২৮৮টি এবং ইডব্লিওএস প্রার্থীর জন্য ১২১টি পদ সংরক্ষিত। অবশিষ্ট ৬১৩টি পদ অসংরক্ষিত। এছাড়া, ১৬টি পদ শারীরিক প্রতিবন্ধী এবং ১১টি পদ অন্যান্যদের জন্য সংরক্ষিত রয়েছে। প্রার্থীবাছাই হবে স্টাফ সিলেকশন কমিশনের 'জুনিয়র ইঞ্জিনিয়ার এগজামিনেশন, ২০২৩-এর মাধ্যমে। পরীক্ষায় থাকবে দুটি পর্ব। প্রথম পর্বে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা। ২০০ নম্বরের, অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। তাতে থাকবে ৩ পেপার, দু'টিতে ৫০টি করে প্রশ্ন, ১০০ নম্বর। অপরটিতে ১০০ প্রশ্ন, ১০০ নম্বর। পেপারগুলি হল জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস এবং নিজস্ব বিষয়ের ওপর জেনারেল ইঞ্জিনিয়ারিং। সব প্রশ্নই হবে ইংরেজি এবং হিন্দিতে দ্বিভাষিক। সব পেপারেই আলাদা-আলাদা ভাবে সফল হতে হবে। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতিটি ভুলের জন্য ০.২৫ নম্বর অর্থাৎ ৪টি ভুলের জন্য ১ নম্বর খোয়াতে হবে। ২ ঘন্টার পরীক্ষা, সকাল ১০টা থেকে ১২টা। বিকেলের শিফ্‌ট হলে বেলা ২টো থেকে ৪টে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষার ফল বেরোলে সফল প্রার্থীরা তার দু'এক মাসের মধ্যেই পেপার-টু'র জন্য ডাক পাবেন। পরীক্ষাকেন্দ্র হবে পূর্বাঞ্চল, মধ্যাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের জন্য মোট ২৭টি জায়গায়: ত্রিপুরার প্রার্থীরা আগরতলায় পরীক্ষা কেন্দ্র পেয়ে যাবেন। যে অঞ্চলে আবেদন করবেন কেবল সেখানকার যে-কোনও তিনটি পরীক্ষাকেন্দ্র বাছাই করে ক্রমানুসারে উল্লেখ করতে হবে। পরীক্ষা নেওয়া হবে অক্টোবরে, তবে কল লেটারের মাধ্যমে নির্দিষ্ট সময়সূচি জানানো হবে।

## ত্রিপুরায়ও নিয়োগ, আগরতলায় পরীক্ষা ব্যাঙ্কে সারা দেশে ৩০৪৯ জন অফিসার

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** ত্রিপুরা সহ সারা দেশে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে চাকরির সুযোগ এসেছে। ব্যাঙ্কে চাকরী পেতে হলে দুটো পরীক্ষা দিতে হচ্ছে। প্রথমটি প্রিলিমিনারি, পরেরটি মেন পরীক্ষা। শুরু হলো আইবিপিএসের কমন পরীক্ষায় পি.ও পদে নিয়োগের দরখাস্ত গ্রহণের কাজ। দেশের সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোর মধ্যে ৫টি ব্যাঙ্কের ৩০৪৯টি শূন্যপদের সংখ্যা জানানো হয়েছে। অন্যান্য ব্যাঙ্কগুলোর শূন্যপদ নিরূপনের কাজ চলছে। সব ক'টি ব্যাঙ্কের শূন্যপদের সংখ্যা হিসেব করলে তা ৭ হাজার ছাপিয়ে যাবে বলে তথ্যবিদদের ধারণা। এককথায়, প্রবেশনারি অফিসার পদে কয়েক হাজার শূন্যপদে নিয়োগের জন্য প্রাথমিক বাছাইয়ের কাজ শুরু করছে ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন। ঘোষিত ৩,০৪৯টি শূন্যপদের মধ্যে ১২২৪টি পদ অসংরক্ষিত। অর্থাৎ জেনারেল, ওবিসি, এসসি ও এসটি প্রত্যেক প্রার্থীরাই আবেদন করতে পারেন। এছাড়া, ৪৬২টি পদ এসসি বা তফশিলি জাতিভুক্ত প্রার্থীর জন্য, ২৩৪টি পদ এসটি বা তফশিলি উপজাতিভুক্ত প্রার্থীর জন্য এবং ৮২৯টি পদ ওবিসি'র জন্য এবং ৩০০টি পদ ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত রয়েছে। মোট শূন্যপদের মধ্যে ১৪৩টি পদ আবার শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত রয়েছে। অনলাইনে দরখাস্ত করতে হবে ২১ আগস্টের মধ্যে। আবেদনের জন্য প্রয়োজনীয় যোগ্যতা, বয়স, নিয়মকানুন, নিয়োগ পদ্ধতি ইত্যাদি এঁদের ওয়েবসাইটে পেয়ে যাবেন। বস্তুত এই পরীক্ষায় সফল হলে ১ বছরের জন্য বৈধ স্কোরকার্ড দেওয়া হবে, অপরদিকে সদস্য ব্যাঙ্কগুলি তাঁদের নিজ-নিজ প্রয়োজনমতো বিভিন্ন শূন্যপদের বিজ্ঞপ্তি প্রকাশ করবেন সময়ে-সময়ে। সেই বিজ্ঞপ্তির উত্তরে যোগ্যতা, বয়স, অভিজ্ঞতা, দক্ষতা ইত্যাদির শর্ত মিললে আবেদন করা যাবে এই স্কোরকার্ডের ভিত্তিতে। ব্যাঙ্ক তখন তাঁদের প্রয়োজন অনুযায়ী সাক্ষাৎকার, গ্রুপ ডিসকাশন ইত্যাদির জন্য ডাকবেন আবেদনকারীদের স্কোরকার্ডের মূল্যায়নের ভিত্তিতে। আরও ভালো স্কোরকার্ড করার জন্য আবার আইবিপিএসের পরীক্ষা দিতে পারেন। স্কোরকার্ড যখন ইস্যু করা হবে তখন থেকে ১ বছর তার মেয়াদ থাকবে। এই পরীক্ষায় বসার জন্য যোগ্যতা দরকার ২১-০৮-২০২২ তারিখের মধ্যে যে-কোনও শাখার সাধারন গ্র্যাজুয়েট ডিগ্রি অর্থাৎ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই এবং ০১-০৮-২০২৩ তারিখের হিসেবে ২০ থেকে ৩০-এর মধ্যে বয়স। এস সি/ এস টি প্রার্থীরা ৫ বছরের এবং ওবিসি প্রার্থীরা ৩ বছরের যথারীতিবয়সের ছাড় পাবেন। এছাড়াও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছরের ছাড় পেয়ে যাবেন। সেপ্টেম্বরে অথবা অক্টোবরে প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে অনলাইনে। তবে কার, কবে পরীক্ষা- জানিয়ে দেওয়া হবে কল লেটারে। কল লেটার পেয়ে যাবেন পরীক্ষার সাত দিন আগে অনলাইনে, এঁদের ওয়েবসাইটে। কল লেটারের সংকেত পাবেন এসএমএস-এ। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষাকেন্দ্র হবে আগরতলা বা তার সন্নিকটে কম্পিউটারভিত্তিক বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ২১ আগস্টের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২১ আগস্ট। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই, লেফ্‌ট থাম্ব ইমপ্রেশন, ডিক্লারেশন এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে ফি পেমেন্ট চালান পাবেন প্রিন্ট-আউট নেবার জন্য। এর পর আর কোনও রদবদল করতে পারবেন না। তখনই চালানের প্রিন্ট-আউট নিয়ে পূরণ করে একদিন পরে অর্থাৎ ব্যাঙ্কের সেদিন বাদে ২য় বা ৩য় বা ৪র্থ কাজের দিন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের যে-কোনও শাখায় গিয়ে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট টাকা জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার 'ই-রিসিপ্ট' ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। অনলাইনে দরখাস্ত জমার ক্ষেত্রে টাকা জমার দুদিন পর দরখাস্ত গ্রহণের স্বীকৃতি পত্র আপনি পাবেন আপনার মেলবক্স/ এসএমএসে। তবে চালানের মাধ্যমে ফি জমার পন্থায় না গিয়ে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফ্‌ট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড, প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন।

যে ব্যাঙ্কগুলির চাকরির জন্য এই পরীক্ষা সেগুলি হলঃ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় ২২৪টি, কানাড়া ব্যাঙ্কে ৫০০টি, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় ২০০০টি, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২০০টি, পাঞ্জাব এন্ড সিন্ধ ব্যাঙ্কে ১২৫টি। প্রতিটি ব্যাঙ্কের ক্ষেত্রে এসসি, এসটি, ওবিসি, ইডব্লিওএস এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত এবং সামগ্রিক অসংরক্ষিত শূন্যপদের বিস্তারিত বিভাজন এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। বলাবাহুল্য, এগুলি সবই রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক। এই পরীক্ষা চালু করার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন, ব্যাঙ্কগুলির পরিচালন পর্যদের সম্মতি ও আইবিএ-র কর্তৃপক্ষের সায় রয়েছে। পরীক্ষা হবে অবজেক্টিভ টাইপের। প্রথমে ১ ঘন্টার, ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা। এতে সফল হলে মেইন পরীক্ষা মোট ২০০ নম্বর, ২০০টি প্রশ্ন, সময় ১২০ মিনিট। অবজেক্টিভের সব অংশেই নূন্যতম সাফল্য মান পেলেই স্কোরকার্ড পাবেন। পরীক্ষা হবে ত্রিপুরার প্রার্থীদের জন্য আগরতলায় (রাজ্য কোড ৪২), পশ্চিমবঙ্গের (রাজ্য কোড ৪৫) কলকাতা, দুর্গাপুর, শিলিগুড়ি ও বহরমপুরে, আসামের (রাজ্য কোড ১৪) গুয়াহাটি, জোরহাট, শিলচর ও ডিব্রুগড়ে, ওড়িশার (রাজ্য কোড ৩৬) ভুবনেশ্বর, বেরহ্যামপুর, বালেশ্বর, কটক ও সম্বরপুরে। অন্যান্য রাজ্যের পরীক্ষা কেন্দ্র ওয়েবসাইটে পাবেন।

## পরীক্ষার মাধ্যমে স্কুলে ৪০৬২ চাকরির দরখাস্তের সময় বাড়িয়ে সুযোগ বৃদ্ধি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** অনলাইনে দরখাস্তের সময়সীমা বাড়ানো হয়েছে। যাঁরা এখনও দরখাস্ত করেননি, উপযুক্ত হলে ১৮ আগস্টের মধ্যে অনলাইনে আবেদন করতে পারেন। এক্ষেত্রে শূন্যপদের সংখ্যাও প্রায় ৬ হাজার বর্ধিত রয়েছে। অপর একটি বিজ্ঞপ্তি অনুযায়ী একই সোসাইটির অধীনে প্রচুর চাকরির খবর রয়েছে। প্রার্থীদের সুবিধার্থে এখানে তার বিস্তারিত পুনঃপ্রকাশিত হলো। এনইএসটিএস অর্থাৎ ন্যাশনাল এডুকেশন সোসাইটি ফর ট্রাইবাল স্টুডেন্টস, আগরতলা সহ সারা দেশে ৩৭টি শহরে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে 'ইএমআরএস- স্টাফ সিলেকশন এগজাম (ইএসএসই) - ২০২৩' শীর্ষক পরীক্ষা গ্রহণ করবে। পরীক্ষার দিনক্ষণ এখনও স্থির হয়নি। তবে নির্ধারিত সময়ে তা কল লেটারে জানিয়ে দেওয়া হবে। এর জন্য আগামী ১৮ আগস্ট পর্যন্ত ইন্টারনেট বা অনলাইন প্রক্রিয়ায় আবেদন দাখিল করার সময় বাড়ানো হয়েছে। ন্যাশনাল এডুকেশন সোসাইটি ফর ট্রাইবাল স্টুডেন্টস-এর ওয়েবসাইটে লগ অন করে অনলাইনের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। একলব্য মডেল স্কুলে টিচিং ও নন্-টিচিং পদে চাকরির জন্য এই ইএসএসই পরীক্ষা নেওয়া হয়। 'ইএমআরএস- স্টাফ সিলেকশন এগজাম (ইএসএসই) - ২০২৩' শীর্ষক পরীক্ষা এর মধ্যেই দুটি পর্যায়ে গ্রহণ করা হবে। প্রথম শিফটে পেপার-ওয়ান এবং দ্বিতীয় শিফটে পেপার-টু। তবে এবিষয়ে বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

দরখাস্ত করতে হবে কেবলমাত্র অনলাইনে। উপযুক্ত ইচ্ছুক তরুণ-তরুণীরা এঁদের ওয়েবসাইটে লগ অন করে দরখাস্ত করবেন। দরখাস্তের সময় ইন্টারনেট ব্যাঙ্কিং পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা করতে হবে। প্রয়োজনে কম্পিউটার জেনারেটেড চালানের মাধ্যমেও নির্ধারিত পরীক্ষা ফি জমা করতে পারেন। এছাড়া, ব্যাঙ্কিং চার্জ এবং অ্যাপ্লিকেশন খরচ অতিরিক্ত হিসেবে প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্ত করার সময় সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি এবং স্বাক্ষর স্ক্যান করে নির্দিষ্ট মাপ অনুযায়ী জেপিজি ফরম্যাটে আপলোড করে নেবেন। অবশ্যই আগে থেকে বৈধ ই-মেল আইডি এবং মোবাইল ফোন নম্বর প্রস্তুত রাখবেন দরখাস্তে উল্লেখ করার জন্য। একজন প্রার্থী ইচ্ছে করলে এবং উপযুক্ত হলে উভয় পত্রের পরীক্ষা দিতে পারেন। এর জন্য অবশ্যই আগে থেকে দরখাস্তে যেমন উল্লেখ করতে হবে, তেমনি অতিরিক্ত ফিও জমা দিতে হবে।

পরীক্ষা সংক্রান্ত মূল নোটিফিকেশন এবং অন্যান্য সকল তথ্য যেমন শিক্ষাগত যোগ্যতার সমস্ত মাপকাঠি, অনলাইনে দরখাস্ত করার যাবতীয় তথ্য ও নিয়মাবলী পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেল আইডি তৈরি করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, কম্পিউটার জেনারেটেড চালান বের করা ইত্যাদি যাবতীয় কৌশল ও গাইডলাইন এমনকি পরীক্ষার সিলেবাস, কোচিং, বিগত বছরে অন্যান্য রাজ্যে আয়োজিত টেট পরীক্ষার প্রশ্নোত্তর সহ আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। অনলাইনে আবেদন প্রক্রিয়া ১৮ আগস্ট পর্যন্ত বাড়ানো হয়েছে। পরীক্ষার ফি জমা দেওয়ারও শেষ তারিখও ১৮ আগস্ট পর্যন্ত বর্ধিত হয়েছে। এডমিড কার্ড ডাউনলোড করার সময়সীমা এঁদের ওয়েবসাইটে জানানো হবে। তবে পরীক্ষার ঠিক ২ দিন আগে এডমিড কার্ড ডাউনলোড করার সুযোগ থাকবে।

নিয়োগ হবে এই পদগুলোতে ঃ পদের নাম - প্রিন্সিপাল (গ্রুপ-এ) ঃ মোট শূন্যপদ ৩০৩টি, এর মধ্যে অসংরক্ষিত ১২৫টি। এছাড়া, ৩০টি ইডব্লিওএস, ৮১টি ওবিসি, ৪৫টি এসসি, ২২টি এসটি, ১৩টি শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - পোস্ট গ্র্যাজুয়েট টিচার (পিজিটি) (গ্রুপ-বি) ঃ মোট শূন্যপদ ২০৮৬টি, এর মধ্যে অসংরক্ষিত ৮৬৬টি। এছাড়া, ২০৪টি ইডব্লিওএস, ৫৫৭টি ওবিসি, ৩০৮টি এসসি, ১৫১টি এসটি, ৮৪টি শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - পোস্ট গ্র্যাজুয়েট টিচার (পিজিটি) - থার্ড ল্যাঙ্গুয়েজ (গ্রুপ-বি) ঃ মোট শূন্যপদ ১৮০টি, এর মধ্যে অসংরক্ষিত ৮৪টি। এছাড়া, ১৫টি ইডব্লিওএস, ৪৫টি ওবিসি, ২৫টি এসসি, ১১টি এসটি, ৭টি শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট ঃ মোট শূন্যপদ ৭৫৯টি, এর মধ্যে অসংরক্ষিত ৩১১টি। এছাড়া, ৭৫টি ইডব্লিওএস, ২০৪টি ওবিসি, ১১৩টি এসসি, ৫৬টি এসটি, ৩১টি শারীরিক প্রতিবন্ধী এবং ৭৫টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - একাউন্ট্যান্ট ঃ মোট শূন্যপদ ৩৬১টি, এর মধ্যে অসংরক্ষিত ১৪৭টি। এছাড়া, ৩৬টি ইডব্লিওএস, ৯৭টি ওবিসি, ৫৪টি এসসি, ২৭টি এসটি, ১৪টি শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - ল্যাব এটেন্ড্যান্ট ঃ মোট শূন্যপদ ৩৭৩টি, এর মধ্যে অসংরক্ষিত ১৫৪টি। এছাড়া, ৩৭টি ইডব্লিওএস, ১০০টি ওবিসি, ৫৫টি এসসি, ২৭টি এসটি, ১৫টি শারীরিক প্রতিবন্ধী এবং ৩৭টি এক্স-সার্ভিসম্যান প্রার্থীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা - মাধ্যমিক পাশ থেকে গ্র্যাজুয়েট, পোস্ট গ্র্যাজুয়েট পর্যন্ত। বয়স ১৮-৫০ বছর পর্যন্ত। তবে পৃথক পৃথক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সের উর্ধ্বসীমা ভিন্নতর। সমস্ত কিছুর পাশপাশি অন্যান্য পদের ক্ষেত্রেও শূন্যপদের বিভাজন, যোগ্যতা, কারিগরি যোগ্যতা, বয়স, বেতনক্রম ও বিস্তারিত বিষয় জেনে নিতে হবে এঁদের ওয়েবসাইটে লগ্ অন্ করে 'ক্যারিয়ার' ট্যাবে ক্লিক করার মাধ্যমে। প্রয়োজনে হোয়াটসঅ্যাপেও জেনে নিতে পারেন।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** * বহিঃরাজ্যে স্বাস্থ্য বিভাগে **এ.এন.এম**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, এ.এন.এম পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ আগস্ট, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* কর্পোরেট সেক্টরে **ট্রেনি**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ আগস্ট, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্য বিভাগে **সি.এইচ.ও** বা কমিউনিটি হেলথ অফিসারপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮১০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ জি.এন.এম, বিএএমএস পাশ, বয়স ঃ ১৮-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ আগস্ট, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* সেন্ট্রাল পুলিশে **এস.আই.**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৮৭৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, (ফাইন্যাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য), বয়স ঃ ২০ - ২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ আগস্ট, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় প্রাইভেট সেক্টরে **টেকনেশিয়ান, সেলস এক্সিকিউটিভ, কাস্টমার কেয়ার সার্ভিস**পদে নিয়োগের জন্য সরাসরি ইন্টারভিউর ব্যবস্থা করা হচ্ছে। আগরতলায় 'চাকুরি মেলা'র মাধ্যমে নিয়োগ হবে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি থেকে ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), আগরতলায় নির্দিষ্ট স্থানে ওয়াক-ইন-ইন্টারভিউ বা সরাসরি ইন্টারভিউ ৭ আগস্ট।

* রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীনে **ফার্মাসিস্ট, অ্যালোপেথি**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশের পর ডি.ফার্মা অথবা বি.ফার্মা অথবা ফার্ম.ডি পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ আগস্ট, লিখিত পরীক্ষার কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে বা দপ্তরের ওয়েবসাইটে জানানো হবে। * কর্পোরেট সেক্টরে **এপ্রেন্টিস**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৪-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ আগস্ট, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। * ইন্ডিয়ান পোস্ট পেমেন্ট ব্যাঙ্কে **এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২১-৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ আগস্ট, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে, তারিখ কল লেটারে জানানো হবে। * কেন্দ্রীয় সরকারের অধীনে বিভিন্ন প্রযুক্তি দপ্তরে **জুনিয়র ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৪২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল নিয়ে ডিপ্লোমা বা ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮ - ৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ আগস্ট, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।। * ইন্ডিয়ান এয়ারফোর্সে **অগ্নিবীর বায়ু** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা পাশ, বয়স ঃ ১৭-২০ বছর, অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ আগস্ট, বাছাইকৃতদের পরীক্ষা, স্কিল টেস্ট, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। * বহিঃরাজ্যে **অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ এগ্রিকালচার**পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট বিষয়ে গ্র্যাজুয়েট পাশ, অধিক যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ আগস্ট, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

# ভারতীয় নাগরিক ও ভারত এবং বিশ্বের কথা ভেঙে এখন বিদেশ নীতি বাস্তবায়িত হচ্ছে : হরদীপ পুরী



নয়াদিল্লি, ৪ আগস্ট (হি.স.): ভারতীয় নাগরিক ও ভারত এবং বিশ্বের কথা ভেঙে এখন বিদেশ নীতি ও বাণিজ্য নীতি বাস্তবায়িত হচ্ছে। বললেন কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী। শুক্রবার কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী বলেছেন, প্রশস্ত কাঁধের একজন নেতার নেতৃত্বে দেশ স্বাভাবিক সময়ে কেমন চলছে, তা বিচার করলে হবে না। বরং চ্যালেঞ্জের সময় কীভাবে সাড়া দেয় তা বিচার্য। মহামারীর চ্যালেঞ্জ একটি কঠিন চ্যালেঞ্জ ছিল। কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী আরও বলেছেন, প্রধানমন্ত্রী মোদী ব্যক্তিগতভাবে দু""টি পরিস্থিতি পর্যবেক্ষণ করেছেন এবং দু""টি ক্ষেত্রে ২০২১ সালের নভেম্বর এবং ২০২২ সালের মে মাসে পেট্রোল এবং ডিজেলের কেন্দ্রীয় আবগারি উল্লেখযোগ্য অংশে হ্রাস করেছিলেন। বিজেপি শাসিত রাজ্যগুলি অবিলম্বে ভ্যাট কমিয়ে দেয়। পুরী বলেছেন, 'মানবিকতা এবং প্রধানমন্ত্রীর নীতির সঙ্গে আমরা এখন এমন একটি দেশ যা বড় কাজ করতেও সক্ষম এবং তুরস্কে ভূমিকম্পের সময় আমরা সেই ক্ষমতা দেখিয়েছি।'

## মসৃণভাবেই চলছে অমরনাথ যাত্রা, পবিত্র গুহার উদ্দেশ্যে রওনা তীর্থযাত্রীদের ৩৩-তম দল

শ্রীনগর, ৪ আগস্ট (হি.স.): সুষ্ঠুভাবে ও মসৃণভাবেই চলছে বার্ষিক অমরনাথ যাত্রা। শুক্রবার সকালে পবিত্র গুহার উদ্দেশ্যে রওনা হয়েছে তীর্থযাত্রীদের ৩৩-তম দল। এই দলে রয়েছেন ১,১০০-র বেশি তীর্থযাত্রী। ১,১০০- এর বেশি তীর্থযাত্রীর ৩৩-তম ব্যাচ শুক্রবার ভোরে জম্মু থেকে পবিত্র অমরনাথ গুহার অভিমুখে বালতাল এবং পেহেলগাঁও বেস ক্যাম্পের উদ্দেশে রওনা দিয়েছে।

এই নিয়ে ৩০ জুন থেকে এ পর্যন্ত জম্মুর বেস ক্যাম্প থেকে এক লক্ষ ৪৬ হাজার ৩৬৩ জন তীর্থযাত্রী কাশ্মীর উপত্যকায় গেলেন। চলতি বছরে মোট ৪ লক্ষ ১০ হাজার ৯৫ জন তীর্থযাত্রী এ পর্যন্ত অমরনাথ গুহা দর্শন করেছেন। অমরনাথ যাত্রাকে ঘিরে নিরাপত্তাও জোরদার করা হয়েছে।

# বিরোধীদের কাছে কোনও যুক্তি ও তথ্য নেই, তাই পালিয়ে যাচ্ছে : অনুরাগ ঠাকুর



নয়াদিল্লি, ৪ আগস্ট (হি.স.): সংসদের কাজকর্ম পন্ড করার জন্য বিরোধীদের ভূমিকার তীব্র নিন্দা করলেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। শুক্রবার সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, বিরোধীদের কাছে কোনও যুক্তি ও তথ্য নেই, তাই পালিয়ে যাচ্ছে। বিতর্কের মধ্যেই বৃহস্পতিবার দিল্লির আমলা নিয়ন্ত্রণ নিয়ে বিল পাশ হয়ে গিয়েছে লোকসভায়। সে বিষয়ে বলতে গিয়ে অনুরাগ ঠাকুর বলেছেন, দিল্লির বিলের বিষয়ে তাঁরা নিজেদের অবস্থান সামনে রাখতে পারেননি। এটা পরিষ্কার যে এখনও পর্যন্ত বিরোধীরা শুধুমাত্র দেশের মানুষকে """লোক দেখানোর""" কাজ করেছেন। তাঁরা দেশের সময় ও অর্থ অপচয় করেছেন। প্রথম দিন থেকেই সিদ্ধান্ত হয়েছিল মণিপুর নিয়ে আলোচনা হবে। বিরোধী দল কেন পালিয়ে যাচ্ছে? কারণ তাঁদের কাছে কোনও যুক্তি অথবা তথ্য নেই।'

## লকেটের নামে ইডির কাছে অভিযোগ তৃণমূল কাউন্সিলরের

কলকাতা, ৪ আগস্ট (হি. স.) : এবার বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে তদন্তের আবেদন করা হল ইডিতে। শুক্রবার বিধাননগর পুরনিগমের ৪০ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর তুলসী সিংহ রায় এই বিজেপি নেত্রীর নামে তদন্তের আবেদন জানান।

এ বিষয়ে তুলসী জানান, আজকে আমরা আইনজীবী এবং সমাজকর্মীর তরফে ইডির কাছে তদন্তের জন্য একটি আবেদন নিয়ে এসেছি। বিজেপি নেত্রী লকেট রোজ ভ্যালির (চিটফান্ড) একজন সুবিধাভোগী। সে ব্যাপারে যাতে নিরপেক্ষ তদন্ত হয়, তার জন্য ইডির কাছে একটি আবেদন জমা দিয়েছি। আমাদের কাছে তথ্য আছে কিন্তু আমরা চাই আগে ইডি তদন্ত করুক এবং এই তদন্ত চলাকালীন যদি আমাদের কোনও সহযোগিতা প্রয়োজন হয় আমরা সহযোগিতায় করব।

গত ৩১ জুলাই বিকেলে বিজেপি নেতা শঙ্কু দেব পণ্ডা তৃণমূল সাংসদ নুসরত জাহানের নামে ইডির কাছে ফ্ল্যাট দুর্নীতির অভিযোগ করেন। ঠিক তার কয়েকদিন পর শুক্রবার ইডির দফরে এসে উপস্থিত হন বিধাননগর পুরনিগমের ৪০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তুলসী সিনহা রায়।

## নিউইয়র্কে ট্রেন লাইনট্যুত, আহত ৭

নিউইয়র্ক, ৪ আগস্ট (হি.স.): যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বৃহস্পতিবার ট্রেন লাইনচ্যুত হওয়ায় ৭জন আহত হয়েছেন। তবে, এখনও পর্যন্ত দুর্ঘটনায় মৃত্যুর খবর পাওয়া যায়নি।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার সকালে নিউইয়র্ক শহরে কুইন্স বরোর একটি স্টেশনের বাইরে ট্রেন লাইনচ্যুত হয়ে যায়, তারফলে ৭জন আহত হন। তবে, হতাহতের কোনও খবর পাওয়া যায়নি। আহতদের চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়। অগ্নিনির্বাপণ বিভাগ জানিয়েছে, তারা ঘটনার খবর পেয়ে স্টেশনে পৌঁছে যাত্রীদের উদ্ধার করে। তারা জানান, এখনও পর্যন্ত কেউ মারা যায়নি। ট্রেনটি লাইচ্যুত হওয়ার কারণ এখনও জানা যায়নি। তবে, এই রুটের মানুষদের বাস ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়েছে।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোচুল-কে বিষয়টি জানানো হয়েছে। জরুরি ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। হোচুল জানিয়েছেন, অফিস যাত্রীদের সুবিধা দেখা এবং রেলকর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে পরিস্থিতি খতিয়ে দেখা হচ্ছে।

# গোর্খাল্যান্ডের দাবিতে বিধানসভার বাইরে ধরনা বিজেপি বিধায়কের

কলকাতা, ৪ আগস্ট (হি. স.) : বিধানসভায় দলের বিধায়কের কাজে কিছুটা অস্বস্তিতে পড়তে হল বঙ্গ বিজেপিকে। গোর্খাল্যান্ডের দাবিতে শুক্রবার বিধানসভা চত্বরেই বিক্ষোভে বসেন কার্শিয়াংয়ের বিধায়ক বিজেপির বিষ্ণুপ্রসাদ শর্মা ।

বিধানসভায় এখন চলছে বাদল অধিবেশন। সেই অধিবেশনে রোজই শাসক দল তৃণমূল কংগ্রেসকে কোণঠাসা করার চেষ্টা করছে প্রধান বিরোধী দল বিজেপি। শাসক দলও প্রধান বিরোধী দলকে সমালোচনায় বিদ্ধ করার সবরকম চেষ্টা চালিয়ে যাচ্ছে। এরই মধ্যে দেখা যায় শুক্রবার বিধানসভা চত্বরে ধরনায় বসেছেন কার্শিয়াংয়ের বিধায়ক বিজেপির বিষ্ণুপ্রসাদ শর্মা । তিনি জানান, দিল্লিতে দার্জিলিং থেকে একাধিক সংগঠন গিয়ে বিক্ষোভ দেখাচ্ছেন, ধরনা করছেন গোর্খাল্যান্ডের দাবিতে। ভবেশ ভূজেল নামে পাহাড়ের এক বাসিন্দা একই দাবিতে আমরণ অনশনে বসার জন্য জেলাশাসককে চিঠি লিখেছেন। গোর্খাল্যান্ডের দাবিতে যাঁরা সরব হচ্ছেন, তাঁদের পাশে থাকতেই এই ধরনা বলে জানিয়েছেন কার্শিয়াংয়ের বিধায়ক। বিজেপির এই বিধায়কের বক্তব্য যে তিনি দলের পক্ষ থেকে ধরনায় বসেননি। কিংবা দলের বিরুদ্ধে কোনও প্রশ্ন করছেন না। বরং তিনি রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে ও নিজেকে প্রশ্ন করছেন।

দার্জিলিং লোকসভা আসনে ২০০৯ সাল থেকে জয় পাচ্ছে বিজেপি । ওই বছর সেখানে সাংসদ হয়েছিলেন অটলবিহারী বাজপেয়ী সরকারের প্রতিরক্ষামন্ত্রীর দায়িত্ব সামলানো যশবন্ত সিং। ২০১৪ সালে সেখান থেকে সাংসদ হন সুরন্দর সিং আলুওয়ালিয়া। ২০১৯ সালে ওই কেন্দ্র থেকে বিজেপির টিকিটে জেতেন রাজু বিস্তা।

প্রতিবারই ভোটে গোর্খাল্যান্ডের প্রসঙ্গ ওঠে। ২০১৯ সালেও উঠেছিল। তাই স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠছে যে বিষ্ণুপ্রসাদের এই আন্দোলনে কি রাজু বিস্তারও সমর্থন আছে? এই প্রশ্নের উত্তরে কার্শিয়াংয়ের বিধায়ক বলেন, "এই প্রশ্ন আপনি ওঁকে (রাজু বিস্তা) করবেন। এর জবাব উনি দিতে পারবেন। আমি দিতে পারব না।" একই সঙ্গে তাঁর দাবি, গোর্খাল্যান্ডের দাবি পূরণের জন্য ২০১৯সালে রাজু বিস্তাকে জেতানো হয়েছিলে। রাজুকে জেতানোর জন্য তিনি জেলেও গিয়েছেন।

## পুলওয়ামার কয়েকটি স্থানে অভিযান জাতীয় তদন্তকারী সংস্থাব

পুলওয়ামা, ৪ আগস্ট(হি.স.): জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) আজ, শুক্রবার সকালে পুলিশ এবং সিআইপিএফের আধিকারিকদের সঙ্গে নিয়ে পুলওয়ামা জেলার বিভিন্ন স্থানে অভিযান চালায়। সন্ত্রাসবাদী কাজকর্মের জন্য টাকা জোগারের অভিযোগে এই অভিযান চালানো হয় বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। এর আগে এনআইএ মঙ্গলবার উপত্যকার চারটি জেলায় সন্ত্রাসবাদী কার্যকলাপের জন্য টাকার তহবিল তৈরির অভিযোগে ব্যাপক অভিযান চালায়।

জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) জানায়, শ্রীনগর, বডগাম, কুপওয়ারা এবং পুলওয়ামা জেলার সাতটি স্থানে জম্মু কাশ্মীর কোয়ালিশন অফ সিভিল সোসাইটির সঙ্গে যুক্ত ট্রাস্ট এবং ব্যক্তিদের ক্যাম্পাসে ব্যাপক অভিযান চালানো হয়।

## হাইলাকান্দির প্রাক্তন সৈনিকদের প্রতি নির্দেশ

হাইলাকান্দি (অসম) ৪ আগস্ট (হি.স.) : হাইলাকান্দির জেলা সৈনিক কল্যাণ আধিকারিকের এক বিজ্ঞপ্তিতে জেলার প্রাক্তন সৈনিক কর্মকর্তাদেরকে সরকারের নতুন কর্মসূচি 'মেরি মাটি মেরি দেশ'-এ অংশ নেবার নির্দেশ দেওয়া হয়েছে। প্রাক্তন সেনাকর্মীদেরকে তাদের নিকটবর্তী গ্রাম পঞ্চায়েত অথবা পুরসভার উদ্যোগে আয়োজিত এর সংক্রান্ত কর্মসূচি গুলিতে আগামী ৯ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত যোগ দিতে বলা হয়েছে।

## বেহালায় লরির ধাক্কায় মৃত্যু ছোট্ট শিশু ও তাঁর বাবার

কলকাতা, ৪ আগস্ট (হি.স.): বেহালায় মাটিবোঝাই লরির ধাক্কায় প্রাণ হারাল বড়িশা হাইস্কুলের প্রাইমারি সেকশনের এক পড়ুয়া। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ওই শিশুর বাবারও। দুর্ঘটনাকে কেন্দ্র করে অগ্নিগর্ভ পরিস্থিতি বেহালায়। মৃতদেহ আটকে রেখে চলছে বিক্ষোভ। উত্তেজিত জনতা সরকারি বাসে ভাঙচুর চালায়। পুলিশ ও স্থানীয় সূত্রে খবর, শুক্রবার সকালে বাবার সঙ্গে রাস্তা পেরোনোর সময় দ্বিতীয় শ্রেণির ওই পড়ুয়াকে ধাক্কা মারে লরিটি। ঘটনাস্থলেই মৃত্যু হয় শিশুর, গুরুতর জখম অবস্থায় বিদ্যাসাগর হাসপাতালে নিয়ে যাওয়া হয় বাবাকে। পরে তাঁরও মৃত্যু হয়।

এদিকে ঘটনার প্রতিবাদে পড়ুয়ার মৃতদেহ আটকে রেখে চলছে তুমুল বিক্ষোভ। পুলিশের গাড়ি ও একটি বাইকে আগুন লাগিয়ে দেয় উত্তেজিত জনতা। বিক্ষোভের জেরে অবরুদ্ধ ডায়মন্ড হারবার রোড। পুরসভার লরির বিরুদ্ধে পিষে দেওয়ার অভিযোগ উঠেছে। স্থানীয়দের। তাঁদের অভিযোগ, ট্রাফিকের কোনও সিস্টেম নেই।

# পুনে বিমানবন্দর বোমায় উড়িয়ে দেওয়ার হুমকি দিল ৭২ বছরের বৃদ্ধা

মুম্বই, ৪ আগস্ট (হি.স.) : পুনে বিমানবন্দর বোম মেড়ে উড়িয়ে দেওয়ার হুমকি দিল এক বৃদ্ধা। শুক্রবার সকালে পুনে বিমানবন্দরে এই ঘটনাটি ঘটে। তারপর মহিলার তল্লাশি শুরু হয়ে যায়। পুলিশ সূত্রে এই তথ্য জানা গেছে।

পুলিশ সূত্রে আরও জানা গিয়েছে, নীতা প্রকাশ কপলানী (৭২) দিল্লি যাবেন বলে বিমানবন্দরে এসেছিলেন। ওনাকে পরীক্ষা করে দেখা হয়, ওনার মালপত্র পরীক্ষা করা হয়। এই কারণে উনি বলেন, আমাকে পরীক্ষা করলে কি হবে, আমার এপাসে একটা বোমা আর ওপারে চারটে বোমা আছে। এই বোমা ফেটে যাবে, এবং পুরো বিমানবন্দর উড়ে যাবে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, এই ঘটনাটি বিমানবন্দরের উর্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এরপর মহিলার জিনিষপত্র চেক করে কোনওরকম বোমা পাওয়া যায়নি। বৃদ্ধা পুলিশকে বলেন, তদন্তে দেরি হচ্ছে সেই কারণেই তিনি বোমার কথা বলেন। পুনে বিমানবন্দর পুলিশ মহিলার বিরুদ্ধে মামলা রুজু করেছেন এবং নোটিশও জারি করা হয়েছে।

## লোকসভায় পাস ইন্টার-সার্ভিসেস অর্গানাইজেশন বিল, সুফলের কথা তুলে ধরলেন রাজনাথ সিং

নয়াদিল্লি, ৪ আগস্ট (হি.স.): সংসদের নিম্নকক্ষ লোকসভায় পাস হল ইন্টার-সার্ভিসেস অর্গানাইজেশন (কমান্ড, কন্টোল অ্যান্ড ডিসিপ্লিন) বিল, ২০২৩। শুক্রবার লোকসভায় এই বিল পেশ করেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তিনি এই বিলের সুফলের কথা তুলে ধরে বলেছেন, 'এই বিলটি আমাদের সশস্ত্র বাহিনীর তিনটি শাখায় একীভূতকরণ এবং যৌথতার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যাতে তাঁরা ভবিষ্যতের চ্যালেঞ্জগুলিকে ঐক্যবদ্ধ ও সমন্বিতভাবে মোকাবেলা করতে সক্ষম হয়।'

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আরও বলেছেন, এই বিলটি এমন একটি পরিবেশ তৈরি করতেও সাহায্য করবে যা আমাদের আন্তঃ-সেবা সংস্থাগুলিতে শৃঙ্খলা জোরদার করবে।' আলোচনার পর লোকসভায় পাস হয়েছে ইন্টার-সার্ভিসেস অর্গানাইজেশন (কমান্ড, কন্টোল অ্যান্ড ডিসিপ্লিন) বিল, ২০২৩।

## ৯ আগস্ট ভেঙে দেওয়া হবে পাকিস্তানে সংসদ, ঘোষণা শাহবাজের

ইসলামাবাদ, ৪ আগস্ট (হি.স.): আগামী ৯ আগস্ট ভেঙে দেওয়া হবে পাকিস্তানের সংসদ। বৃহস্পতিবার এমনই ঘোষণা করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ।

পাকিস্তানে জাতীয় নির্বাচন ঘনিয়ে আসছে। আবার শেষ হতে চলেছে বর্তমান সরকারের মেয়াদ। সংবিধান অনুযায়ী, মেয়াদ শেষ হওয়ার পর চলমান সরকার তত্ত্বাবধায়ক সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর করবে। পরিস্থিতিতে গতকাল সাং আগামী ৯ আগস্ট সংসদ ভেঙে দেওয়ার ঘোষণা করেন দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ।

তার আগে সংসদ সদস্যদের সম্মানে একটি নৈশভোজের আয়োজন করা হয়। এসময় সংসদীয় নেতাদের সঙ্গে আলোচনার পর তিনি এ সিদ্ধান্ত নেন। এতে দেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়েও পুঙ্খানুপুঙ্খভাবে আলোচনা করা হয়। সেখানে সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৯ আগস্ট প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ জাতীয় সংসদ ভেঙে দেওয়ার জন্য রাষ্ট্রপতির কাছে আনুষ্ঠানিক পরামর্শ পাঠাবেন। সাংবিধানিক বিধান অনুসারে, রাষ্ট্রপতিকে ৪৮ ঘণ্টার মধ্যে এতে স্বাক্ষর করতে হবে। যদি, কোনও কারণে, রাষ্ট্রপতি পরামর্শে স্বাক্ষর না করেন, তাহলে বিধানসভা স্বয়ংক্রিয়ভাবে ভেঙে যাবে।

এদিকে প্রধানমন্ত্রী শেহবাজ আশ্বস্ত করেছেন যে, বিরোধীদের সঙ্গে আলোচনার পর তিনি রাষ্ট্রপতির কাছে তত্ত্বাবধায়ক প্রধানমন্ত্রীর নাম জমা দেবেন।

## উলুবেড়িয়া মামলায় সিঙ্গল বেঞ্চের নির্দেশে হস্তক্ষেপ করল না ডিভিশন বেঞ্চ

কলকাতা, ৪ আগস্ট (হি. স.) : উলুবেড়িয়ায় পঞ্চায়েত নির্বাচনে বাম প্রার্থী কাশ্মীরা বেগমের জাতি শংসাপত্র বিকৃত করার অভিযোগ উঠেছিল। প্রশ্ন ওঠে বিডিও এবং এসডিও-র ভূমিকা নিয়ে।

এর পরেই হাইকোর্ট অবসরপ্রাপ্ত বিচারপতি দেবীপ্রসাদ দে-র নেতৃত্বে একটি কমিটি গঠন করে দেয় বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ। সম্প্রতি এই কমিটি অনুসন্ধান রিপোর্ট জমা দিয়েছিল। আর সেখানেই বিডিও, এসডিও এবং অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতরের আধিকারিককে সাসপেন্ডের সুপারিশ করা হয়।

আর কমিটির এই রিপোর্টের প্রেক্ষিতে কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা জানতে চেয়েছিলেন আধিকারিকদের বিরুদ্ধে ঠিক কী পদক্ষেপ করা হয়েছে। এর আগে সিঙ্গল বেঞ্চের নির্দশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে গিয়েছিলেন বিডিও। শুধু বিডিও নন, ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেছিলেন এসডিও-ও।

শুক্রবার মামলাটি ওঠে কলকাতা হাইকোর্টের বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং অপূর্ব সিনহা রায়ের ডিভিশন বেঞ্চে। এদিন সিঙ্গল বেঞ্চের কোনও নির্দেশে হস্তক্ষেপ করেনি ডিভিশন বেঞ্চ।

## জীবিকা মিশনের ইন্টারনসিপ প্রোগ্রামে দরখাস্ত আহ্বান

হাইলাকান্দি (অসম) ৪ আগস্ট (হি.স.) : আসাম স্টেট আরবান লাইভলিহুড মিশন সোসাইটির হাইলাকান্দি শাখায় সাতটি বিভাগে ইন্টার্নশিপ প্রোগ্রামের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। আগামী ২৫ আগস্টের মধ্যে দরখাস্ত মিশনের সিটি প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিটের সিটি প্রজেক্ট অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। বিশদ বিবরণ হাইলাকান্দি পুরসভার দপ্তরে অবস্থিত মিশনের সিটি প্রজেক্ট অফিসারের কার্যালয়ে অথবা হোয়াটসঅ্যাপ ৯৮৫৯১২০৭২৩ অথবা ন্দ্রন্দ্রন্দ্র.স্থত্বন্ঠঞহদ্রত্মখ.দ্রন্ত্বএ পাওয়া যাবে।

## দিল্লিতে মেট্রোর সামনে ঝাঁপ দিয়ে আত্মহত্যা ব্যক্তির

নয়াদিল্লি, ৪ আগস্ট (হি. স.) : শুক্রবার সকালে নয়াদিল্লির এইমস মেট্রো স্টেশনে ট্রেনের সামনে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করেছেন এক ব্যক্তি। ওই ব্যক্তি ট্রেনের সামনে ঝাঁপ দিতেই সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে উপস্থিত সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ) কর্মীরা ওই ব্যক্তিকে ট্র্যাক থেকে সরিয়ে নিকটস্থ হাসপাতালে পাঠান।

এর জেরে কিছু সময়ের জন্য মেট্রো পরিষেবা ব্যাহত হয়। হাসপাতালে আনা হলে ওই ব্যক্তিকে মৃত ঘোষণা করা হয়। মৃতের নাম অমিত সিং (৪০)। পুলিশ নিহতের কাছ থেকে কোনও সুইসাইড নোট উদ্ধার করেনি। মেট্রো স্টেশনে লাগানো সিসিটিভি ক্যামেরায় আত্মহত্যার পুরো ঘটনাটি ধরা পড়েছে।

মেট্রো পুলিশ জানিয়েছে, অমিত সিং ধুমারিয়া বিহারের খুর্দ খাগরিয়ার বাসিন্দা ছিলেন। শুক্রবার সকাল ১০টা নাগাদ মেট্রো পুলিশ এইমস মেট্রো স্টেশনে এক ব্যক্তির ট্রেনের সামনে ঝাঁপ দেওয়ার খবর পায়। এর পরে সিআইএসএফ কর্মীদের পাশাপাশি পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে ওই ব্যক্তিকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। নিহতের কাছ থেকে উদ্ধার করা আধার কার্ড থেকে তাকে শনাক্ত করা হয়েছে। বর্তমানে আইএনএ মেট্রো পুলিশ বিষয়টি তদন্ত করছে।

## গুয়াহাটিতে চলন্ত গাড়িতে আগুন

গুয়াহাটি, ৪ আগস্ট(হি.স.): আজ, শুক্রবার গুয়াহাটিতে একটি চলন্ত গাড়িতে আগুন লেগে যায়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে গুয়াহাটি চিড়িয়াখানা রোড থেকে ভিতরের দিকে গাড়িটি যাচ্ছিল। তখনই চলন্ত গাড়িতে আগুন লেগে যায়। গাড়িটি গুয়াহাটির নুনমাটির মহেন্দ্র হাজারিকার বলে জানা গিয়েছে। পোলো গাড়িতে যে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে, তাতে গাড়ির চালক কোনোমতে প্রাণ বাঁচিয়ে গাড়ি থেকে বেরিয়ে আসতে পারেন। চলন্ত গাড়িতে আগুন লাগার খবর পেয়ে পুলিশ এবং অগ্নির্নিবাপণ দল ঘটনাস্থলে এসে আগুন নেভায়।

# রাজস্থানে মহিলাদের ওপর অত্যাচার নিয়ে রাজ্যসভায় সরব পীযূষ, দিনের মতো মুলতুবি উচ্চকক্ষের অধিবেশন



নয়াদিল্লি, ৪ আগস্ট (হি.স.): বিরোধীদের বিক্ষোভের জেরে রাজ্যসভার অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে গেল। রাজস্থানে মহিলাদের ওপর অত্যাচারের প্রতিবাদে শুক্রবার সরকার পক্ষের সাংসদরা ১৭৬ নম্বর আইনের অধীনে আলোচনার দাবি জানান। সরকার ও বিরোধী পক্ষের মধ্যে বাকবিতন্ডা চলতে থাকে। ইন্ডিয়া জোটের সাংসদরা মণিপুর ইস্যুতে আলোচনার দাবি জানাতে থাকেন। তুমুল হইহট্টগোলের জেরে প্রথমে দুপুর ও পরে দিনের মতো মুলতুবি হয়ে যায় রাজ্যসভার অধিবেশন। রাজস্থানে মহিলাদের ওপর অত্যাচারের প্রতিবাদে শুক্রবার ১৭৬ নম্বর আইনের অধীনে আলোচনার দাবি জানান কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল। শাসক দলের সাংসদরা তখন রাজস্থান ইস্যুতে আলোচনার দাবি জানান। হইহট্টগোলের মধ্যে দিনের মতো মুলতুবি হয়ে যায় রাজ্যসভার অধিবেশন। রাজ্যসভার অধিবেশন ফের বসবে ৭ আগস্ট বেলা এগারোটা নাগাদ।

# টৌলগেটে সাংসদের কীর্তি, প্রতিবাদ সুকান্তর

কলকাতা, ৪ আগস্ট (হি. স.) : টোল প্লাজার এক কর্মীকে মারধরের অভিযোগ উঠেছে এক সাংসদের বিরুদ্ধে। অভিযোগের তির পূর্ব বর্ধমান লোকসভা কেন্দ্রের সাংসদ সুনীল মন্ডলের বিরুদ্ধে। এই ঘটনাকে কেন্দ্র করে বিতর্কের সৃষ্টি হয়েছে। প্রতিবাদ করেছেন রাজ্য বিজেপি-র সভাপতি সুকান্ত মজুমদার।

সুকান্তবাবু শুক্রবার টুইটারে লিখেছেন, "ইনি টিএমসি-এর এক 'ভদ্রলোক' ধারণার উদাহরণ। তাঁর কাজ সঠিকভাবে করানোর জন্য একজন কর্তব্যপরায়ণ যুবককে মারধর করেন।

আমরা বাংলার জনগণের উপর টিএমসি-সমর্থিত নেতাদের এই ধরনের ব্যাপক ও সীমাহীন অত্যাচারের নিন্দা করি।"

ইতিমধ্যেই পালশিট টোল প্লাজার ওই কর্মীকে মারধরের ভিডিও ভাইরাল হয়েছে। ভিডিওতে দেখা গিয়েছে, একটি টোল প্লাজার সামনে সাদা একটি গাড়ি দাঁড় করিয়েছেন এক টোল কর্মী। এরপরই গাড়ি থেকে বেরিয়ে আসেন সাংসদ সুনীল মণ্ডল। টোল কর্মীর দিকে ধেয়ে যান। তাঁকে ধাক্কাও দেন।

## মেয়র

● **প্রথম পাতার পর** কোটি ৪৪ লক্ষ ৭৮ হাজার টাকা। সুতরাং আয় এবং ব্যয়ের মধ্যে এ বছর ৫৫ লক্ষ টাকা ঘাটতি রয়েছে। তবে বিগত অর্থবছর থেকে আয় এ বছর বেড়েছে। আগামী ১০ আগস্ট এ বাজেট কর্পোরেটরদের উপস্থিতিতে গ্রহণ করা হবে। যারা স্বাধীনতা আন্দোলনে অংশ নিয়েছিলেন বা শহীদ হয়েছেন এর মধ্যে যাদের পরিবার আগরতলা শহরে বসবাস করে তাদের জন্য ১০ শতাংশ কর ছাড় দেওয়া হয়েছে। এই বাজেটে আগরতলা পুর নিগম দ্বারা "মেরি মিট্টি মেরে দেশ" প্রকল্পের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আনুষ্ঠানিকভাবে এই অনুষ্ঠান হবে আগামী ১৬ আগস্ট থেকে ২০ আগস্ট পর্যন্ত। ১৪ আগস্ট আগরতলা এলবার্ট ক্লাবে এর আনুষ্ঠানিক উদ্বোধন হবে। সেখানে বাংলাদেশের মুক্তিযুদ্ধের কাহিনী তুলে ধরা হবে। সমস্ত ওয়ার্ডে এই সংকল্প নেওয়া হবে। সমস্ত ওয়ার্ডে পতাকা উত্তোলন করা হবে এবং জলাশয় বা তৎসন্নিহিত স্থান ওয়ার্ড অফিসের থেকে মাটি সংগ্রহ করতে হবে। এলবার্ট এক্কা পার্কে এই আগরতলা পুর নিগমের মূল অনুষ্ঠানের আয়োজন হবে। মুক্তিযোদ্ধা, প্রতিরক্ষা কর্মী, রাজ্য পুলিশের কর্মরত বা যারা শহীদ হয়েছেন তাদের পরিবারবর্গদের সম্মান প্রদান করা হবে।

## যুবক

● **প্রথম পাতার পর** বের করে নিয়ে আসে বটতলা এলাকায়। ঘটনা মঙ্গলবার সকাল দশটায়। পরে ছেলেটি মেয়েটিকে নিয়ে চলে যায় আগরতলা রেলস্টেশনে। রেল স্টেশনে স্থানীয় কিছু যুবকের সন্দেহ হয় ছেলেটির চালচলন নিয়ে। তারা ছেলে এবং মেয়ে উভয়কেই আটক করে তুলে দেয় আমতলী থানা পুলিশের হাতে। পরে পুলিশ নাবালিকা কন্যাটির বাড়িতে যোগাযোগ করে এবং ওইদিন রাত প্রায় ১২ টায় আমতলী থানার পুলিশ নাবালিকা কন্যাটিকে নিয়ে আসে খোয়াই মহিলা থানায়। বুধবার মহিলা থানার পুলিশ মেয়েটিকে জিজ্ঞাসাবাদ চালিয়ে বেশ কিছু তথ্য পায়। বুধবার দুপুরে নাবালিকা কন্যার মা আসাম রাজ্যের যুবক নাসির উদ্দিনের বিরুদ্ধে অভিযোগ করেন,সে নাবালিকা কন্যাটিকে ফুসলিয়ে বহিরাজ্যে নিয়ে গিয়ে বিক্রি করে দিতে চেয়েছিল। এদিকে এই ঘটনার খবর পেয়ে অল আদিবাসী এসোসিয়েশনের নেতৃত্বরা মহিলা থানায় ছুটে এসে ঘটনার সুষ্ঠু তদন্ত এবং ওই যুবকের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

## আশীষ

● **প্রথম পাতার পর** পাশাপাশি এই দিন নিগমের বিরুদ্ধে আঙ্গুল তুলেন প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন, জল নিষ্কাশনের সঠিক ব্যবস্থা না থাকার কারণে দিনের বেলাও মশার উপদ্রব লক্ষ্য করা যাচ্ছে আগরতলা শহরে। যার ফলে স্মার্ট সিটির কভার ড্রেনের কোন সুফল এখন পর্যন্ত আগরতলা শহরবাসী পাচ্ছে না। তাই আগরতলা শহরে এ সমস্যাগুলি সঠিকভাবে সমাধান করা দরকার। এবং স্বাস্থ্য দপ্তরের উদ্দেশ্যে তিনি বলেন, ডেঙ্গুতে যাতে কোন রোগীর মৃত্যু না হয় তার জন্য স্বাস্থ্য দপ্তরকে সজাগ দৃষ্টি রাখতে হবে। পাশাপাশি প্রয়োজনে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

## নজরদারী

● **প্রথম পাতার পর** মেয়র জানিয়েছেন, আগরতলা পুর নিগম এলাকায় যাতে ডেঙ্গুর প্রভাব না পড়ে তার জন্য প্রতি ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন করে মানুষকে সচেতন করা হবে। এবং মানুষকে অবগত করা হবে কিভাবে ডেঙ্গু হতে পারে এবং তা কীভাবে প্রতিরোধ করা যায়। কারণ সচেতন থাকলে এই রোগ এড়ানো সম্ভব হবে বলে মনে হচ্ছে নিগম কর্তৃপক্ষ।

## ব্যাঙ্ককর্মী


● **প্রথম পাতার পর** করতে থাকে ঐ আক্রমণকারী। এলোপাথারি আক্রমণে মেঝেতে লুটিয়ে পড়েন কমলবাবু। ততক্ষনে ব্যাংকের ভিতরে গ্রাহকদের মধ্যে আতঙ্ক -এর ছুটোছুটি শুরু হয়ে যায়। এরমধ্যেই পালিয়ে যায় দুষ্কৃতকারী। রক্তাক্ত ব্যাঙ্ক কর্মী কমলবাবুকে নিয়ে যাওয়া হয় গন্ডাছড়া মহকুমা হাসপাতালে। হাসপাতালে চিকিৎসার পর নিরাপদ স্থানে রাখা হয়েছে বলে জানান সংশ্লিষ্ট ইউকো ব্যাঙ্ক শাখাটির সঞ্চালক।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## এনআইএ''র জালে তৃণমূল অঞ্চল সভাপতি

বীরভূম, ৪ আগস্ট (হি. স.) : বিস্ফোরক মজুতের অভিযোগে এবার এনআইএ''র জালে তৃণমূল অঞ্চল সভাপতি। ইসলাম চৌধুরী নামে ওই ব্যক্তি বীরভূমের কুশমোড় ২ নম্বর ব্লকের শাসক শিবিরের অঞ্চল সভাপতি। ধৃত ইসলাম নির্দোষ বলেই দাবি তাঁর পরিবারের। গ্রেফতারির নেপথ্যে রাজনীতির গন্ধই পাচ্ছেন তাঁরা।

বীরভূমের কুশমোড় ২ নম্বর ব্লকের তৃণমূল অঞ্চল সভাপতি তিনি। শুক্রবার ভোররাতে তাঁর বাড়িতে পৌঁছয় এনআইএ। ইসলাম চৌধুরীকে পাইকর থানায় নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। এরপর তাঁকে আটক করে নিয়ে যাওয়া হয় কলকাতায়।গত ২৮ জুন সকালে আচমকাই নলহাটির বাহাদুরপুরে মনোজ ঘোষের একটি পাথর খাদানে হানা দেয় এনআইএ আধিকারিকরা। দীর্ঘ আট থেকে দশ ঘন্টা সেখানে তল্লাশি চালান আধিকারিকরা। এর পর একাধিক জনকে জেরা করে এনআইএ। শেষ পর্যন্ত শুক্রবার কুশমোড়ের ইসলাম চৌধুরীর খোঁজ পান তদন্তকারীরা।ইসলাম চৌধুরী কোনও অপরাধমূলক কাজ করতে পারেন না বলেই দাবি তাঁর বাবা সানোয়ার চৌধুরীর। ইসলামের স্ত্রী পারভিন বিবি পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল প্রার্থী ছিলেন। বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছেন তিনি। সে কারণেই রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে তাঁর স্বামীকে আটক করা হয়েছে বলেই অভিযোগ।

## মধ্যপ্রদেশে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একপরিবারের ৩ জনের মৃত্যু

ছাতারপুর, ৪ আগস্ট (হি.স.): মধ্যপ্রদেশের ছাতারপুরে শুক্রবার সকালে সাতাই থানার কাসার গ্রামে একই পরিবারের তিনজন বিদ্যুৎস্পৃষ্ট হন। বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয় স্বামী, স্ত্রী ও তাদের মেয়ের।স্থানীয়রা তাদের চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাদের মৃত বলে ঘোষণা করে। একই পরিবারের তিনজনের মৃত্যুতে গ্রামে শোকের ছায়া নেমে এসেছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকালে মধ্যপ্রদেশের ছাতারপুরে সাতাই থানার অন্তর্গত কাসার গ্রামে হালকু রাকওয়ার (৫৬ বছর), ফুলা বাই(৫০), ও তাদের মেয়ে কাজল (১৭)-র বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয়েছে। বিদ্যুৎস্পৃষ্ট হওয়ার ঘটনা ঘটলে স্থানীয়রা তাদের হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাদের মৃত বলে

## বেহালায় দুর্ঘটনায় শুভেন্দুর প্রতিক্রিয়া

কলকাতা, ৪ আগস্ট (হি. স.) : বেহালায় দুর্ঘটনায় স্কুল ছাত্রের মৃত্যুর ঘটনা নিয়ে শুক্রবার পুলিশ এবং রাজ্য প্রশাসনকে কাঠগড়ায় তুলেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।এদিন সকালে বেহালায় এক স্কুল পড়ুয়ার লরির ধাক্কায় মৃত্যু ঘিরে অগ্নিগর্ভ হয়ে ওঠে পরিস্থিতি। বেহালায় স্কুল পড়ুয়ার মৃত্যু নিয়ে শুভেন্দু অধিকারী জানান, রাজ্যে পুলিশ-প্রশাসনিক ব্যবস্থাকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একেবারে ধ্বংস করে দিয়েছে। পুলিশের কাজ তৃণমূলের হয় ভোট লুঠ করা এবং টাকা তোলা। নিচু তলার কনস্টেবল, এসআই এবং নিচু তলার পুলিশ কর্মীরা একেবারেই দায়ী নয়। বরং আইপিএস এবং ইন্সপেক্টররাই এর জন্য দায়ী বলে অভিযোগ করেন তিনি। এদিন শুভেন্দু বলেন, 'ধ্বংস করে দিয়েছে রাজ্যের পুলিশি ব্যবস্থা। একেবারে ধ্বংস করে দিয়েছে। রাতের পশ্চিমবঙ্গের কতটা ভয়ানক, এটা কেউ জানে না।'

## সুপ্রিম কোর্টের রায়ে মমতাকে কটাক্ষ শুভেন্দুর

কলকাতা, ৪ আগস্ট (হি. স.) : সুপ্রিম কোর্টের রায় তাঁকে স্বস্তি দিয়েছে। এই নিয়ে পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কটাক্ষ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে।এদিন সুপ্রিম কোর্টের রায় প্রসঙ্গে বিধানসভায় ঢোকার সময় সাংবাদিকদের মুখোমুখি হয়ে শুভেন্দু অধিকারী জানান, যে তাঁকে মিথ্যা মামলায় জড়ানো হয়েছিল। তাঁর কণ্ঠস্বর রোধ করার চেষ্টা করা হয়েছিল বলেও অভিযোগ করেন তিনি।কলকাতা হাইকোর্টের বিচাপতি আইপি মুখোপাধায়ের পর্যবেক্ষন ছিল, প্রয়োজনে নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া যাবে। তবে তাঁকে গ্রেফতার করতে হলে আগে হাইকোর্টকে জানাতে হবে বলেও নির্দেশে জানিয়েছিলেন বিচারপতি। সেই নির্দেশ খারিজ করেছে সুপ্রিম কোর্ট। আর তা নিয়েই পালটা মমতা এবং রাজ্যের শাসকদলের বিরুদ্ধে সরব হলেন শুভেন্দুবাবু। তিনি বলেন, 'মমতা বন্দ্যোপাধ্যায়কে বলি আরও একটু লাফান আমার বিরুদ্ধে ভালো করে।'

## প্রস্তর স্থাপন

● **প্রথম পাতার পর** এই ধর্মনগর থেকে রেল সম্প্রসারিত হয়ে মিটার গেজ রেল পৌছল কুমারঘাট অবধি। এতেও অনেক চেষ্টাচাতুরির পরে। এরপরে দিল্লিতে অনেক সরকার আসা যাওয়া করল। ধীরে ধীরে ২০০৮ সালে এই রেল সরাসরি যুক্ত হল রাজধানী আগরতলার সাথে। দিল্লিতে তখন কংগ্রেসের মনমোহন সরকার চলেছে। রাজ্যে চলেছে বাম সরকার। ২০১৪ সালে দিল্লিতে নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ সরকার প্রতিষ্ঠার পরে রেল মানচিত্রে ত্রিপুরার ভাগ্য বলা যায় খুলে গেল।

২০১৪ তে দিল্লিতে ক্ষমতায় আসে বিজেপি সরকার। আর ২০১৬ সালে বদরপুর থেকে সরাসরি রাজধানী আগরতলা অবধি ব্রডগেজ লাইনের মধ্য দিয়ে যুক্ত হয়ে গেল ত্রিপুরার রেল লাইন। ঐ সময়ে প্রায় এগারো মাস ত্রিপুরায় রেল চলাচল বন্ধ ছিল।তারপর তো পুরোটাই এক অপার আনন্দের ইতিহাস। এবার রেলের মধ্য দিয়ে ত্রিপুরাও দেশের রাজধানী দিল্লির সাথে হয়ে গেল প্রায় প্রতিদিনকার যোগাযোগ যোগসূত্র। এখন আগরতলা থেকে সরাসরি দিল্লি, দেওঘর, ভূপাল, বেঙ্গালুরু, গুয়াহাটি, কলকাতা, মনিপুর রেল চলাচল করছে এই ধর্মনগরের বুক দিয়ে। এর পুরো কৃতিত্ব দিতে হয় বর্তমান মোদী নেতৃত্বাধীন বিজেপি সরকারকে। এর জন্য কিন্তু লড়াই আন্দোলন করতে হয়নি। কেন্দ্রীয় সরকারই তার দায়বদ্ধতাকে পাথেয় করে কোথায় কি প্রয়োজন-তা নির্ধারণ করে তার মঞ্জুরী দিচ্ছে। ত্রিপুরায় বিজেপি সরকারের আমলে রেল সম্প্রসারণে এখন পর্যন্ত যত উন্নয়ন ও সুযোগ ঘটেছে,তার জন্য কিন্তু রাস্তায় বেড়িয়ে কাউকে লড়াই আন্দোলন করতে হয়নি। মানুষের প্রয়োজনের চাহিদাকে মাথায় রেখেই দিল্লির কেন্দ্রীয় সরকার তার কাজ করছে। ঠিক একই রকমভাবে এবার ত্রিপুরার তিনটি স্টেশন সুযোগ পাচ্ছে-অমৃত ভারত স্টেশনের। এরমাঝে রয়েছে ত্রিপুরার প্রাচীন ও প্রথম রেল স্টেশন ধর্মনগর।এ ক্ষেত্রে শহর ধর্মনগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক তথা ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের আন্তরিক প্রয়াস কিন্তু রয়েছে। বিশ্ববন্ধু সেন যখন বিরোধী দলে ছিলেন তখন থেকেই তিনি বিভিন্ন বিষয়ে ধর্মনগর রেল স্টেশনের উন্নয়নে রেল দফতরে চিঠি চালাচালি করা, প্রয়োজনে রেল কর্মকর্তাদের সাথে সময়ে সময়ে কথাবার্তা বলা, ডেপুটেশন দেওয়া-এসব তিনি তাঁর রাজনৈতিক জীবনে অফুরন্ত করেছেন।বলা যায়-তার এই আন্তরিক প্রয়াস ও সেই সঙ্গে ভারতীয় রেলের উপযুক্ত ক্ষেত্রের চিন্তাধারা মাথায় রেখে এই ধর্মনগর স্টেশনে আজ অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় এসেছে।এই কর্মসূচির মধ্য দিয়ে এই স্টেশনের আদলটাই এখন পাল্টে যাবে। ওভারব্রিজ থেকে এস্কেলেটার সহ অনেক সুযোগ সুবিধা এখন বেড়ে যাবে। বাড়বে প্ল্যাটফরমের সংখ্যাও। স্টেশন সৌন্দর্য্যায়নেও আসবে এক নতুন রূপ। এই রূপেরই প্রথম ধাপের কর্মসূচি হতে চলেছে ৬ আগস্ট ভার্চুয়াল উদ্বোধনের মাধ্যমে। ইতিমধ্যে ধর্মনগর রেল স্টেশন চত্বরে উদ্বোধনের জন্য চলেছে মঞ্চ বাঁধাইয়ের ফাইনাল টাচ। রেল দফতরের কর্মকর্তারা অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের সাথে একপ্রস্ত বৈঠক সেরে নিয়েছেন। অপরদিকে গোটা ধর্মনগরবাসী প্রস্তুতি নিতে শুরু করেছে ঐদিনে প্রধানমন্ত্রীর ভার্চুয়াল উদ্বোধনের সাক্ষী হতে।

# স্বাধীনতা সংগ্রাম বিশেষ : ২২ বছর বয়সে আত্মবলিদান ইংরেজদের আতঙ্কে পরিণত হয়েছিলেন বাংলার বীর সুশীল

কলকাতা, ৪ আগস্ট (হি.স.) : ভারতমাতার স্বাধীনতার মাস চলছে। আমাদের অমরভূমির স্বাধীনতার জন্য লক্ষ লক্ষ বিপ্লবী হাসতে হাসতে তাদের জীবন উৎসর্গ করেছিলেন। তারপরেই আমরা স্বাধীনতা পেয়েছি। সারা বিশ্ব অনেক বিপ্লবীর কথা জানে, কিন্তু এমন অনেক অজ্ঞাতনামা বীর রয়েছে যারা ব্রিটিশ শাসনের বিরুদ্ধে যুদ্ধ করে ও সর্বস্ব উৎসর্গ করলেও ইতিহাসের পাতায় তাদের স্থান হয়নি। নতুন প্রজন্ম তাদের সম্পর্কে কিছুই জানেনা।এমন মহান বিপ্লবীদের পাঠকদের সামনে তুলে ধরার অঙ্গীকার নিয়ে আজ আমরা কথা বলব বাংলা মায়ের বীর সন্তান সুশীল কুমার সেনকে নিয়ে। তাঁর সাহসিকতার জন্য বাংলার বিখ্যাত জাতীয়তাবাদী নেতা সুরেন্দ্রনাথ ব্যানার্জী তাঁকে সত্যেন্দ্র নাথ বসু স্বর্ণপদক প্রদান করে সম্মানিত করেন। সুশীল কুমার সেনের জন্ম হয় ১৮৯২ সালের কলকাতার শিয়ালদহে। সে সময় দেশে স্বাধীনতা সংগ্রাম চরমে ছিল এবং বিপ্লবীদের পথচলায় অনেক প্রতিকূলতা ছিল। "যেখানে কোনও ভাবনা নেই, নেই তো প্রেম, সে হৃদয়, হৃদয় নয় যাতে নেই দেশপ্রেম"।। এই ভাবনা সুশীল কুমারকে উৎসাহিত করত।তিনি ছাত্রজীবন থেকেই বিপ্লবীদের সংস্পর্শে এসেছিলেন এবং কলকাতার ন্যাশনাল কলেজে পড়ার সময় সুরেন্দ্রনাথ ব্যানার্জী ও অন্যান্য বিপ্লবীদের আহ্বানে আন্দোলনের অংশ হতে শুরু করেন। বিপিন চন্দ্র পাল (১৮৫৮-১৯৩২) ছিলেন সেই সময়ের একজন মহান বিপ্লবী। ব্রিটিশরা তাঁকে ছয় মাস জেলে বন্দি করে রাখে। এর প্রতিবাদে আদালতের সামনে তীব্র বিক্ষোভ প্রদর্শন করে শিক্ষার্থীরা। ইতিহাসবিদ নগেন্দ্র সিং জানিয়েছিলেন, ছাত্রদের একটি বিশাল সমাবেশ যখন আদালতের সামনে প্রতিবাদে সামিল হয়, তখন তাদের ছত্রভঙ্গ করার জন্য পৌঁছায় তৎকালীন লাল বাজার পুলিশ। ইংরেজ পুলিশ সদর দফতরের শত শত সশস্ত্র পুলিশ ছাত্রদের উপর নির্যাতন চালায়। সেইসময় একজন ইংরেজ সার্জেন্ট আন্দোলনরত ছাত্রদের উপর নির্মমভাবে অত্যাচার করছিল, তাকে দেখে সুশীল কুমার সেন আক্রমণাত্মক হয়ে তাকে মাটিতে ফেলে দিয়ে অস্ত্র ছিনিয়ে নেন। সেই ইংরেজ সার্জেন্টকে এতটাই প্রহার করা হয় যে সে রক্তাক্ত অবস্থায় সেই স্থান থেকে পালিয়ে যেতে বাধ্য হয়। সুশীল কুমারের সাহসিকতায় খুশি হয়ে বাংলার তৎকালীন জাতীয়তাবাদী নেতা সুরেন্দ্রনাথ ব্যানার্জী তাকে সত্যেন্দ্র নাথ বসু স্বর্ণপদক দেন। উক্ত পুলিশ আধিকারিককে মারধর করার অপরাধে প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট কিংসফোর্ডের আদালত সুশীল কুমারের বিচার করে, এবং ১৫টি বেতের সাজা দেয়। ফোর্ড সেই সময় দেশপ্রেমিক বিপ্লবীদের কঠোর শাস্তি দেওয়ার জন্য কুখ্যাত ছিলেন।এই ঘটনার পর কিংসফোর্ডকে হত্যার পরিকল্পনা করা হয় এবং অস্ত্র সংগ্রহের কাজ শুরু হয়। ইতিহাসবিদ নগেন্দ্র নাথ সিনহা জানান, এই হত্যার পরিকল্পনার মূল দায়িত্ব পেয়েছিলেন সুশীল কুমার সেন। কিন্তু তারপর ১৯০৮ সালে আলিপুর বোমা বিস্ফোরণ মামলায় তিনি গ্রেফতার হন। সুশীল কুমারের সঙ্গে কানহাই লাল ভট্টাচার্য, সত্যেন্দ্র নাথ বসু, উল্লাসকর দত্ত, উপেন ব্যানার্জি এবং অন্যান্য বিপ্লবীরা এতে ধরা পড়েন। সুশীল কুমারকে জেলের অন্ধকারে পাঠানো হয় যেখানে তাঁকে সাত বছর জেলের অত্যাচার সহ্য করতে হয়। এরপর সুশীল কুমার সেনকে মুক্তি দেওয়া হয়, তখন তিনি জানতে পারেন যে কলকাতা পুলিশের একজন পুলিশ কর্মকর্তা সুরেশ মুখার্জি অনবরত বিপ্লবীদের গ্রেফতার তাঁদের বিরুদ্ধে মামলা চালাচ্ছিল। তারপর সুনীল, সুরেশকে গুলি করে হত্যা করে। পুলিশ আপ্রাণ চেষ্টা করেও সুশীলকে ধরতে পারেনি। এরপর গদর পার্টির আহ্বানে অস্ত্র সরবরাহের জন্য রাজনৈতিক লুটের পরিকল্পনা করা হয়। ১৯১৫ সালের ৩০ এপ্রিল মাসে নদীয়া জেলার দৌলতপুর থানার প্রাগপুর গ্রামে মহাজন হরিনাথ সাহার দোকানে একটি রাজনৈতিক ডাকাতি হয়, যিনি ব্রিটিশদের মিত্র ছিলেন। এই ডাকাতির ঘটনায় সুশীল কুমার মুখ্য ভূমিকা পালন করেছিল। এই ঘটনায় ৭ হাজার টাকা নগদ ও সোনার গহনা বাজেয়াপ্ত করা হয়। ওইসময় সাত হাজার টাকার মূল্য অনেক বেশি ছিল। ডাকাতি করার পর বিপ্লবীরা একটি নৌকা করে ফিরছিলেন, তখন পুলিশ ওই বিপ্লবীদের ওপর গুলি চালায়। এনকাউন্টারে নৌকাতেই গুলি লেগে সুশীল কুমারের মৃত্যু হয়। তখন ওনার বয়স ছিল মাত্র ২২বছর। এই ঘটনায় সুশীলের সঙ্গে তাঁর বিপ্লবী সঙ্গী অনসু লাহিড়ী, গোপেন রায়, ক্ষিতিজ সান্যাল এবং ফণী রায় জড়িত ছিলেন। তাঁর সহযোগীরা তাঁর মৃতদেহ শ্রদ্ধার সঙ্গে হুগলি নদীতে ভাসিয়ে দেন। পরে পুলিশ তাদের সকলকে গ্রেফতার করে। বিচারে তাদের সকলকে কালাপানিতে শাস্তি দেওয়া হয়। তারপর তাদের বাকি জীবনটা আন্দামানের জেলে কাটে।

# মহারাষ্ট্রে নিহত দুই পরিযায়ী শ্রমিকের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান সরকারের

ধূপগুড়ি, ৪ আগস্ট (হি. স.) : মহারাষ্ট্রে দুর্ঘটনায় নিহত দুই পরিযায়ী শ্রমিকের পরিবারের হাতে আর্থিক সহায়তা তুলে দিলেন রাজ্য সরকার। মুখ্যমন্ত্রীর নির্দেশে শুক্রবার শিলিগুড়ির মেয়র গৌতম দেব ও এসজেডিএ চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী ধূপগুড়ি ও ময়নাগুড়িতে মৃতদের বাড়িতে যায়। সেখানে ঘোষিত ক্ষতিপূরণের দুই লক্ষ করে টাকার চেক তুলে দিয়েছেন তাঁরা। পাশাপাশি পরিবারের পাশে রাজ্য সরকার রয়েছে বলেও জানায়।মহারাষ্ট্রে কর্মস্থলে দুর্ঘটনায় প্রান কেড়ে নিয়েছে তরতাজা যুবক প্রদীপ রায়ের। বৃহস্পতিবার রাত দেড়টা নাগাদ ঝাড় আলতা ১ নং গ্রাম পঞ্চায়েতের উত্তর কাঠুলিয়ার বাড়িতে প্রদীপ রায়ের এবং পশ্চিম ডাউকিমারিতে গনেশ রায়ের মৃতদেহ পৌছায়। মহারাষ্ট্রের থানের শাহপুরে ক্রেন চাপা পড়ে ঘটনাস্থলেই অন্তত ১৭ জন শ্রমিকের মৃত্যু ঘটেছে। তার মধ্যে জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকের দু'জন এবং ধূপগুড়ি ব্লকের দুজন পরিযায়ী শ্রমিকের মৃত্যু ঘটে। ধূপগুড়িতে গনেশ রায়ের পরিবার ঘটনার পরই আত্মীয়দের মাধ্যমে খবর পেয়ে যায়। তারপরই কান্নায় ভেঙে পড়ে পরিবার।এদিকে প্রদীপ রায়ের আত্মীয়দের কাছে মৃত্যুর খবর পৌঁছালেও স্ত্রী, মা ও দুই সন্তানকে বুঝতে দেয় নি। মূলত প্রদীপ বাড়ির একমাত্র উপার্জনকারী এবং বৃদ্ধা মা ছেলের শোকে অসুস্থ হয়ে পড়তে পারে এই আশঙ্কাতেই শুধু মাত্র ছোটখাটো দুর্ঘটনায় আহত হয়েছে এবং চিকিৎসা চলছে বলেই জানায় আত্মীয়রা। সামান্য দুর্ঘটনায় ছেলে আহত হওয়ার খবরেই বৃদ্ধা মা অসুস্থ হয়ে পড়েছিল। স্বাভাবিক ভাবেই আত্মীয়রা কিভাবে মৃত্যুর খবর জানাবে তা নিয়েই চাপের মধ্যে পড়েছিল। কিন্তু বৃহস্পতিবার রাতে মৃতদেহ সামনে আসতেই সবটাই স্পষ্ট হয়ে গিয়েছে।

মৃত প্রদীপ রায়ের কাকা যোগেশ রায় জানিয়েছেন, 'ক্ষতিপূরণ বাবদ চেক দেওয়া হয়েছে। পরিবারের একমাত্র উপার্জনকারী ছেলেটি নেই। শিলিগুড়ির মেয়র গৌতম দেব বলেন, 'মুখ্যমন্ত্রীর কথাতেই পরিবারের লোকেদের সঙ্গে কথা বলতে এসেছি। তাদের পাশে রয়েছে সরকার। পুর প্রশাসক মন্ডলীর চেয়ারপারসন ও ভাইস চেয়ারম্যান এবং বাকীদের কাছে ওই পরিবারের পাশে সবসময় থাকতে বলেছি। একইসঙ্গে কোনও সমস্যা হলেও যেন দ্রুত মিটিয়ে দেওয়ার বন্দোবস্ত করা হয়'।

# বিষ্ণুপ্রিয়া মণিপুরিদের কেন্দ্রীয়স্তরে ওবিসির মর্যাদা দিতে ক্যাবিনেট সিদ্ধান্তে খুশির জোয়ার পাথারকান্দিতে

পাথারকান্দি (অসম), ৪ আগস্ট (হি.স.) : বিষ্ণুপ্রিয়া মণিপুরি সমাজকে কেন্দ্রীয় স্তরে ওবিসির মর্যাদা দিতে অসম সরকারের ক্যাবিনেট সিদ্ধান্তে খুশির জোয়ার বইছে করিমগঞ্জ জেলার পাথারকান্দিতে।আজ শুক্রবার বিকালে বিষ্ণুপ্রিয়া মণিপুরি উন্নয়ন পর্ষদ (বিএমডিসি)-এর করিমগঞ্জ জেলা কমিটির প্রাক্তন সভাপতি গোপী সিনহার আহ্বানে পাথারকান্দির গোবিন্দজিউ শ্রীমণ্ডপে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সাংবাদিক সম্মেলনে সদ্যঘোষিত অসম সরকারের ক্যাবিনেট বৈঠকের এই সিদ্ধান্তকে স্বাগত জানান এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ বিষ্ণপ্রিয়া মণিপুরি সমাজের বিভিন্ন সংগঠনের কর্মকর্তারা।

সাংবাদিক সম্মেলনের মুখ্য আহ্বায়ক তথা বিএমডিসির করিমগঞ্জ জেলা কমিটির প্রাক্তন সভাপতি গোপী সিনহা তাঁর বক্তব্যে কেন্দ্র ও রাজ্যে বিজেপি নেতৃত্বাধীন সরকারের নানা উন্নয়নমূলক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করে বলেন, বিগত সরকার পশ্চাদপদ বৃহত্তর এই মণিপুরি সমাজকে ওবিসি তালিকাভুক্ত করতে কোনও পদক্ষেপ নেয়নি। অথচ বর্তমান এই সরকার গত ২০১৬ সালে অসমে ক্ষমতায় আসার পর থেকেই বিষ্ণুপ্রিয়া সমাজকে কেন্দ্রীয় ওবিসি তালিকায় অন্তর্ভুক্ত করতে যাবতীয় প্রচেষ্টা শুরু করে। তাই তিনি এ ব্যাপারে রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা থেকে শুরু করে স্থানীয় বিধায়ক কৃষ্ণেন্দু পালের অবদানের কথা স্বীকার করে বলেন, সত্যিকার অর্থে আজকের দিনে বৃহত্তর এই সমাজের অমৃত যুগ চলছে বলে মন্তব্য করেন।একইভাবে বিষ্ণুপ্রিয়া মণিপুরি মহাসভার কেন্দ্রীয় কমিটির উপ-সভাপতি শান্তিলাল সিনহা বলেন, আমাদের পার্শ্ববর্তী রাজ্য ত্রিপুরায় বিষ্ণুপ্রিয়া মণিপুরি সমাজ রাজ্য স্তরের পাশাপাশি কেন্দ্রীয় স্তরেও ওবিসি তালিকায় অন্তর্ভুক্ত। অথচ এদিক থেকে আমরা এতদিন ছিলাম পিছিয়ে। কিন্তু ডাবল ইঞ্জিনের বিজেপি সরকার ক্ষমতায় আসার পর এই কাজ দ্রুতগতিতে এগিয়ে যায়। তাই কেন্দ্রীয় স্তরের এই অনুমোদন কেবল সময়ের অপেক্ষামাত্র বলে জোর গলায় দাবি করেন শান্তিলাল। তবে বিষ্ণুপ্রিয়া সমাজের পক্ষ থেকে এই অবদানের জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা, মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া, জেলার অভিভাবক মন্ত্রী পীযূষ হাজরিকা, মন্ত্রী রঞ্জিতকুমার দাস, ওবিসি মোর্চার রাজ্য সভাপতি সহ পাথারকান্দির বিধায়ক কৃষ্ণেন্দু পালের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন শান্তিলাল।সাংবাদিক সম্মেলনে নিখিল বিষ্ণুপ্রিয়া মণিপুরি মহাসভার অসম রাজ্য কমিটির সাধারণ সম্পাদক লক্ষ্মীন্দ্র সিংহ বলেন, গত ১৯৬২ সালের পূর্ব পর্যন্ত আমাদের এই সমাজ রাজ্য স্তরের পাশাপাশি কেন্দ্রীয় ওবিসি তালিকায় অন্তর্ভুক্ত ছিল। কিন্তু সময়ের বিবর্তনে তা বাতিল হয়। পরবর্তীতে বৃহত্তর জাতিগোষ্ঠীর সার্বিক উন্নয়নের স্বার্থে ২০১২-১৩ সালে সমাজে বিভিন্ন সংগঠনের আত্মপ্রকাশ ঘটে এবং এই লক্ষ্য নিয়ে বিষ্ণুপ্রিয়া মণিপুরি মহাসভার নেতৃত্বে বার-কয়েক রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বিভিন্ন মন্ত্রীর শরণাপন্ন হয় সংগঠন। তিনি বলেন, বিগত ২০২২ সালের ২৭ সেপ্টেম্বর মহাসভার আমন্ত্রণে সাড়া দিয়ে পাথারকান্দিতে অবস্থিত শ্রীশ্রী ভুবনেশ্বর সাধুঠাকুরের জন্মোৎসবে আগত ওবিসি বোর্ডের চেয়ারম্যান শান্তনু গগৈ ও অসম বিজেপির ওবিসি মোর্চার সভাপতি অশ্বিনী রায় সরকারের কাছে বিষ্ণুপ্রিয়া সমাজের একজন প্রতিনিধি হয়ে বিধায়ক কৃষ্ণেন্দু পাল এই দাবি তুলে ধরলে তাঁরা উভয়েই দাবি পূরণের আশ্বাস দেন। ওই আশ্বাসের এক বছর পূর্ণ হওয়ার আগেই ক্যাবিনেটে এই দাবির পক্ষে সিলমোহর পড়ায় ব্যাপক উৎফুল্লিত তাঁরা। সাংবাদিক সম্মেলনে এদিন অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশ্র, বিমল সিনহা, দামেশ্বর মিশ্র, সত্যেন্দ্র সিনহা, চাম্পা সিনহা, নুনু সিনহা, মালতি সিনহা, সুনীতি সিনহা, শকুন্তলা সিনহা, নিরলা মিশ্র, বাসনা মিশ্র, সুশীল সিনহা প্রমুখ।

## করিমগঞ্জের পোয়ামারা আইএসবিটিতে চালু নেট্রিপ-এর শাখা


করিমগঞ্জ (অসম), ৪ আগস্ট (হি.স.) : করিমগঞ্জ শহর সংলগ্ন পোয়ামারা আইএসবিটিতে শুক্রবার আনুষ্ঠানিকভাবে মোবাইল ভেহিক্যাল ফিটনেস টেস্টিং ইউনিট (নেট্রিপ)-এর উদ্বোধন করেছেন করিমগঞ্জের ডিডিসি দীপক জিডুং ও জেলা পরিবহণ আধিকারিক সাহাব উদ্দিন তাপাদার।

এখন থেকে করিমগঞ্জের পোয়ামারায় প্রাইভেট, ট্রান্সপোর্ট, নন্‌ট্রান্সপোর্ট সব ধরনের গাড়ির ফিটনেস টেস্টিং করা হবে, জানিয়েছেন পরিবহণ আধিকারিক (ডিটিও) সাহাব উদ্দিন তাপাদার।করিমগঞ্জের জেলাশাসক মৃদুল যাদব ও করিমগঞ্জ পরিবহণ আধিকারিক সাহাব উদ্দিন তাপাদারের প্রচেষ্টায় করিমগঞ্জের পোয়ামারার আইএসবিটিতে স্থাপন হয়েছে মোবাইল ভেহিক্যাল ফিটনেস টেস্টিং ইউনিট নেট্রিপ।গত কয়েক মাস ধরে করিমগঞ্জের সবধরনের গাড়ির মালিকরা শিলচর গিয়ে গাড়ির ফিটনেস টেস্টিং করতে হচ্ছিল। এতে চরম ভোগান্তির শিকার হতে হয়েছিল করিমগঞ্জ মোটর মালিকদের।আজকের উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের সঙ্গে ছিলেন করিমগঞ্জ মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর দুর্গা গগৈ, করিমগঞ্জ এএসটিসি-র সুপারিন্টেন্ডেন্ট এনকে শর্মা, বাস মালিক গুলবাহার হুসেন সহ করিমগঞ্জ পরিবহণ বিভাগের অন্যান্য আধিকারিকরা।

## করিমগঞ্জে দুর্ঘটনায় মৃতের দুই পরিবারকে সরকারি চেক প্রদান বিধায়ক কমলাক্ষের

করিমগঞ্জ (অসম), ৪ আগস্ট (হি.স.) : সড়ক দুর্ঘটনায় মৃতের দুই পরিবারকে ক্ষতিপূরণ বাবদ রাজ্য সরকার প্রদত্ত দু-লক্ষ টাকার চেক তুলে দিলেন উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ।আজ শুক্রবার সকালে আকবরপুর গ্রাম পঞ্চায়েত (জিপি)-এর সারংদেওপুর গ্রামে গিয়ে সাত মাস আগে প্রসারপুরে বাইক দুর্ঘটনায় নিহত খলিলুর রহমান নামের ব্যক্তির স্ত্রী আফতারুন নেসা এবং কাছাড় জেলার কাটিগড়ায় সড়ক দুর্ঘটনায় করিমগঞ্জের ভাটগ্রাম গ্রামের প্রয়াত তৌহিদ আহমেদের বাবা ফুরকান উদ্দিনের হাতে দু লক্ষ টাকার চেক তুলে দিয়েছেন বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ।

উল্লেখ্য, সড়ক দুর্ঘটনার পর সরকারিভাবে আর্থিক অনুদানের দাবি উঠলে এগিয়ে আসেন বিধায়ক। শুক্রবার সে অনুযায়ী নিহতের পরিবারের হাতে চেক তুলে দেন রাজ্য সরকার প্রদত্ত দু লক্ষ টাকার চেক।



# জাতীয় ফুটবল আসরে ত্রিপুরার এনন্টি প্রদান

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন থেকে টুর্নামেন্টের ইয়ার ক্যালেন্ডার ঘোষণা করা হয়েছে। সে অনুযায়ী অনুমোদিত সব কটি রাজ্য অ্যাসোসিয়েশনকে জানিয়ে দেওয়া হয়েছে। এদিকে এন্টির শেষ দিন অনুযায়ী ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পক্ষ থেকে এন্টি পাঠানোর কাজও সেরে নেওয়া হয়েছে। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের ইয়ার ক্যালেন্ডার অনুযায়ী জুনিয়র ন্যাশনাল ফুটবল চ্যাম্পিয়নশিপ তথা ডাক্তার বিধান চন্দ্র রায় ট্রফি ফুটবল টুর্নামেন্ট শুরু হবে ৫ সেপ্টেম্বর থেকে চলবে ৮ অক্টোবর পর্যন্ত। সাব জুনিয়র বালকদের জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ শুরু হবে তিন সেপ্টেম্বর থেকে চলবে ১৫ অক্টোবর পর্যন্ত। সাব জুনিয়র বালিকাদেরও জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ শুরু হবে ৩ সেপ্টেম্বর থেকে চলবে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত। জাতীয় মহিলা ফুটবল শুরু হবে ১৫ নভেম্বর থেকে, চলবে ৩০ নভেম্বর পর্যন্ত। জুনিয়র বালিকাদের জাতীয় ফুটবল শুরু হবে কুড়ি সেপ্টেম্বর থেকে চলবে ১৫ অক্টোবর পর্যন্ত। জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ তথা সন্তোষ ট্রফি ফুটবল শুরু হবে ১ অক্টোবর থেকে চলবে ২০ অক্টোবর পর্যন্ত। উল্লেখ্য প্রতিটি টুর্নামেন্টে খেলোয়ারদের বয়সের সীমারেখা অর্থাৎ জন্ম তারিখও নির্দিষ্টভাবে জানানো হয়েছে। সাব জুনিয়র বালক বিভাগে ত্রিপুরা দল খেলবে গ্রুপ এ-তে। গ্রুপের অন্য পাঁচটি দল হল তামিলনাড়ু, উত্তরাখণ্ড, বিহার, আন্দামান অ্যান্ড নিকোবর ও মধ্যপ্রদেশ। গ্রুপ লীগ পর্যায়ের খেলায় ত্রিপুরা দলের প্রথম ম্যাচ বিহারের বিরুদ্ধে। খেলা হবে ২৬ সেপ্টেম্বর। দ্বিতীয় ম্যাচ ২৮ সেপ্টেম্বর, উত্তরাখণ্ডের বিরুদ্ধে। তৃতীয় ম্যাচ ৩০ সেপ্টেম্বর আন্দামান ও নিকোবর এর বিরুদ্ধে। চতুর্থ ম্যাচ তামিলনাড়ুর বিরুদ্ধে খেলা ২ অক্টোবর। পঞ্চম তথা লীগের শেষ ম্যাচ মধ্যপ্রদেশের বিরুদ্ধে খেলা চার অক্টোবর। জুনিয়র বালিকা জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপে ত্রিপুরা খেলবে ডি গ্রুপে। এই গ্রুপে অন্য চারটি দল হলো লাক্ষাদ্বীপ, পন্ডিচেরি, চন্ডিগড় ও অন্ধ্রপ্রদেশ। ত্রিপুরার প্রথম ম্যাচ ২রা অক্টোবর চন্ডিগড়ের বিরুদ্ধে।
৪, ৬ ও ৮ অক্টোবর ত্রিপুরা দলের পরবর্তী তিনটি ম্যাচ যথাক্রমে লাক্ষাদ্বীপ, অন্ধ্রপ্রদেশ ও পন্ডিচেরির বিরুদ্ধে। হিরো জুনিয়র বালকদের জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ তথা ডাক্তার বিধান চন্দ্র রায় ট্রফি ফুটবলে ত্রিপুরা খেলবে সি-গ্রুপে। এই গ্রুপে অন্য চারটি দল হলো দিল্লী, বিহার, পন্ডিচেরি ও রাজস্থান। ত্রিপুরা দলের প্রথম ম্যাচ বিহারের বিরুদ্ধে ২৪ সেপ্টেম্বর। পরবর্তী তিনটি ম্যাচ যথাক্রমে দিল্লি, পন্ডিচেরি ও রাজস্থানের বিরুদ্ধে। খেলা ২৬ ও ২৮ সেপ্টেম্বর এবং দুই অক্টোবর।

# পূর্বাঞ্চলের স্বপ্নচূর্ণ করে ২২ বছর পর দেউধর ট্রফি দক্ষিণাঞ্চলের ঘরে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।। দেওধর ট্রফি ওয়ান ডে প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন সাউথ জোন। টুর্নামেন্টে অপরাজিত চ্যাম্পিয়ন মায়াঙ্ক আগরওয়ালরা। বৃহস্পতিবার ডে-নাইট ম্যাচে টস জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নিয়েছিলেন মায়াঙ্ক। রোহন কুন্নমাল ও মায়াঙ্ক জুটি বিধ্বংসী ব্যাটিং করেন। শেষ অবধি ইস্ট জোনকে ৩২৯ রানের বিশাল লক্ষ্য দেয় তারা। মরিয়া লড়াই করে ইস্ট জোন। আলাদা করে বলতে হয় রিয়ান পরাগের কথা। কিন্তু খেতাব জেতা হল না। এত বড় লক্ষ্য তাড়া করতে ভালো শুরু প্রয়োজন ছিল ইস্ট জোনের। হাই ভোল্টেজ ম্যাচে অভিমন্যু ঈশ্বরণের পারফরম্যান্স ফের চিন্তা বাড়াল। বাংলার হয়ে রঞ্জি ট্রফি ফাইনালেও নজর কাড়তে ব্যর্থ। অথচ গত রঞ্জি মরসুমে বাকি ম্যাচে অনবদ্য পারফর্ম করেছিলেন। এ বার দেওধরেও ভালো পারফর্ম করেন। একটি সেঞ্চুরিও করেছিলেন। ফাইনালে ৩ বলে ১ রানেই শেষ তাঁর ইনিংস। আর এক ওপেনার উৎকর্ষ সিং। তাঁদের পথে তিনে নামা বিরাট সিংও। ইস্ট জোন ইনিংসে ভরসা দেন বাংলার ব্যাটার সুদীপ ঘরামি। অধিনায়ক সৌরভ তিওয়ারি সেট হলেও বড় ইনিংস খেলতে ব্যর্থ। সৌরভ ফেরেন ২৮ রানে। সুদীপ ঘরামির অবদান ৪১ রান। তবে ইস্ট জোনকে জয়ের প্রত্যাশা দেখান রিয়ান পরাগ ও কুমার কুশাগ্র। গ্রুপ পর্বে দুটি বিধ্বংসী সেঞ্চুরি করেছিলেন রিয়ান পরাগ। চ্যাম্পিয়ন হতে এমনই একটা ইনিংস প্রয়োজন ছিল। তিনি এবং কুশাগ্র মরিয়া চেষ্টাও করেন। প্রায় সাফল্য পাচ্ছিলেন। কিন্তু কাপ আর ঠোঁটের মতোই দূরত্ব থেকেই গেল। ইস্ট জোনের কিপার-ব্যাটার ৫৮ বলে ৬৮ রানে ফেরেন। রিয়ান পরাগ আধডজন বাউন্ডারি এবং ৫টি ওভার বাউন্ডারিতে মাত্র ৬৫ বলে ৯৫ রান করেন। তিনি ক্রিজে থাকলে আরও ক্লোজ হত ম্যাচ। শেষ অবধি ২৮৩ রানে অলআউট হয় ইস্ট জোন।

# এস এম কাপ রাজ্য আসর ফাইনাল ম্যাচে সমাপ্তি আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।। মূল পর্বের খেলায় পৌঁছেছে দক্ষিণ জেলার অ্যাভেঞ্জার হাই স্কুল এবং সিপাহীজলা জেলার সুধন্য দেববর্মা স্মৃতি স্কুল। সাবরুমের মনুবাজার স্কুল মাঠে আয়োজিত অনূর্ধ১৪ ছেলেদের রাজ্যভিত্তিক স্কুল ফুটবলের উদ্বোধনী ম্যাচে বৃহস্পতিবার জেলা ৮-০ গোলের বড় ব্যবধানে উত্তর জেলায় কে হারায়। দ্বিতীয় দিনের খেলায় আজ দক্ষিণ জেলার অ্যাভেঞ্জার হাই স্কুল ৩-০ গোলের ব্যবধানে পশ্চিম জেলার সেন্ট পলসস্কুলকে পরাজিত করেছে। অপর খেলায় সিপাহীজলা জেলার সুধন্য দেববর্মা স্মৃতি স্কুল ৮-৩ গোলের ব্যবধানে খোয়াই স্কুলকে পরাজিত করে মূল পর্বে পৌঁছেছে। এদিকে, জিরানীয়ায় শচীন্দ্রনগর স্কুল মাঠে আয়োজিত অনূর্ধ ১৭ মহিলাদের রাজ্যভিত্তিক এস এম কাপ স্কুল ফুটবলে আজ গোমতী জেলা দল ২-০ গোলে উনকোটি জেলা দল কে হারিয়ে এবং অপর খেলায় ত্রিপুরা স্পোর্টস স্কুল ৮-০ গোলে খোয়াইকে হারিয়ে সেমিফাইনালে প্রবেশ করেছে। একইভাবে পশ্চিম জেলা দল আট-শূন্য গোলে দক্ষিণ জেলা দল কে হারিয়ে এবং ধলাই জেলা দল ২-০ গোলে সিপাহীজলা জেলা দলকে হারিয়ে সেমিফাইনালে উন্নীত হয়েছে। আগামীকাল প্রতিযোগিতার শেষ দিনে সকালে দুটি সেমিফাইনালের পর বিকেলে অনুষ্ঠিত হবে ফাইনাল ম্যাচ। প্রথম সেমিফাইনালে গোমতী জেলা দল খেলবে ত্রিপুরা স্পোর্টস স্কুলের বিরুদ্ধে অপর সেমিফাইনাল ম্যাচে পশ্চিম জেলা দল খেলবে ধলাই জেলা দলের বিরুদ্ধে।

# শান্তিরবাজারে ফুটবল জমজমাট দুরন্ত জয় দক্ষিণ তাকমা দলের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।। লড়াই শেষ মিনিট পর্যন্ত। দুরন্ত জয় পেলো দক্ষিণ তাকমা দল। পরাজিত করলো সলতান মনু দলকে। নূণ্যতম গোলে। ডি বি সি স্মৃতি নকআউট প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতায়। শান্তিরবাজার স্কুল মাঠে হয় ম্যাচটি। দেশবন্ধু ক্লাবের উদ্যোগে। শান্তিরবাজার সুব মোর্চার সহযোগিতায়। শুক্রবার ম্যাচের শুরু থেকেই দুদলের ফুটবলাররা আক্রমাত্তক ফুটবল খেলতে থাকে। বল দখলের লড়াইয়ে একে অপরকে ছাপিয়ে যাওয়ার চেষ্টা করে শুরু থেকেই। ম্যাচে বিজয়ী দলের পক্ষে জয়ন্ত রিয়াং জয়সূচক গোলটি করেন। খেলা পরিচালনা করেন বিটন রিয়াং। প্রসঙ্গত:আসরের চ্যাম্পিয়ন ও রানার্স দল সুদৃশ্য ট্রফি সহ প্রাইজমানি বাবদ পারে ৩৫ এবং ২৫ হাজার টাকা।

# এশিয়া কাপ ক্রিকেট : এশিয়া কাপে সবচেয়ে সফল দল ভারত, চ্যাম্পিয়ন হয়েছে ৭-বার

কলকাতা, ৪ আগস্ট (হি.স.): এশিয়া কাপ ক্রিকেটের কাউন্ট ডাউন শুরু হয়ে গেছে। ৩১আগস্ট থেকে পাকিস্তান ও শ্রীলঙ্কায় শুরু হচ্ছে এই টুর্নামেন্ট। এশিয়া মহাদেশের সেরা দলগুলোকে নিয়ে হয় এই টুর্নামেন্ট। এশিয়া কাপের সবচেয়ে রোমাঞ্চকর ব্যাপার হল ভারত-পাকিস্তানের ম্যাচ। এছাড়া আফগানিস্তান ও পাকিস্তান এবং শ্রীলঙ্কা ও বাংলাদেশ ম্যাচের মধ্যেও আছে তীব্র প্রতিদ্বন্দ্বিতা। বলা যেতে পারে একটা মাস ধরে এশিয়া কাপে চলে তীব্র প্রতিদ্বন্দ্বিতা।

এশিয়া কাপে সব থেকে সফল দল হল ভারত। এখনও পর্যন্ত মোট ৭ বার এশিয়া কাপ চ্যাম্পিয়ন হয়েছে টিম ইন্ডিয়া। এবার ডিফেন্ডিং চ্যাম্পিয়ন হিসেবেই মাঠে নামবেন রোহিত শর্মারা। ১৯৮৪-র উদ্বোধনী মরশুমেই ভারত ক্রিকেটে এশিয়ার সেরা হয়। তার পর থেকে তারা চ্যাম্পিয়ন হয়েছে ১৯৮৮, ১৯৯০-৯১, ১৯৯৫, ২০১০, ২০১৬ ও ২০১৮ সালে। এছাড়া টিম ইন্ডিয়া এশিয়া কাপে রানার্স হয়েছে ১৯৯৭, ২০০৪ ও ২০০৮ সালে। ভারত তিনটি ফাইনালেই হেরেছে শ্রীলঙ্কার কাছে। তারা ৭টি খেতাবের মধ্যে ৫ বার ফাইনালে শ্রীলঙ্কাকে হারিয়েছে। শেষ ২ বার ফাইনালে বাংলাদেশকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় টিম ইন্ডিয়া। এশিয়া কাপের ফাইনালে কখনও ভারত-পাকিস্তান মুখোমুখি হয়নি।

# ক্রিকেট, রাগবির দেশ মহিলা বিশ্বকাপে টিকিট বিক্রিতে বিশ্ব রেকর্ড গড়লো

সিডনি, ৪ আগস্ট (হি.স.): যে দেশ ক্রিকেটের ,যে দেশ রাগবীর, যে দেশ টেনিসের সেই দেশই এখন মহিলাদের বিশ্বকাপ দেখার জন্য হুড় মুড়িয়ে। চাই শুধু একটা টিকিট। অথচ আয়োজক দেশ অস্ট্রেলিয়া -নিউজিল্যান্ডের মধ্যে অস্ট্রেলিয়া কোনক্রমে শেষ ১৬তে পৌঁছেছে আর নিউজিল্যান্ডতো নক আউটে যেতেই পারেনি। তাতে কি আছে। এই দুই দেশের কাছে ফুটবল এখন হৃদয়ে জায়গা করে নিয়েছে।

বিশ্বকাপ রোমাঞ্চটা এমনই একটা জায়গায় পৌঁছেছে যে এই বিশ্বকাপ টিকিট বিক্রিতে বিশ্ব রেকর্ড গড়ে ফেলেছে। তারা। পেছনে ফেলে দিয়েছে সব বিশ্বকাপকে।

এই বিশ্বকাপে মেয়েদের বিধ্বংসী ফুটবল যে আরও বেশি করে দর্শকদের মাঠমুখী করে তুলেছে তা ভালই বুঝতে পারছেন অস্ট্রেলিয়া ফুটবল ফেডারেশনের সিই জেমস জনসন। তার কথায়, ১৮ লক্ষ টিকিট বিক্রি হয়েছে মেয়েদের এই বিশ্বকাপে। গতবারের টিকিট বিক্রির সংখ্যা ছাপিয়ে নতুন এক রেকর্ড গড়ে ফেলেছে এই বিশ্বকাপ। মেয়েদের বিশ্বকাপের ইতিহাসে নিশ্চিতভাবেই এটা একটা মাইলস্টোন।

মেয়েদের এই নবম বিশ্ব কাপের সাফল্য নিয়ে দারুন খুশি ইনফান্তিনো। তার মতে, টুর্নামেন্টটা চমৎকার এগোচ্ছে। আয়োজক দেশ হিসেবে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড দারুন কাজ করছে। যা মহিলা ফুটবলকে আরো অনেক এগিয়ে দেবে।

**PNIT NO: ePT18/EE/RD/KCP/MIV/2023-24 Dt. 31.07.2023**

The Executive Engineer, R.D Kanchanpur Division, North Tripura invites tender from eligible bidders up to 11.00 AM on 16.08.2023 for 05 (FIVE) No. projects under R.D. Kanchanpur Division during the year 2023-24. For details visit https://tripuratenders.gov.in or contact at Mobile No: 7085862819 for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

ICA/C-1734/23

Executive Engineer
RD Kanchanpur Division
Kanchanpur, North Tripura

**CORRIGEN**

In the Notice Inviting e-tender for hiring of Maruti EKeco, CNG (White Colour) Vehicle and driver for use in the O/o the Collector of Excise. West Tripura district vide No.1090-96 dated 27/07/2023 please read para 3 as 'The tender will be received only through e-tendering from 3rd August 2023 at 2.00 pm to 23 August 2023 at 05.00 pm from the bidders and will be opened on 24t August 2023 at 11 am if possible' instead of "The tender will be received only through e-tendering from 28" July 2023 at 2.00 pm to 17th August 2023 at 05.00 pm from the bidders and will be opened on 18" August 2023 at 11 am if possible". All others particulars, terms & conditions will remain unchanged,

ICA/C-1732/23

Superintendent of Excise
West Tripura District

**PNIeT No:-12/EE/DWS-1/2023-24 dated 02-08-2023**

Single bid percentage rate e-tender is invited for 7(Seven) nos. works viz. Mtc. of IRP vassel & changing of filter media, Operation & Replacement of filter media, Re-Construction of Boundary Wall, Repairing and mtc. of mechanical components , Running mte. of Pipeline and other allied works within the area of G.S. Section / S.B. Section & Extension of new domestic connections and internal connections in different offices
Deadline for online bidding:-Up to 1500 hrs. of 24-08-2023
Any subsequent corrigendum will be available in the website only.
For more details please visitwww.tripuratenders. gov.in.
For query please e-mail:dwsdivagartalal @gmail.com.
(For and on behalf of Governor of Tripura)

ICA/C-1729/23

Executive Engineer
DWS Division Agartala-.I
Agartala, Tripura (W)

**PRESS NOTICE INVTING TENDER NO.07/EE/E-CELL/ARDD/2023-24. Date : 03/08/2023.**

Percentage rate bids in single bid percentage rate tender are invited on behalf of the 'Government of Tripura' in PWD -7(Seven) upto 3.00 p.m on 16/08/2023 for DNIT : i) 18/EE/E-CELL/ARDD/2023-24 DNIT: ii) 19/ EE/ E-CELL/ARDD/2023-24 DNIT: iii) 20/EE/E-CELL/ARDD/2023-24 & DNIT: iv) 21/EE/E-CELL/ARDD/2023-24 All details can be seen in the office of the Undersigned. For any query please contact 9436969700.
N.B :- For details please Visit https://ardd.tripura.gov.in.

ICA/C-1726/23

Executive Engineer
Engineering Cell, ARDD.
P.N. Complex, Agartala.

**SHORT INVITING e-TENDER NO. 12 /EE(AGRI)/S/2023-24.**

| SL. NO. | NAME OF THE WORK / DNIT No. | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID/ TECHNICAL BID |
|---|---|---|---|---|---|---|
| 01. | Providing Internal Electrification at 1000 MT Go-down Durgapur under Rajnagar Agri. Sub Division within area of DDA South Tripura<br>13/EE/AGRI/SOUTH/2023-24 | Rs. 53,313.00 | Rs. 1,066.00 | 7 Days | Up to 11/08/2023 at 4.00 PM | On 14/08/2023 at 11.00 AM (if possible) |

For details, please visit website www.tripuratenders.gov.in and contact 03621-222486.

(Er. B. Debbarma )
Executive Engineer (South)
Department of Agriculture & Farmers Welfare
Gomati Tripura, Udaipur.

ICA/C-1722/23

**PRESS NOTICE INVITING e-TENDER**

On behalf of the Governor of Tripura, e-Tender in Two bid system is hereby invited from manufactured/ Authorized suppliers and distributors for supply of Quick Lime to the Supdt. of Fisheries, Udaipur Sub-Division of the State of ripura for implementation of Various Fishery schemes during the F.Y 2023-24, meeting the pre-qualifying criteria for the supply below mentioned through online biding on the website https://tripuratenders.gov.in havingdigital signature certificate (DSC) issued from any agency authorized by controller of certifying authority(CCA),Govt. of India and which can be traced up to the chain of trust to the Root certificate of CCA.

| DNIT NO. | Item for which e-tender is invited | Estimate Quantity(in nos.) | Estimate Tender value(in Rs.) | Time Scheduled of Tender |
|---|---|---|---|---|
| No.F.5(31)-SF/UDP/TENDER /2023-24/2275 | Quick Lime | 30 M.T (quantity may increase or decrease) | Rs. 4.50 lakhs. | Last date of Online Bids Submission of e-Tender up to 18.08.2023 till 12.00 Hours. Time as per Clock time of Procurement websitehttps://tripuratenders.gov.in |

The details press notice & bid documents for the above can be seen on website https://tripuratenders.gov.in.
All the future modifications/corrigendum(if any) shall be made available in the e-procurement portal. So, bidders are requested to get the update themselves from the procurement portal only.

ICA/C-1718/23

(Sujit Sarkar)
Supdt_of Fisheries
Udaipur (G) Tripura

**মুখ্যমন্ত্রী প্রতিভাশালী পুরস্কার প্রকল্পে আবেদন পত্র আহ্বান**

ত্রিপুরা সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের পক্ষথেকে ক্রীড়াক্ষেত্রে অসামান্য কৃতিত্বের অধিকারী রাজ্যের ক্রীড়াবিদদের উৎসাহিত করার জন্য মুখ্যমন্ত্রী প্রতিভাশালী পুরস্কার প্রকল্পে আর্থিকভাবে পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ১লা এপ্রিল, ২০২০ ইং হইতে ৩১শে মার্চ, ২০২৩ ইং পর্যন্ত সময়কালীন রাজ্যের যে সমস্ত ক্রীড়াবিদ জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে নিম্নলিখিত প্রতিযোগীতায় / সংস্থার অধীন পদক অর্জন করেছেন তাদের স্ব স্ব মহকুমা / জেলা ক্রীড়া দপ্তরে আগামী ২৫ই আগষ্ট, ২০২৩ ইং তারিখের মধ্যে নিম্নলিখিত Proforma অনুযায়ী দরখাস্ত করার আহ্বান করা হচ্ছে।

| SL NO | NAME, FATHER'S NAMES | ADDRESS | CONTACT NO. | GAMES/EVENT | STATE/NATIONAL/ INTERNATIONAL/ SPORTS PERFORMANCE | POSITION | REMARKS |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
|  |  |  |  |  |  |  |  |

আবেদনকারিগনকে অবশ্যই নিম্নলিখিত যেকোনো প্রতিযোগীতায় পদকজয়ী হইতে হইবে ;

১) অলিম্পিক গেমস্
২) এশিয়ান গেমস্
৩) কমনওয়েলথ গেমস্
৪) ন্যাশনেল গেমস্
৫) ন্যাশনেল চ্যাম্পিয়নশীপ organised by Sports Federation affiliated to IOA. (Senior & Junior).
৬) ন্যাশনেল স্কুল গেমস্ organised by School Games Federation of India (SGFI).
৭) খেলো ইন্ডিয়া স্কুল / ইউথ গেমস্ organized by Ministry of Youth Affairs & Sports (MoYAS)/ Sports Authority of India (SAI).
৮) Any other National Level School Games organized by Ministry of Youth Affairs & Sports (MoYAS)/ Sports Authority of India (SAI).

এ ব্যাপারে বিস্তারিত তথ্য যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের নিজস্ব ওয়েবসাইট (http://yas.tripura.gov.in) অথবা মহকুমা / জেলা ক্রীড়া দপ্তর থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

অধিকর্তা
যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর
ত্রিপুরা সরকার

ICA/D-710/23

**EDUCATIONAL NOTIFICATION FOR ADMISSION IN THE CATEGORY OF LATERAL ENTRY IN B.PHARM 2ND YEAR COURSE IN RIPSAT, 2023-24.**

Applications are invited from the qualified candidates of Tripura for admission in **05 (five) number of seats** in *Bachelor of Pharmacy (2nd Year)* course for the academic year 2023-24 in 'Regional Institute of Pharmaceutical Science & Technology' (RIPSAT), Abhoynagar, Agartala, Tripura.

| Sl. No. | Category | Supernumerary Seats | Vacant Seats |
|---|---|---|---|
| 1. | Lateral Entry in Bachelor of Pharmacy 2nd Year Course. | 03 (three) | 02 (two) |

**03 (three) *supernumerary seats*** will be filled up from the students of RIPSAT who hold ***1st, 2nd & 3rd Rank*** respectively in the D.Pharm Final Examination in the preceding year. In case, any rank holder amongst the *1st, 2nd & 3rd rank* are not interested to take admission, then the opportunity will be extended to the next rank holder i.e. the 4th rank holder of D.Pharm Final Examination in the preceding year and likewise.

**02 (two) number** of ***Vacant seats*** will also be filled up from the students of RIPSAT who hold any **rank succeeding first three ranks i.e. 1st, 2nd & 3rd rank** in the D.Pharm Final Examination in the preceding year.

The admission *qualification* for lateral entry to B.Pharm course in RIPSAT will be as per the latest guidelines of Pharmacy Council of India, New Delhi and existing norms of Government of Tripura, if any.

**The application form for eligible candidate shall contain the following particulars**

1. The name of the candidates
2. Fathers Name/ Husbands name
3. Present address/Permanent Address
4. Category
5. Madhyamik Admit Card as a proof of Date of Birth of the candidate.
6. Qualification certificate
7. D.Pharm Mark sheets
8. D.Pharm course completion certificate.
9. Valid Pharmacist Registration Certificate in Original.
10. Permanent Resident Certificate of Tripura

The filled up application with copies of relevant documents as prescribed in the particulars stated above must reach this Directorate on or before **15-08-2023**.

(Prof. (Dr.) H.P. Sarma)
In Charge, Director of Medical Education
Govt. of Tripura

ICA/D-708/23

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণবো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল :- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল : rainbowprintingworks@gmail.com

জাগরণ 5 August 2023, Saturday আগরতলা ৫ আগস্ট, ২০২৩ ইং, ■ ১৯ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার
■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023


# রাজ্যে দুশো হেক্টর জমিতে অয়েল পামের চারা লাগানো হবেঃ মন্ত্রী রতন লাল নাথ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।।** কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা অনুযায়ী আগামী ১৫ আগস্টের মধ্যে রাজ্যে প্রায় দুশো হেক্টর জমিতে অয়েল পাম এর চারা লাগানো হবে। আজ জিরানিয়ার বেলবাড়ির অন্তর্গত শান্তিনগরে ভিলেজে মেগা ওয়েল পাম অভিযানের উদ্বোধন করে এই কথা বলেছেন কৃষি দপ্তরের মন্ত্রী রতন লাল নাথ। এদিন, শান্তিনগরে কৃষক রোশন দেববর্মার জমিতে মন্ত্রী ওয়েল পামের একটি গাছ রোপণ করেন। শ্রী নাথ জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশে সবুজ বিপ্লবের পথে হাঁটছে দেশ। কেন্দ্রের পরিকল্পনা অনুযায়ী রাজ্য অয়েল পামের চাষ শুরু হয়েছে। এর অঙ্গ হিসেবে গত ২৫ জুলাই থেকে আগামী ১৫ আগস্ট পর্যন্ত অয়েল পামের চারা লাগানোর বিশেষ অভিযান চলবে। তিনি আরও বলেন, অয়েল পাম ক্রয় করতে রাজ্যে এগিয়ে এসেছে পতঞ্জলি ফুড লিমিটেড এবং গোদরেজ এগ্রো ভ্যাট লিমিটেড। কৃষিমন্ত্রীর বিশ্বাস অয়েল পাম চাষ রাজ্যের কৃষকদের অর্থনৈতিক সমৃদ্ধির ক্ষেত্রে এক নতুন দিক নির্দেশিত করবে। এদিন, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ কলই, কৃষি দপ্তরের সচিব অপূর্ব রায় সহ অন্যান্যরা।



## ফসল নষ্ট করল দুষ্কৃতিরা

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৪ আগস্ট।।** দুই দিনের ব্যবধানে আবার কৃষকের জমির কষ্টার্জিত ফসল নষ্ট করলো অজ্ঞাত পরিচিত দুষ্কৃতীকারী রা। বৃহস্পতিবার রাতে কল্যাণপুর থানাধীন দ্বারিকাপুর পঞ্চায়েত এর পাঁচ জন প্রান্তিক কৃষকের ঝিঙে ও পটল খেত ধ্বংস করলো দুষ্কৃতীকারী রা। এই আকস্মিক ঘটনায় মাথায় হাত কৃষকদের। ক্ষতিগ্রস্ত কৃষকদের নাম হলো প্রশান্ত দাস, বাবুল দাস, রমণী সরকার, তরণী সরকার এবং সজল চন্দ্র দাস। শুক্রবার সকালে তারা নিজের সব্জি খেতে এসে দেখতে পায় তাদের কি সর্বনাশ হয়েছে। নিজেদের সব্জি খেতের এই অবস্থা দেখে পাঁচ জন কৃষকই মুষড়ে পরেন। পরে কল্যাণপুর থানা এই খবর পেলে ছুটে যান সাব ইন্সপেক্টর প্রেমজিৎ রায়। দুদিন পর পর কারা কোন উদ্দেশ্যে প্রান্তিক কৃষকদের এই ক্ষতি করছে তা নিয়ে পুলিশ ও ধ্বন্দে। যদিও ঘটনাকে কেন্দ্র করে পুলিশী তদন্ত শুরু হয়েছে।

# মেরি মাটি মেরি দেশ : হাইলাকান্দি থেকে দশটি কলস দিল্লি যাবে

হাইলাকান্দি (অসম) ৪ আগস্ট (হি.স.) : আজাদী কা অমৃত মহোৎসবের চূড়ান্ত কার্যসূচী উপলক্ষে গ্রহণ করা মেরি দেশ মেরি দেশ কার্যসূচিতে হাইলাকান্দি জেলার পাঁচটি উন্নয়ন খন্ড থেকে ১০ কলস মাটি দিল্লির কর্তব্য পথে নিয়ে যাওয়া হবে। এর আগে আগামী ২৩ আগস্ট সকাল ৮ টায় হাইলাকান্দি জেলার সব গ্রাম থেকে এক কিলোগ্রাম করে মাটি শোভাযাত্রা সহকারে সংগ্রহ করা হবে। পরদিন ২৪ আগস্ট জেলার উন্নয়ন খন্ডের কার্যালয়গুলিতে মাটি নিয়ে যাত্রা করা হবে। ২৫ আগস্ট উন্নয়ন খন্ড থেকে মাটির কলস নিয়ে গুয়াহাটির শংকর দেব কলা ক্ষেত্র অভিমুখে হাইলাকান্দি থেকে রওনা দেওয়া হবে। এরপর ২৭ অথবা ২৮ আগস্ট এই মাটি নিয়ে রাজ্য পর্যায়ে দিল্লি যাওয়ার ব্যবস্থা করা হবে।হাইলাকান্দিতে শুক্রবার 'মেরি মাটি মেরি দেশ' কার্যসূচি সফল করে তুলতে অনুষ্ঠিত এক বৈঠকে এই কার্যসূচি জানানো হয়। জেলাআয়ুক্ত নিসর্গ হিভারে-র পৌরোহিত্যে অনুষ্ঠিত সভায় এই কার্যসূচি অনুসারে মোট ছয়টি পর্যায়ের সব কয়টি নিয়ে বিশদ আলোচনা করা হয়। এর অঙ্গ হিসেবে জেলার অমৃত সরোবরের তীরে অথবা অমৃত সরোবরের পার্শবর্তী কোন উল্লেখযোগ্য স্থানে শিলাফলোকম নামক একটি তথ্য ফলক আগামী ৮ আগস্ট এর আগে স্থাপন করা হবে। এরপর ৯ থেকে ১৫ আগস্ট পর্যন্ত এই শিলাফলোকমে মাটি হাতে নিয়ে পড়ুয়া, সরকারি কর্মকর্তা এবং আপামর জনসাধারণ সেলফি তুলে ওয়েব সাইটে আপলোড করবেন। এরপর বসুদাবন্ধন নামক কর্মসূচিতে প্রতিটি জিপিতে ৭৫টি করে চারাগাছ লাগানো হবে ৯ থেকে ১৪ আগস্ট এর মধ্যে। পরবর্তী কর্মসূচি 'বীরোকা বন্ধন'-এ শিলাফলকমে স্বাধীনতা সংগ্রামী এবং স্থানীয় শহীদদের নাম সন্নিবিষ্ট করা হবে। ১৫ আগস্ট 'রাষ্ট্রগুণ' নামক কর্মসূচিতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে।স্বদেশপ্রেম ও স্বদেশ ভাবনাকে সুদৃঢ় করতে এইসব কর্মসূচি আয়োজনের পাশাপাশি গত বছরের মত এবছরো হল ঘর তিরাঙ্গা রাজ্য সরকারের নির্দেশে এ বছরও পালন করা হবে বলে সভায় জানানো হয়। সভায় পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কর্মসূচিটির বিশদ ব্যাখ্যা করেন জেলা পরিষদের সিইও জয়দীপ শুক্লা।

## বিদ্যুৎ চপলতায় নাকাল ঋষ্যমুখবাসী

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৪ আগস্ট।।** বিদ্যুৎ চপলতা এ যেন আমাদের ব্যবহারিক জীবনের অন্যতম একটি উপাদান হয়ে দাঁড়িয়েছে, কখন আসবে কখন যাবে স্বয়ং ঈশ্বর ও বোধহয় জানেনা। আবার এটার প্রকার ভেদ ও আছে শহড়ি পরিষেবা, গ্রামীণ পরিষেবা অর্থাৎ শহরে একরকম পরিষেবা গ্রামে আরেক রকম পরিষেবা শহরে কয়েক মিনিট বা ঘন্টার মধ্যে পরিষেবা চালু হয়ে যায় গ্রামে কোথাও একদিন কোথাও দুদিন কোথাও বা আরো বেশি সময় লেগে যায় পরিষেবা ঠিক হতে, এমনি একটি জায়গা হলো ঋষ্যমুখ গ্রামীণ এলাকা, যেখানে না ছিলো ঝড় না কোনো সাইক্লোনিক আবহাওয়া অথচ গত দুইদিন ধরে ঋষ্যমুখ এলাকায় বিদ্যুৎ পরিষেবা নেই। আর এই ফাঁকে গত ২রা আগস্ট রাতে ঋষ্যমুখ দ্বাদশ শ্রেণী বিদ্যালয় থেকে দুই টি সি সি ক্যামেরা চুরি করে নিয়েছে নিশি কুটুমবের দল।চুরির হাত থেকে বিদ্যালয়কে সুরক্ষিত রাখার জন্য বিদ্যালয়ের চার পাশে সি সি ক্যামেরা লাগানো হয়েছে মোট ১১ টি সি সি ক্যামেরা ছিল এর মধ্যে দুইটি নিয়ে যায় অন্য আর একটি নিয়ে যাবার চেষ্টা করা হলেও নিতে পারে নি। গত ৩ রা আগস্ট এই চুরি হওয়ার ঘটনা স্কুল কর্তৃপক্ষের নজরে পড়ে সাথে সাথে পুরো ঘটনা জানিয়ে ঋষ্যমুখ ফাঁড়ি থানায় অভিযোগ করা হয়। যদিও এই বিদ্যালয়ের চারদিকে কোনো বাউন্ডারি ওয়াল নেই সম্পূর্ণ উন্মুক্ত হয়ে আছে, দুর্বৃত্তরা এই সুযোগ কে কাজে লাগিয়ে স্কুলের মূল্যবান জিনিস চুরি করে নিয়ে যাওয়ার প্রশ্নেই এই ঘটনা ঘটিয়েছে বলে মনে করছে বিদ্যালয় কতৃপক্ষ এবং এলাকাবাসীর দাবি শতবর্ষের কাছে যাওয়া এই বিদ্যালয়ের সুনাম রক্ষার এবং নিরাপত্তার জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণ করা একান্ত প্রয়োজন সার্বিক সুরক্ষার জন্য।

# পানীয় জলের দাবিতে পথ অবরোধ বিশালগড়ে

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৪ আগস্ট।।** পানীয় জলের দাবিতে বিশালগড় বাইপাস সড়ক অবরোধ করলো মধ্যলক্ষ্মীবিল গ্রাম পঞ্চায়েতের দুই নং ওয়ার্ডের প্রমিলা বাহিনী। ঘটনার বিবরণে জানা যায় কয়েক মাস আগে রাস্তা মেরামত করতে গিয়ে রাস্তার পাশে থাকা জলের পাইপ লাইন ফেঁটে যায়।যার জন্য বিগত তিন চার মাস ধরে জলের অসুবিধায় ভুগছেন মধ্যলক্ষ্মীবিল পঞ্চায়েতের দুই নং ওয়ার্ডের বাসিন্দারা। দীর্ঘ দিন ধরে উর্ধতন কর্তৃপক্ষকে জানানোর পরেও কোন সাড়া না পেয়ে শুক্রবার দুপুর সাড়ে বারোটায় বিশালগড় বাইপাস সড়ক অবরোধ করেন। এতে রাস্তার দুপাশে প্রচুর গাড়ি আটকে পরে। ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছান বিশালগড় মন্ডলের ভারপ্রাপ্ত মন্ডল সভাপতি তপন দাস।উনি এলাকাবাসী কে দ্রুত জলের সমস্যা সমাধানের আশ্বাস দেন। আশ্বাস পেয়ে রাস্তা অবরোধ প্রত্যাহার করে নেয় এলাকাবাসী। পানীয় জলের দাবিতে বৃহস্পতিবার নবীনগর পঞ্চায়েতের নবীনগর ঢাকারবাড়ি রাস্তা অবরোধ করেছিলেন এলাকার স্থানীয় মহিলারা।পরে ডিডব্লিওএস দপ্তরের হস্তক্ষেপে, দ্রুত পানীয় জলের সমস্যা সমাধানের আশ্বাস দেওয়ার পর রাস্তা অবরোধ মুক্ত হয়।

# আজাদি কা অমৃত মহোৎসব উপলক্ষ্যে 'মেরি মাটি মেরা দেশ' শীর্ষক কর্মসূচী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।।** আজাদি কা অমৃত মহোৎসবের সমাপ্তি উপলক্ষে আগামী ৯ আগস্ট থেকে ৩০ আগস্ট পর্যন্ত সারা দেশে 'মেরি মাটি মেরা দেশ'' শীর্ষক এক অভিযান কর্মসূচি শুরু হচ্ছে। রাজ্যেও এই কর্মসূচী পালনে রাজ্য সরকারের তরফ থেকে সব ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই অভিযানে যাঁদের প্রচেষ্টায় দেশের স্বাধীনতা অর্জিত হয়েছিল তাঁদের বলিদানকে স্বরণ করা হবে। আজ সন্ধ্যায় সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ চক্রবর্তী একথা জানান। সাংবাদিক সম্মেলনে সচিব জানান, এই অভিযানে রাজ্যে স্বাধীনতা সংগ্রামী এবং প্রতিরক্ষা বিভাগ আধাসামরিক বাহিনী ও পুলিশে কর্মরত অবস্থায় দেশের জন্য যাঁরা জীবন বলিদান দিয়েছেন তাঁদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে। তিনি জানান, ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তিকে স্মরণীয় করে রাখতে ২০২১ সালের ১২ মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজাদি কা অমৃত মহোৎসবের সূচনা করেছিলেন। সাংবাদিক সম্মেলনে সচিব জানান, ''মেরি মাটি মেরা দেশ'' অভিযানে স্বাধীনতা সংগ্রামী এবং প্রতিরক্ষা, আধাসামরিক ও পুলিশে কর্মরত অবস্থায় দেশের জন্য যাঁরা জীবন বলিদান দিয়েছেন তাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রতিটি গ্রাম পঞ্চায়েত, ভিলেজ কমিটি, নগর পঞ্চায়েত, পুরপরিষদ, আগরতলা পুরনিগম এলাকায় ''শিলাফলকম'' উৎসর্গ করা হবে। রাজ্যের প্রতিটি গ্রাম ও ওয়ার্ড, গ্রাম পঞ্চায়েত, এডিসি ভিলেজ কমিটি, নগর পঞ্চায়েত, পুরপরিষদ, আগরতলা পুরনিগম এলাকায় এবং রাজ্যস্তরের অনুষ্ঠানগুলিতে অংশগ্রহণকারীরা মাটির প্রদীপ বা এক মুঠো মাটি হাতে নিয়ে পঞ্চপ্রাণে শপথ গ্রহণ করবেন। অংশগ্রহণকারীরা অভিযান সম্পর্কিত তাদের সেলফি নিজেরাই ওয়েবসাইটে আপলোড করবেন। সোশ্যাল মিডিয়াতে শেয়ারযোগ্য ডিজিটাল সার্টিফিকেট ডাউনলোড করা যাবে।

# শিখ-বিরোধী দাঙ্গা মামলায় আগাম জামিন পেলন জগদীশ টাইটলার

নয়াদিল্লি, ৪ জুলাই (হি.স.) : আগাম জামিনের আবেদন মঞ্জুর হল ১৯৮৪ সালের শিখ-বিরোধী দাঙ্গায় অভিযুক্ত বর্ষীয়ান কংগ্রেস নেতা জগদীশ টাইটলারের। দিল্লির একটি আদালত শুক্রবার কংগ্রেস নেতা জগদীশ টাইটলারকে আগাম জামিন দিয়েছে। জগদীশের আগাম জামিনের অর্থ রক্ষাকবচ পেয়ে গেলেন তিনি।

গত মে মাসে ১৯৮৪ সালের শিখ-বিরোধী দাঙ্গায় অভিযুক্ত বর্ষীয়ান কংগ্রেস নেতা জগদীশ টাইটলারের বিরুদ্ধে বিরুদ্ধে চার্জশিট পেশ করেছিল সিবিআই। শনিবারই তাঁর আদালতে হাজিরা দেওয়ার কথা। তার আগে আজ দিল্লির একটি আদালত শুক্রবার কংগ্রেস নেতা জগদীশ টাইটলারকে আগাম জামিন দিয়েছে। ১ লক্ষ টাকার বিনিময়েই এদিনের জামিন পেলেন তিনি। জগদীশের আগাম জামিনের অর্থ রক্ষাকবচ পেয়ে গেলেন তিনি। অর্থাৎ তাঁকে আগামীকাল কোনও ভাবেই গ্রেফতার করা যাবে না।প্রসঙ্গত, নিজের শিখ দেহরক্ষীদের হাতে তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী নিহত হওয়ার পরই শুরু হয় শিখ-বিরোধী দাঙ্গা। সেই দাঙ্গায় অন্তত ৩ হাজার লোক মারা যান। যদিও বেসরকারি হিসেবে কেবল দিল্লিতেই হাজার তিনেক মানুষ দাঙ্গার বলি হয়েছিলেন। গোটা দেশ মিলিয়ে সংখ্যাটা ৮ হাজার। আর এই মামলাতেই অ্যাতম অভিযুক্ত হিসেবে উঠে এসেছে জগদীশ টাইটলারের নাম।এর আগে তিন বার তাঁকে নিষ্কৃতি দিয়েছে সিবিআই। কিন্তু ৭৮ বছরের কংগ্রেস নেতার বিরুদ্ধে নতুন করে প্রমাণ মিলেছে বলে গুঞ্জন। ২০০৪ সালে মনমোহন সিং সরকারে তিনি মন্ত্রী হয়েছিলেন। তবে শেষ পর্যন্ত প্রতিবাদের মুখে পড়ে তাঁকে ইস্তফা দিতে হয়।

# হজ কমিটির বিরুদ্ধে আইনি ব্যবস্থার হুঁশিয়ারি, দাখিল অভিযোগনামা

করিমগঞ্জ (অসম), ৪ আগস্ট (হি.স.) : হজ কমিটির বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়ে প্রায় ৪০০ হাজি লিখিত অভিযোগনামা দাখিল করেছেন অসম রাজ্য হজ কমিটির কাছে। হজ ব্রত পালন করে বাড়ি পৌঁছে মাশুক আহমদ তাপাদার আজ শুক্রবার করিমগঞ্জের মোল্লাগঞ্জে এক সাংবাদিক সম্মেলনে একের পর এক অভিযোগ তুলেছেন।সাংবাদিক সম্মেলনে অত্যন্ত খেদের সঙ্গে একের পর এক অভিযোগ করে মাশুক আহমদ বলেন, এবারের হজ যাত্রীদের দুর্ভোগ চরম পর্যায়ে পৌঁছেছে। হজ কমিটি ঘোষণা করেছিল, গত বছরের তুলনায় এবারের হজ যাত্রীদের এক লক্ষ টাকা কম খরচে হজ পালন করা হবে। অন্যান্য বছর গুয়াহাটি থেকে জেড্ডার বিমান ছিল। কিন্তু এবার গুয়াহাটি ভায়া দিল্লি বিমান থাকায় অন্যান্য যাত্রীদের সঙ্গে হাজিদের যাওয়া ও আসার সময় চরম অসুবিধা ভোগ করতে হয়েছে। আসার সময় দিল্লিতে লটবহর পেয়ে আবার বুকিং করিতে অতিরিক্ত কষ্ট ও হয়রানির শিকার হতে হয়েছে। এঁদের কথা এবং কাজের মধ্যে কোনও মিল নেই। সম্পূর্ণ একটা ধোঁকাবাজি করেছে।তিনি বলেন, গত বছরের তুলনায় এবারের হজ যাত্রীদের অনেক টাকা বেশি নেওয়া হয়েছে। হাজিদের সুবিধার জন্য খাদিমুল হুজ্জাজ পদের ব্যক্তি বিলুপ্তি করার আহ্বান জানান তিনি। কেননা এই ব্যক্তি হাজিদের কোনও সহযোগিতা করেন না। টেলিফোনে যোগাযোগ করলে সমূহ হাজিদের তিনি তাঁদের খাদিমুল হুজ্জাজ বলে অস্বীকার করেন। কমিটির নির্দেশ মতো গ্রুপে থাকা সত্ত্বেও প্রতিটি রুমে সম্পূর্ণ অপরিচিত আরও দুজন মহিলা হাজি সংযুক্ত করে দেওয়া হয়েছে। এটা কতটুকু শরীয়ত সম্মত বলে প্রশ্ন তুলেন তিনি।মাশুক আহমদ বলেন, হজ প্রশিক্ষণের ক্ষেত্রে আরও ভালো করে প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন এবং খাদিমুল হুজ্জাজকে সমূহ হাজিদের সাথে সুপরিচিতি করা একান্ত আবশ্যক। এবারের ৯৬টি গ্রুপের গ্রুপপ্রধানগণ লিখিতভাবে অভিযোগনামা রাজ্য হজ কমিটির কাছে পাঠিয়েছেন। প্রয়োজন সাপেক্ষে আইনি পদক্ষেপ গ্রহণ করার চরম হুঁশিয়ারি দেন ৯৬ গ্রুপ প্রধান সহ ৪০০ হাজি।

## শিক্ষা বিষয়ক আলোচনা সভা ও প্রদর্শনী ঋষ্যমুখে

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ৪ আগস্ট।।** বৃহস্পতিবার ঋষ্যমুখে ব্লক ভিত্তিক টিচার লার্নিং মেথড এর উপর আলোচনা সভা ও প্রদর্শনী অনুষ্ঠিত হয় ,মূল অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় ঋষ্যমুখ দ্বাদশ বিদ্যালয়ের বি আর সি হলে, এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে টিচার লার্নিং মেথড এবং নিপুণ ত্রিপুরা মিশনের কাজকর্ম নিয়ে আলোচনা হয়, আলোচনায় অংশ গ্রহণ করেন প্রাক্তন শিক্ষক জগদীশ দেবনাথ ও ননী গোপাল চক্রবর্তি,এছাড়াও ছিলেন প্রধান শিক্ষক ঋষ্যমুখ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, শ্রী বলরাম সেন সহ আরো অনেকে। আলোচনা সভার পর অনুষ্ঠিত হয় টিচার লার্নিং মেথডের এর উপর প্রদর্শনী। প্রদর্শনী অনুষ্ঠানে ঋষ্যমুখ বিদ্যালয় পরিদর্শনে মোট ৭৬ টি স্কুল অংশ নেয়। সংশ্লিষ্ট বিদ্যালয়ের পক্ষ থেকে মূলত প্রথম শ্রেণী থেকে তৃতীয় শ্রেণী উপযোগী শিক্ষা বিষয়ক শিক্ষণীয় উপকরন প্রদর্শনী করা হয়, এর মধ্যে থেকে পাঁচটি গাণিতিক দিক থেকে এবং পাঁচটি সাহিত্য বিষয় থেকে নির্বাচিত করে। নির্বাচিত শিক্ষণীয় উপকরন জেলা পর্যায়ে ও এই প্রদর্শনীতে অংশ গ্রহণ করবে বলে ঋষ্যমুখ বিদ্যালয় পরিদর্শক জানান।

# ৫,৭০০ কেজি বার্মিজ সুপারি ধ্বংস করেছে জেলা পুলিশ

হাফলং (অসম), ৪ আগস্ট (হি.স.) : ডিমা হাসাও জেলায় বিভিন্ন সময়ে অভিযান চালিয়ে উদ্ধারকৃত বিপুল পরিমাণের বার্মিজ সুপারি জ্বালিয়ে সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে ডিমা হাসাও জেলা পুলিশ।আজ শুক্রবার হারাঙ্গাজাওয়ে ম্যাজিস্ট্রেট বনদ্বীপ রাভা, ডিএসপি বরকারি তেরন ও হাফলং সদর থানার ওসি রঞ্জিত কুমার শইকিয়ার উপস্থিতিতে এই বৃহৎ পরিমাণের বার্মিজ সুপারি জ্বালিয়ে দেওয়া হয়েছে।মিজোরাম থেকে বরাক উপত্যকা হয়ে শিলচর-হাফলং জাতীয় সড়ক পথে বিভিন্ন সময় অবৈধ বার্মিজ সুপারি বহিঃরাজ্যে পাচার করার সময় ডিমা হাসাও জেলার বিভিন্ন স্থানে পুলিশ অভিযান চালিয়ে বার্মিজ সুপারি উদ্ধার করে। বার্মিজ সুপারির সিন্ডিকেট চক্র শিলচর-হাফলং-লামডিং জাতীয় সড়কটি বার্মিজ সুপারি বহিঃরাজ্যে পাচার করার জন্য করিডর হিসেবে ব্যবহার করে আসছে। কিন্তু ডিমা হাসাও পুলিশের তৎপরতায় বিভিন্ন সময়ে এ সব বার্মিজ সুপারি অভিযান চালিয়ে উদ্ধার করতে সক্ষম হয়েছে। আজ শুক্রবার এ সব অবৈধ বার্মিজ সুপারি আগুন দিয়ে জ্বালিয়ে সম্পূর্ণ রূপে ধ্বংস করে দিয়েছে পুলিশ।

# সেবক পাহাড়ে পরপর ধস নেমে ব্যাহত যান চলাচল

ওদলাবাড়ি, ৪ আগস্ট (হি. স.) : সেবক পাহাড়ে পরপর ধস নেমে ব্যাহত হল যানবাহন চলাচল। শুক্রবার সকালে শিলিগুড়ি থেকে ডুয়ার্সগামী ১৭ নম্বর জাতীয় সড়কের করোনেশন সেতু পার করে সেবক পাহাড়ের একাধিক জায়গায় ধস নামে।

এদিনের বিপত্তির শুরু হয় সকাল সাড়ে ন'টা নাগাদ। গনেশ ঝোড়ার কাছে একটি বড় মাপের পাথর পাহাড় থেকে গড়িয়ে রাস্তায় নেমে আসায় বন্ধ হয়ে যায় ওই পথ দিয়ে যানবাহন চলাচল। প্রচন্ড বৃষ্টির মাঝে পাহাড় থেকে পাথর নেমে আসার খবর পেয়ে দ্রুত একটি আর্থমুভার নিয়ে ঘটনাস্থলে পৌঁছে যান মংপং পুলিশ ফাঁড়ির ওসি মঙ্গল সিং লো। ওসি মংপং মঙ্গল সিং লো বলেন, 'পাথর সরিয়ে বেশকিছু সময় পর পুনরায় যানবাহন চলাচল শুরু হয়। কিন্তু তার ঘণ্টা খানেক বাদে ফের ধস নামে করোনেশন সেতু থেকে প্রায় ২০০ মিটার দূরত্বের ডুয়ার্সগামী রাস্তায়। দ্বিতীয়বারের এই ধসে ওদলাবাড়ির একটি ট্রাক ফেঁসে গেলেও কোনওমতে বেরিয়ে আসতে পারেন চালক ও খালাসি। আগে থেকেই ডেকে আনা আর্থমুভার কাজে লাগিয়ে বেশ কিছুক্ষণ চেষ্টার পর ধস পরিষ্কার করে পুনরায় দুপুর ১টা নাগাদ যানবাহন চলাচল শুরু হয় ওই পথ দিয়ে।'

# রাজ্যে বেড়েছে চায়ের উৎপাদন , কমেছে আমদানি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।।** ২০২২-২৩ অর্থবছরে রাজ্যের মধ্যে ৯০ লক্ষ কেজি চা পাতা উৎপন্ন হয়েছে। রাজ্যে মোট ২২ টি চা পাতার ফ্যাক্টরি রয়েছে। আগরতলা কর্পোরেশনের অন্তর্গত দুটি ফ্যাক্টরির মধ্যে ৭ লক্ষ কেজির চা পাতা উৎপন্ন হয়েছে। ফলে রাজ্যে চা পাতার উৎপাদন বৃদ্ধি পাওয়ায় আমদানি কম করতে হচ্ছে। ফলে রাজ্য আর্থিক দিক দিয়ে মজবুত হচ্ছে। শুক্রবার আগরতলা টি কর্পোরেশনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান ত্রিপুরা কর্পোরেশনের চেয়ারম্যান সন্তোষ সাহা। তিনি জানান, চা উৎপাদনের দিকে এ সরকারের সহযোগিতায় ত্রিপুরা কর্পোরেশন বিশেষ গুরুত্ব দিয়ে চলেছে। রাজ্য সরকার বামুটিয়াস্থিত লক্ষীগঙ্গা এবং তেপানিয়ালুঙ্গা নামে দুটি চা বাগান পরিচালনার জন্য কর্পোরেশনকে দায়িত্ব দিয়েছে। বর্তমানে রাজ্যের চা পাতা এখন বাইরে বাজারে পাঠানো হচ্ছে। এছাড়াও চা শ্রমিকদের জন্য বড় সিদ্ধান্ত নিয়েছে বর্তমান সরকার। দীর্ঘদিন ধরে রাজ্যে থাকা চা শ্রমিকদের জমির অধিকার হিসেবে দুই গন্ডা করে জমি বিলি করেছে।এখন পর্যন্ত দুই হাজার শ্রমিক উপকৃত হয়েছে বলে জানান কর্পোরেশনের চেয়ারম্যান। তিনি আরো বলেন, ত্রিপুরা রাজ্য চা উন্নয়ন নিগম ফ্যাক্টরি আধুনিকরণের জন্য এন.ই.এ.সি-র নিকট প্রজেক্ট জমা দিয়েছিল। সেই মোতাবেক সিমনার ব্রহ্মকুণ্ড টি ফ্যাক্টরি আধুনিকরণের জন্য দুই পর্যায়ে ইতিমধ্যে কিছু অর্থ পাওয়া গেছে। প্রথম পর্যায়ে ২ কোটি ৩ লক্ষ টাকা এবং দ্বিতীয় পর্যায়ে ৯৮ লক্ষ টাকা পাওয়া গেছে। ব্রহ্মকুন্ড টি ফ্যাক্টরি আধুনিকরণের জন্য গ্রামোন্নয়ন দপ্তরকে দায়িত্ব দেওয়া হয়েছে। গ্রাম উন্নয়ন দপ্তর ইতিমধ্যে টেন্ডার ডেকেছে। পাশাপাশি মাছমারাতে নতুন করে একটি মিনি টি ফ্যাক্টরি করা হচ্ছে। সেখানে ইতিমধ্যে ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে। ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমকে সেই কাজের দায়িত্ব দেওয়া হয়েছে। আগস্ট মাসের মধ্যে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম এই কাজের জন্য টেন্ডার ডাকবে। শুক্রবার ত্রিপুরা চা উন্নয়ন নিগমের কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করে এই সংবাদ জানান ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সন্তোষ সাহা। সাংবাদিক সম্মেলনে তিনি আরো জানান খাদ্য দপ্তরের সহায়তায় ২০১৯ সাল থেকে সরকারি ন্যায্য মূল্যের দোকানের মাধ্যমে চা পাতা সরবরাহ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রথমদিকে আগরতলা শহরের রেশনশপ গুলিতে ১০০ গ্রাম ওজনের চা পাতার প্যাকেট সরবরাহ করা হয়েছিল। বর্তমানে সমগ্র রাজ্যের রেশন শপ গুলিতে ত্রিপুরেশ্বরী ব্র্যান্ডের চা পাতা সরবরাহ করা হচ্ছে। বর্তমানে প্রতি মাসে ২৫ হাজার কেজি চা পাতার চাহিদা রয়েছে। বছরে তিন লক্ষ কেজি চা পাতা সরকারি ন্যায্য মূল্যের দোকানের মাধ্যমে মানুষের কাছে পৌঁছে যাচ্ছে বলেও জানান তিনি। আয়োজিত সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন কর্পোরেশনের এম.ডি মানিক লাল দাস সহ অন্যান্যরা।




# স্মার্ট সিটিকে যানজট মুক্ত করতে উদ্যোগ ট্রাফিক পুলিশের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ আগস্ট।।** স্মার্ট সিটিতে যানজট মুক্ত করতে এবার কঠোর হল ট্রাফিক পুলিশ। আগরতলা শহরে শুক্রবার সকাল থেকেই চলে ট্রাফিক পুলিশের অভিযান। এদিন সকাল থেকেই রাস্তার পাশে বেআইনিভাবে পার্কিং করা বাইক ও গাড়িতে পাঁচ শতাধিক টাকা জরিমানার স্টিকার লাগিয়ে দেয় ট্রাফিক পুলিশ। শহর এলাকার বহু মানুষ বিলাসবহুল গাড়ি ক্রয় করে রাস্তার পাশে সরকারি জমি দখল করে দিনরাত গাড়ি ফেলে রাখছে। এতে করে বড় সমস্যা হলো ট্রাফিক জ্যাম দিন দিন শহরে বাড়ছে। অপরদিকে, বাড়ছে রাতের বেলা দুর্ঘটনা।



তাই এবার শহরে রাস্তার পাশে যত্রতত্র গাড়ি পার্কিং এর বিরুদ্ধে ট্রাফিকের স্পেশাল এনফোর্সমেন্ট টিম দ্বারা নেওয়া হয়েছে কঠোর পদক্ষেপ। শুক্রবার জগন্নাথ বাড়ি রোড, মোটরস্ট্যান্ড এলাকা সহ বিভিন্ন জায়গায় রাস্তার পাশে বেআইনিভাবে পার্কিং করা গাড়িতে জরিমানার স্টিকার লাগিয়ে দেওয়া হয়েছে। আপাতত প্রথমবার ৫০০ টাকার করে জরিমানা করা হয়েছে গাড়ি ও বাইকের মালিকদের। তারপর তারা যতবারই বেআইনি পার্কিং করবে তার দ্বিগুণ করে জরিমানা করা হবে। অভিযানে থাকা ট্রাফিক ডিএসপি প্রণব দাস জানিয়েছেন, শুক্রবার সকাল থেকে মোটর স্ট্যান্ড সহ শহরের ব্যস্ততম সড়কগুলিতে অভিযান চালানো। অভিযানে যাত্রীবাহী গাড়ি, বাইক এবং প্রাইভেট গাড়ির বিরুদ্ধে বেআইনি পার্কিংয়ের জন্য জরিমানা করা হয়েছে। কারণ বিভিন্নভাবে যত্রতত্র পার্কিং না করতে সচেতনমূলক কর্মসূচি করার পরেও তারা পরিবহন আইন লঙ্ঘন করছে। তাই এদিন প্রথম পর্যায়ে পাঁচ শতাধিক টাকা জরিমানা করা হয়েছে। দ্বিতীয়বার একই গাড়িকে যদি জরিমানা করতে হয় তাহলে এর দ্বিগুণ করা হবে। এবং সেই জরিমানা সঠিক সময়ের মধ্যে পরিশোধ করতে হবে গাড়ির মালিকদের। তবে শহরবাসী দাবি এ ধরনের অভিযান শুধু লোক দেখানো না করে নিয়মিত জারি রাখার জন্য। কারণ গাড়ি রাখার জন্য ব্যবস্থা না করে বহু প্রভাবশালী ব্যক্তি একাধিক গাড়ি কিনে রাস্তায় পাশে কভার দিয়ে ঢেকে দিনের পর দিন গাড়ি ফেলে রাখে। এতে করে পথচারীদের সমস্যা হলেও ভ্রুক্ষেপ নেই গাড়ির মালিকদের এবং প্রশাসনের। শহরে প্রধান সড়ক সহ অলিগলি সমস্ত রাস্তায় একই অবস্থা। রাতের বেলাও বাড়ছে দুর্ঘটনা। নিয়মিত এভাবে অভিযান চালিয়ে জরিমানা করলে হয়তো হুশ ফিরবে রাস্তার পাশে দাঁড় করিয়ে রাখা গাড়ির মালিকদের। পার্কিং -এর ব্যবস্থা না করে গাড়ি ক্রয় করে মানুষের দুর্ভোগে করার কোন মানে হয় না। এর ভুক্তভোগী শহরবাসী।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।